

# উত্তরবঙ্গের আত্মার আত্মীয়



» **9** 

স্বামীকে খুন করিয়েছেন সোনম

মেঘালয়ে মধুচন্দ্রিমায় গিয়ে সোনম রঘবংশী তাঁর ব্যবসায়ী স্বামী রাজা রঘুবংশীকে ভাড়াটে খুনি দিয়ে খুন করিয়েছেন। গাজিপুর থেকে বাঁড়িতে ভিডিও কল করতেই ধরা পড়ে যান তিনি।

ভিড়ে ঠাসা ট্রেন থেকে পড়ে মৃত ৫ ট্রেনে বাদুড়ঝোলা ভিড়। দরজায় ঝুলে যেতে গিয়ে চলন্ত ট্রেন থেকে ছিটকে পড়ে মৃত্যু হল অন্তত পাঁচজনের। ঘটনাটি ঘটে মুম্বই

থেকে থানের কসারা যাওয়ার পথে একটি লোকাল ট্রেনে।

**৩৯°** ২৮° ৩৯° সব্যোচ্চ স্বনিদ্ন স্বোচ্চ ২৮° ৩৬° ২৬° ৩৭° ২৭° শিলিগুড়ি

ইজরায়েলি সেনার হেপাজতে থুনবার্গ ত্রাণবাহী জাহাজকে গাজায় যেতেই দিল না ইজরায়েলি সেনা।

পরিবেশ কর্মী গ্রেটা থুনবার্গ সহ জাহাজের সব ক্রুকে আটক করেছে ইজরায়েলের সেনা।

২৬ জ্যেষ্ঠ ১৪৩২ মঙ্গলবার ৫.০০ টাকা 10 June 2025 Tuesday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 23

# লাঠি, বাঁশ নিয়ে পুলিশের উপর চড়াও

বাইক ছিনিয়ে নিতে শনিবার গভীর রাতে বাঁশ ও লাঠি নিয়ে পুলিশের উপর চডাও হল একদল মদ্যপ তরুণ। পুলিশকে লক্ষ্য করে ইটবৃষ্টি হল। হামলায় গুরুতর জখম হন মানিকচক থানার পুলিশের এএসআই কৃষ্ণ মণ্ডল। তাঁর ডান হাতে আঘাত লেগেছে। পরে মানিকচক থানা থেকে পুলিশের বিশাল বাহিনী তল্লাশি চালিয়ে অভিযক্তদের ধরপাকড শুরু করে। শনিবার রাতেই অভিযুক্তদের মধ্যে দুজনকে গ্রেপ্তার করে পুলিশ। তবে মূল অভিযুক্তরা পলাতক। যদিও সমস্ত ঘটনাটি কার্যত ধামাচাপা দেওয়ার চেষ্টা করে পুলিশ। এমন कान घरोन घरोन वेतन रकारन

कथाय कथाय

লোকে ভুলে

গিয়েছে,

আজ খুব

কম্টে সিপিএম

আশিস ঘোষ

সেই আদিবাসী কল্যাণ, অপারেশন

বুগা, সব লোকে ভুলে গিয়েছে।

সিপিএমের কথা বলছি। সিপিএমের

নতুন সাধারণ সম্পাদক জানাচ্ছেন,

মানুষ আমাদের ভুলেছে। কারণ

আমরাই তাদের ভুলতে দিয়েছি।

তিন রাজ্যে বামফ্রন্ট সরকার কী কী

করেছিল, তা ভালো করে এতদিন

বলা হয়নি। তাই লোকেরও আর

মনে নেই। এজন্যই পার্টি দূরে সরে

গিয়েছে। যে দরিদ্র শ্রমিক কৃষকদের

জন্য এই পার্টি, তারাই আর

সিপিএমের কথা বলে না, আক্ষেপ

দিনে ক্ষইতে ক্ষইতে এখন প্রায়

একটা বিন্দু, কষ্ট করে খুঁজতে হয়।

তিন রাজ্যের দখল এখন দক্ষিণের

কেরলে গিয়ে ঠেকেছে। পশ্চিমবঙ্গ,

ত্রিপরা নাগালের বাইরে। সব গুরুত্ব

হারিয়েছে তারা। এই অবস্থায় কী

করণীয় তা ঠিক করতে দলের

কেন্দ্রীয় কমিটির বৈঠক বসেছিল।

সেখানে আরও পাঁচ রকম কথার

মধ্যে উঠে এসেছে পার্টির সারা দেশে

প্রসারের কথা। সাধারণ সম্পাদকের

উপলব্ধি, পার্টি বাড়ানোর কোনও

জাদুদণ্ড নেই। আমাদের জনগণের

সঙ্গে থাকতে হবে। তাদের মনে

করিয়ে দিতে হবে, একদা সিপিএম

তাদের জন্য কত কী করেছে।

আমরাই তাদের আসল কাছের

কর্মসূচির কোনও অভাব হয়নি। তা

সে করার মতো লোকলস্কর না-ই

থাকুক। এবারেও নানারকম কর্মসূচি

হবে বলে জানিয়েছে তারা। তারই

একটা হল, সাবা দেশে সংগঠন

বাড়ানো। আগামী এক মাসের মধ্যে

জেলায় জেলায় দলের কথা প্রচার

করতে সভা করা হবে। সেইসঙ্গে

বলা হবে বাম রাজত্বে কী সুখে ছিল

জনগণ। বোঝাতে হবে সিপিএম

ছাড়া আর কেউ গরিবদের কথা

ভাবে না, বলে না। দল বাড়াতে

যেখানে যতটুকু পার্টি এখনও

অবশিষ্ট আছে, সেখানে চেষ্টা করতে

হবে। দেখতে হবে. আর যেন দল

ক্ষয়ে না যায়। *এরপর দশের পাতায়* 

সাতে-পাঁচে নেই,

কারও সঙ্গেও নেই

আমরা 🌃

একল

সিপিএমের কোনও সুময়েই

কথাটা উঠেছে সিপিএমের

ঝরে পড়েছে তাঁর কথায়।

হেথা কেহ তো

বলে না। এ গভীর

মনোবেদনার কথা।

সবাই ভলে মেরে

দিয়েছে। সেই ভূমি

পঞ্চায়েত ব্যবস্থা,

আধিকারিক। সোমবার এই ঘটনার মানিকচক, ৯ জুন: আটক করা পরিপ্রেক্ষিতে সুয়োমোটো মামলা রুজু করেছে পুলিশ। এই ঘটনার পরিপ্রেক্ষিতে মোঁট ২১ জনের নামে বেশ কয়েকটি জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করে মানিকচক থানার

> মানিকচকের নাজিরপুর পশ্চিমপাড়ায় কীর্তনের আসরকে কেন্দ্র করে মেলা বসেছে। শনিবার গভীর রাতে সেই মেলায় দুই দল বাধে। তরুণের মধ্যে ঝামেলা থামাতে গেলে কীর্তন কমিটির লোকজনের উপর চড়াও হয় একদল মদ্যপ। পরিস্থিতি সামাল দিতে মানিকচক থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলে একটি বাইক ছেড়ে চম্পট দেয় অভিযুক্তরা।



বাইকটি পুলিশ থানায় নিয়ে যাবে, এমন আঁচ করে শনিবার গভীর

কর্বছিল। পুলিশের কাছ থেকে বাইকটি ছিনিয়ে নেওয়ার পরিকল্পনা

গার্ডরেল দিয়ে রাস্তা আটকে রাখে তারা। অভিযোগ, গভীর রাতে পুলিশ নাজিরপুর নিমতলায় কাছে আসতেই পুলিশের গাড়ি লক্ষ্য করে ইউবৃষ্টি শুরু হয়। লাঠি ও বাঁশ নিয়ে দম্বতীরা চড়াও হয় পুলিশের উপর। ওই সময় ইটের আঘাতে গুরুতর আহত হন ওই এএসআই। তবে পুলিশের কাছ পারেনি হামলাকারীরা।

দ্রুত ঘটনাস্থলে আসে মানিকচক বিশাল পুলিশবাহিনী। মানিকচক থানার মেজৌবাবু রাকেশ বিশ্বাসের নেতৃত্বে বিশাল বাহিনী তল্লাশি চালাতে থাকে আশপাশের এলাকায়। রাতেই অলোক মাঝি রাতে নাজিরপুর-নিমতলা রাজ্য ছিল তাদের। রাজ্য সড়কের পাশে ও শুভঙ্কর মণ্ডল নামে দুজনকে সড়কে ওই অভিযুক্তরা অপেক্ষা মজুত করা প্যান্ডেলের বাঁশ ও গ্রেপ্তার করা হয়। তবে এই ঘটনায়

মূল অভিযুক্ত নাজিরপুর নিমতলার বাসিন্দা মহাদেব মণ্ডল, শিবা মণ্ডল, করণ মণ্ডল এখনও অধরা। ঘটনার পর থেকেই উধাও সকলে। মূল অভিযুক্ত তিনজনের বিরুদ্ধেই এর আগে পলিশের খাতায় একাধিক মামলা রুজু আছে।

নাজিরপুর কীর্তন কর্মকর্তা সায়ন দাস বলেন, 'শনিবার থেকে বাইকটি ছিনিয়ে নিয়ে যেতে রাতে আমাদের কীর্তনের মেলায় দুই দলের মধ্যে ঝামেলা বাধে। আমরা থামাতে গেলে আমাদের উপর চড়াও হয় নিমতলার কয়েকজন। পুলিশ এলে একটা বাইক ছেড়ে তারা চম্পট দেয়। শুনেছি, সেই বাইক ছিনিয়ে নিতে রাতে নিমতলার কাছে পুলিশের উপর হামলা চালায় তারা। আমরা পলিশকে সবরকম সাহায্য করব বলে কথা দিয়েছি।



আবার ইউরোপ সেরা হওয়ার উল্লাস। উয়েফা নেশনস লিগের ফাইনালে পর্তুগাল জার্সিতে স্পেনকে হারানোর পর রোনাল্ডো। মিউনিখে। -এএফপি

# জাল আধার তৈরি কীভাবে, তদন্ত শুরু

# াজেলে সংসার १९लाएन भेएत



গৌতম দাস

বছর ধরে এভাবেই চলছিল। এর মধ্যেই জাল আধার কার্ড বানিয়ে নিয়েছিল তারা। তবে শেষে পুলিশের জালে ধরা পড়ে যায় ৩ বাংলাদেশি। যদিও বেশ কয়েকজন পুলিশের क्रांट्य धूटना मिरत्र शानिस्त्र यात्र। তাদের খোঁজে তল্লাশি শুরু হয়েছে। কীভাবে বাংলাদেশিরা জাল আধার গাজোল থানার পুলিশ।

সোমবার গাজোল-২ গ্রাম পঞ্চায়েত গ্রেপ্তার করল গাজোল থানার পুলিশ। প্রাথমিক জিজ্ঞাসাবাদে ধতরা স্বীকার বাসিন্দা। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা স্বীকার করেছে যে, বছর দশেক আগে অবৈধভাবে ভারতে প্রবেশ কাছে বৈধ কোনও কাগজপত্ৰ বা পাসপোর্ট নেই।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, সূত্র তল্লাশি চালাচ্ছে পুলিশ। ধৃতদের

মারফত খবর পেয়ে এদিন রসিকপুর বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু এলাকায় অভিযান চালায় পুলিশ। করে পুলিশ এদিন আদালতে পেশ সীমান্ত আটক করা হয় মহম্মদ মণিরুল পেরিয়ে গাজোলে ঢুকে দিব্যি সংসার আলি (৩৪), মহম্মদ রুহুল আলি পেতে বসেছিল বাংলাদেশিরা। ১০ (২৭) এবং মহম্মদ সমির আলি (২৪)-কে। তিনজনেরই বাবার নাম আব্দুল হাই। পুলিশি জিজ্ঞাসাবাদে তারা জানিয়েছে, তাদের বাড়ি বাংলাদেশের রংপুর বিভাগের অনুপ্রবেশকারীরা ঠাকুরগাঁও জেলার রাউতনগর গ্রামে। এরপরই তাদের গ্রেপ্তার করে নিয়ে

আসা হয় থানায়।

এলাকার বিভিন্ন মানুষের সঙ্গে কার্ড বানায়, তাও খতিয়ে দেখছে কথা বলে জানা গিয়েছে, ধৃতরা বছর দশেক আগে মুড়িয়াকুগু এলাকায় সূত্র মারফত খবর পেয়ে বসবাস শুরু করেছিল। এরপর চিহ্নিত করে বিতাড়ন করার কাজ প্রায় পাঁচ বছর ধরে তারা রসিকপুর রসিকপুর এলাকায় এলাকায় বসবাস শুরু করে। অভিযান চালিয়ে তিন বাংলাদেশিকে মূলত চাষবাস করেই তারা সংসার চালাত। তবে ধৃতরা ভোটার কার্ড তৈরি করতে না পারলেও আধার করেছে, তারা সকলেই বাংলাদেশের কার্ড বানিয়ে ফেলেছিল। কীভাবে ভোটার কার্ড তৈরি করে দেওয়ার তারা আধার কার্ড বানাল, তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। সূত্রের এইরকম একটা অভিযোগ এসেছিল। খবর, তাদের সঙ্গে আরও পাঁচ-করে তারা বসবাস করছে। তাদের সাতজন মহিলা ছিল। সুযোগ বুঝে তারা এলাকা ছেড়ে পালিয়েছে। ওই মহিলাদের সন্ধানে বিভিন্ন এলাকায় অর্মিলা রাজবংশী বলেন,

বসিকপর এলাকা থেকে তিন বাংলাদেশি গ্রেপ্তার হওয়ায় অবাক হননি বিধায়ক চিন্ময় দেববর্মন। চিন্ময়বাবুর বক্তব্য, পশ্চিমবঙ্গের প্রায় প্রতিটি এলাকাতেই এই ধরনের বহালতবিয়তে বসবাস করছে। গাজোল ব্লকের বিভিন্ন এলাকায় এই ধরনের প্রচুর অনপ্রবেশকারী রয়েছে। এরা তৃণমূলের ভোটব্যাংক। তাই যত্নের সঙ্গে তৃণমূল এদের লালনপালন করে। গোটা দেশে যখন অনুপ্রবেশকারীদের চলছে, সেই সময় আমাদের রাজ্যে অনুপ্রবেশকারীদের স্যোগস্বিধা প্রদান করছে তণ্মল। তাদের অবৈধভাবে আধার কার্ড, র্যাশন কার্ড, ড্রাইভিং লাইসেন্স বা কাজ করছে তৃণমূল। আমার কাছেও তবে এক্ষেত্রে পুলিশ ভালো ভূমিকা পালন করেছে।

গাজোল-২ গ্রাম পঞ্চায়েত প্রধান

এরপর দশের পাতায়

শুভঙ্কর চক্রবর্তী

শিলিগুড়ি, ৯ জুন : ছাত্র ভিসা নিয়ে ভারতে এসে আইন ভেঙে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মাস কমিউনিকেশন বিভাগে 'গেস্ট ফ্যাকাল্টি' হিসাবে চাকরি করছেন এক বাংলাদেশি তরুণ। সেই তথ্য প্রকাশ্যে আসতেই হইচই পড়ে গিয়েছে সর্বত্র। অভিযুক্তের নাম শান ভৌমিক। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের নথি অনুসারে, দুই বছরের ছাত্র ভিসা নিয়ে বিশ্ববিদ্যালয়ের মাস কমিউনিকেশন বিভাগে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেন তিনি। সম্প্রতি সেই ভিসার মেয়াদ বৃদ্ধি হয়েছে। ছাত্র ভিসায় পড়তে আসা একজন বিদেশি নাগরিককে কীভাবে গেস্ট ফ্যাকাল্টি হিসাবে নিয়োগ করল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, তা নিয়ে উঠেছে প্রশ্ন।

বিশ্ববিদ্যালয় কমিশনের নিয়ম অনুসারে স্নাতকোত্তর স্তরে শিক্ষকতার জন্য নেট বা সেট পাশ করা বাধ্যতামূলক। থাকতে হবে পিএইচডি ডিগ্রিও।

সেই সব যোগতো না থাকা সত্ত্বেও স্নাতকোত্তর উত্তীর্ণ একজন ছাত্রকে গেস্ট ফ্যাকাল্টি হিসাবে নিযুক্ত করায় শোরগোল পড়েছে ক্যাম্পাসে। গোটা ঘটনায় মাস কমিউনিকেশনের বিভাগীয় প্রধান বরুণ রায়ের ভূমিকা নিয়ে উঠেছে প্রশ্ন। অভিযোগ, গেস্ট ফ্যাকাল্টি হিসাবে নিয়োগের জন্য কোনও বিজ্ঞপ্তি দেওয়া হয়নি বা ইন্টারভিউ নেওয়া হয়নি। বিশ্ববিদ্যালয়ে বিদেশি পড়য়াদের বিষয়টি দেখভাল করার দায়িত্বে রয়েছেন জয়েন্ট রেজিস্টার স্বপনকুমার রক্ষিত। তাঁর বক্তব্য, 'মাস কমিউনিকেশনের পাঠ শেষ করে ছাত্র ভিসার মেয়াদ বাড়িয়ে শান ভৌমিক সম্ভবত উইমেন স্টাডিজ বিভাগে ফের ভর্তি হয়েছেন। তবে তাঁকে কীভাবে গেস্ট ফ্যাকাল্টি করা প্রধান হল সেই বিষয়টি খতিয়ে দেখা হবে। বিভাগীয় প্রধানের সঙ্গে আলোচনা করে যাবতীয় নথি যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।'

যোগ্যতা না থাকা সত্ত্বেও আইন

ভেঙে শিক্ষকতা করা নিয়ে এক এক সময় এক এক কথা বলেন শান। প্রথমে গেস্ট ফ্যাকাল্টি হিসাবে পড়ানোর কথা তিনি স্বীকার করে নেন। পরে বলেন, 'চাকরি করি না। প্রাক্তন ছাত্র হিসাবে এক বছর আগে স্বেচ্ছায় কিছু ক্লাস নিয়েছিলাম।' ভিসা সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসা করতেই ফোন কেটে দেন তিনি। শান অস্বীকার করলেও বিশ্ববিদ্যালয়ের অর্থ বিভাগের নথি বলছে, গত এপ্রিল মাসেও গেস্ট ফ্যাকাল্টি

#### যেখানে প্রশ্ন

■ ছাত্র ভিসা নিয়ে ভারতে আসেন শান

> 🔳 উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মাস কমিউনিকেশন বিভাগে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করেন

 বর্তমানে 'গেস্ট ফ্যাকাল্টি' হিসাবে মাস কমিউনিকেশন বিভাগেই পড়াচ্ছেন তিনি

 ছাত্র ভিসায় আসা বিদেশি নাগরিককে কীভাবে চাকরিতে নিয়োগ তা নিয়ে উঠেছে প্ৰশ্ন

হিসাবে ২৫টি ক্লাস নিয়েছেন শান। সেই হিসাবে তালিকা তৈরি করে তাঁর নামে ১২,৫০০ টাকার সাম্মানিক বিল অর্থ বিভাগে পাঠিয়েছেন বরুণ। বিশ্ববিদ্যালয়ের অর্থ আধিকারিককে লেখা চিঠিতে মাস কমিউনিকেশনের বিভাগীয় 'ভিজিটিং ফ্যাকাল্টি'-এর বাজেট হেড থেকে সাম্মানিক প্রদানের অনুরোধ করেছেন।

গেস্ট ফ্যাকাল্টি হিসাবে মাসের পর মাস শানের সাম্মানিকের জন্য এরপর দশের পাতায়

### ভাতায় কাঁটা, নিয়োগে স্বস্তি রাজ্যের

রিমি শীল

কলকাতা, ৯ জুন: এসএসসি'র নিয়োগ প্রক্রিয়ায় আপাতত স্বস্তি রাজ্যের। নিয়োগের বিজ্ঞপ্তিকে জানিয়ে দায়ের করা মামলায় হস্তক্ষেপ করল না হাইকোর্ট। কিন্তু খানিকটা হলেও কাঁটা হয়ে রইল স্প্রিম কোর্টের রায়ে চাকরিচ্যুত গ্রুপ-সি ও গ্রুপ-ডি ক্যাটিগোরির শিক্ষাকর্মীদের ভাতা দেওয়ার সিদ্ধান্তে। চূড়ান্ত নির্দেশ কিছ না দিলেও রাজ্য সরকারের ওই ভাতা দেওয়ার বিজ্ঞপ্তি নিয়ে প্রশ্ন তুলেছে হাইকোর্ট।

আদালতের নির্দেশে যাঁদের চাকরি গিয়েছে, তাঁদের জনুগণের টাকায় ভাতা দেওয়া যায় কি না. প্রশ্ন তুলেছেন বিচারপতি অমৃতা সিনহা। কিন্তু এসএসসি'র নিয়োগ প্রক্রিয়ায় এখনই হস্তক্ষেপ করতে রাজি হলেন না বিচারপতি সৌগত ভট্টাচার্য। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে শিক্ষক নিয়োগের ওই বিজ্ঞপ্তি দিয়েছিল এসএসসি। কিন্তু সেই বিজ্ঞপ্তিতে বেশ কিছু ত্রুটির উল্লেখ করে মামলা দায়ের হয়।

এই মামলায় হস্তক্ষেপ না করলেও হাইকোর্টের মনোভাবে অনিশ্চিত হয়ে গেল ২০১৬ সালে নিযুক্ত শিক্ষাকর্মীদের ভাতার ভবিষ্যৎ। যাঁদের চাকরি স্প্রিম কোর্ট বাতিল করে দেওয়ার পর রাজ্য সরকার ভাতা দেবে বলে বিজ্ঞপ্তি দিয়েছে। বাড়িতে বসেই গ্রুপ-সি কর্মীরা ২৫ ও গ্রুপ-ডি কর্মীরা মাসে ২০ হাজার করে ভাতা পাবেন ওই বিজ্ঞপ্তি অন্যায়ী। সেই বিজ্ঞপ্তিই সোমবার বিচারপতি অমৃতা সিনহার প্রশ্নের মুখে পড়ল।

রাজ্য সরকারের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে মামলা করেছিলেন এরপর দশের পাতায়

### আশ্রমে যৌন নিগ্ৰহ, পালাল ৫ কিশোরী

প্রণব সূত্রধর ও মোস্তাক মোরশেদ হোসেন

আলিপুরদুয়ার ও বীরপাড়া, ৯ জুন : রবিবার মধ্যরাতে বীরপাড়ার দিনবাজার এলাকায় নাবালিকাকে ঘোরাঘুরি করতে দেখেন টহলরত তাদের উদ্ধার করে সিডব্লিউসি'র হাতে তুলে দেওয়া হয়। তাদের বয়স ৯ বছর থেকে ১৭ বছরের মধ্যে। জিজ্ঞাসাবাদের উত্তরে ওই নাবালিকারা জানিয়েছে. তারা সকলেই বীরপাড়ার একটি আশ্রমের আবাসিক। গভীর রাতে এভাবে তারা আশ্রম ছেড়ে পালিয়ে গেল কেন? উত্তরে উঠে আসছে আশ্রমে হেনস্তার অভিযোগের কথা। যদিও সেই আশ্রম কর্তৃপক্ষ অভিযোগ অস্বীকার করেছে।

#### যা ঘটেছে

 বড়হাওদা এলাকার আশ্রমে আবাসিকরা পড়াশোনা করে

 সেখান থেকে রবিবার রাতে পালিয়ে যায় ৫ জন

💶 তারাই আশ্রম কর্তৃপক্ষের বিৰুদ্ধে বিভিন্ন অভিযোগ এনেছে

 খাবার নিয়ে অভিযোগের পাশাপাশি উঠেছে যৌন নিগ্রহের কথাও

■ অভিযোগ মানতে নারাজ

আশ্রম কর্তৃপক্ষ বীরপাড়া থানা সূত্রের খবর, ওই নাবালিকাদের দিনবাজার এব<u>ং</u>

ক্ষুদিরামপল্লি এলাকায় ঘোরাঘুরি করতে দেখা গিয়েছিল। খবর পেয়ে দ্রুত মেয়েগুলিকে উদ্ধার করে পুলিশ। বীরপাড়া থানার ওসি নয়ন দাস বলেন, 'যাবতীয় প্রক্রিয়া শেষে সোমবার সকালে ওই নাবালিকাদের চাইল্ড ওয়েলফেয়ার কমিটির হাতে তলে দেওয়া হয়। বিষয়টি নিয়ে চাইল্ড ওয়েলফেয়ার কমিটি তদন্ত সিডব্লিউসির চেয়ারম্যান অসীম

বসু বলেন, 'নাবালিকা উদ্ধারের বিষয়টি সামনে আসার পর জেলা প্রশাসন ও পুলিশের তরফে পূর্ণাঙ্গ তদন্ত শুরু হয়েছে। সেই নাবালিকাদের আপাতত হোমে রাখা হয়েছে।'

বীরপাড়া থানা সূত্রে জানা গিয়েছে, ওই আশ্রমটি বীরপাড়ার বড়হাওদা এলাকায় রয়েছে। প্রাথমিক কাউন্সেলিংয়ের পর নাবালিকাদের অভিযোগ শুনে চক্ষু চড়কগাছ সরকারি কর্তাদের। অভিযোগ. সেই আশ্রমে নাবালিকাদের দিয়ে হাত-পা টেপানো হত। চলত আরও নানা ককর্ম। তবে তদন্ত চলছে বলে এখনই এই বিষয়ে বিস্তারিত কিছু বলতে নারাজ প্রশাসনের কর্তারা।

এরপর দশের পাতায়

# ক কাণ্ডে ফেরারকে নিয়ে হইচই, বিদ্ধ নেই।' পিন্টু বর্তমানে দলের কোনও সভাপতির কোনও পদে রয়েছেন কি

রাজু হালদার

গঙ্গারামপর, ৯ জন: আগ্নেয়াস্ত্র নিয়ে হুমকি কাণ্ডে ফেরারকে নিয়ে শাসক ও বিরোধী শিবিরে জোর তর্জা শুরু হয়েছে।

আগ্নেয়াস্ত্র নিয়ে ব্যবসায়ীকে হুমকি দেওয়ার অভিযোগে মূল অভিযুক্ত পিন্টু ঘোষ। তিনি ও তাঁর সহযোগী আপাতত ফেরার। পিন্টু তৃণমূল নেতা বলে স্থানীয় মহলের অভিযোগ। তবে এনিয়ে হইচই শুরুর পর থেকেই শাসক শিবির বেশ সাবধানি। ওই ব্যক্তি দলের কোনও নেতৃত্বেই নেই বলে ঘাসফুল শিবিরের দাবি। অন্যদিকে, ফেরার পিন্টু তৃণমূলেরই বলে বিজেপি দাবি জানিয়েছে। এছাড়া, ঘাসফুল শিবির যাই দাবি করুক না কেন, ওই ব্যক্তিকে তৃণমূলের বিভিন্ন কর্মসূচিতে দেখা যেত বলে স্থানীয় বাসিন্দারা

সহ নানা কাণ্ডে অভিযুক্ত বলেও দাবি উঠেছে। এই ঘটনায় গঙ্গারামপুর থানার ভমিকাতে উঠছে প্রশ্ন। কোথা থেকে গঙ্গারামপুরে অস্ত্র ঢুকছে, সেই অস্ত্র স্থানীয়দের হাতেই বা কীভাবে আসছে, তার উত্তর দিতে পারেনি

গত শনিবার গঙ্গারামপুর শহর সংলগ্ন বেলবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় ৫১২ জাতীয় সড়কের পাশে অবস্থিত এক ব্যবসায়ীর দোকানে পিন্টু আগ্নেয়াস্ত্র নিয়ে হুমকি দেন বলে অভিযোগ ওঠে। এরপর এনিয়ে থানায় অভিযোগ দায়ের হয়। পুলিশ এরপর থেকে হন্যে হয়ে পিন্টুর খোঁজ চালাচ্ছে। তাঁর বাড়ি থেকে দুটি কার্তুজ উদ্ধার হয়েছে। পুলিশ সুপার চিন্ময় মিত্তাল বলেন, 'জোরদার অভিযান চালানো হচ্ছে। দ্রুতই অভিযুক্তদের গ্রেপ্তার করা হবে।'

পিন্টু স্থানীয় তৃণমূল অঞ্চল জানিয়েছেন। ওই নেতা তোলাবাজি যুব সভাপতি এবং মন্ত্রী বিপ্লব মিত্র

ঘনিষ্ঠ নেতা বলেও অনেকে দাবি বিজেপি বিধায়ক সত্যেন্দ্রনাথ রায় সাড়া না দেওয়ায় তাঁর প্রতিক্রিয়া সুভাষ ভাওয়াল অবশ্য বলেন,

'প্রতিদিন মন্ত্রীর কাছে বহু মানুষ জানিয়েছেন। এনিয়ে গঙ্গারামপুরের আসেন। অনেকেই তাঁর অনুগামী। তাঁদের কে কোথায় কী করছেন তা সামাজিক মাধ্যমেও সরব হয়েছেন। সবসময় মন্ত্রীর পক্ষে নজর রাখা সম্ভব বহুবার ফোন করা হলেও মন্ত্রী বিপ্লব নয়। আর মন্ত্রীর ঘনিষ্ঠ বলতে তাঁকেই বোঝায়, যিনি দিনের ২৪ ঘণ্টার মধ্যে মেলেনি। তৃণমূল জেলা সভাপতি সিংহভাগ সময় মন্ত্রীর সঙ্গে কাটান। অভিযুক্ত ব্যক্তির তেমন কোনও রেকর্ড



গঙ্গারামপুর থানার ভূমিকাতে উঠছে প্রশ্ন। ছবি : চয়ন হোড়

■ আগ্নেয়াস্ত্র নিয়ে ব্যবসায়ীকে হুমকি দেওয়ার

 ওই ব্যক্তি তৃণমূল নেতা বলে স্থানীয় মহলের

 ঘাসফুল শিবির ওই দাবি মানতে চায়নি

পদে নেই বলে সুভাষ জানিয়েছেন। ওই ব্যক্তি স্থানীয় অঞ্চল তৃণমূলের যুব উত্তর দিতে পারেননি।

### অস্বীকার ঘাসফুলের

অভিযোগে মূল অভিযুক্ত পিন্টু ঘোষ

পাশাপাশি বিজেপির দাবি

 অভিযুক্ত ব্যক্তির বাড়ি থেকে দুটি কার্তুজ উদ্ধার, পুলিশ তাঁর খোঁজে জোর তল্লাশি চালাচ্ছে

না বলে করা প্রশ্নে সংগঠনের জেলা যুব সভাপতি অম্বরীশ সরকার কোনও এই ইস্যুতে শাসক শিবিরের

পাশাপাশি পুলিশকে বিঁধে বিজেপির বিধায়ক সত্যেন্দ্রনাথ রায় সরব হয়েছেন। তিনি বলেন, 'বিধানসভা ভোটের আগে গঙ্গারামপুর এলাকাকে উত্তপ্ত করে তুলতে এধরনের ঘটনা ঘটানো হচ্ছে। গত লোকসভা ভোটে গঙ্গারামপুরে বিজেপির লিড ছিল। তাই খুব পরিকল্পনামাফিক এই ধরনের ঘটনা ঘটানো হচ্ছে। তৃণমূল ना कतल এवर महीत घनिष्ठे ना হলে এই ধরনের কর্মকাণ্ড প্রকাশ্যে করা কখনোই সম্ভব নয়। আর এই বিষয়টি নিয়ে পুলিশ কোনওরকম প্রয়োজনীয় পদক্ষেপ কখনোই করবে না। কেননা, কোনও পদক্ষেপ করা হলেই পুলিশ আধিকারিকদের ট্রান্সফার করে দেওয়া হবে।'

# দু'বার ফেলের পরেও বিক্ষোভ

কোচবিহার, ৯ জুন : প্রথমবার পরীক্ষা দিয়ে পাশ করতে পারেননি। তারপর আরও দ'বার পরীক্ষায় বসার সুযোগ পেয়েছিলেন। কিন্তু কোনওবারই সফল হননি। এবার বিশ্ববিদ্যালয় কৰ্তপক্ষ কোনও পদক্ষেপ ना कतल यर्छ সিমেস্টারে তাঁদের অবিলম্বে উত্তীর্ণ করাতে হবে, এই দাবিতে পঞ্চানন বৰ্মা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ দেখালেন স্নাতকস্তরের পড়য়াদের একাংশ। সোমবার বিভিন্ন কলেজের জনা তিরিশেক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল করে প্রথমে কন্ট্রোলারের ঘরের সামনে বিক্ষোভ দেখান। পরে রেজিস্ট্রারের ঘরের সামনে অবস্থান বিক্ষোভে শামিল বিশ্ববিদ্যালয়ের কন্ট্রোলার অভিজিৎ দেব বলেন, 'ওরা আমাকে স্মারকলিপিও দিয়েছে। সেটি আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পৌঁছে

দিয়েছি।' বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার

পিড়য়ারা তিনবার সুযোগ পেয়েছিল কিন্তু সেই সযোগের সঠিক ব্যবহার করতে পারেনি বিশ্ববিদ্যালয়ের পদ্ধতি মেনেই সমস্ত কিছু হবে।'

কোচবিহার পঞ্চানন বিশ্ববিদ্যালয়ের অধীনে জেলায় মোট ১৪টি ডিগ্রি কলেজ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের কন্ট্রোলার ব্রাঞ্চ সত্রে

#### পঞ্চানন ব্যা বিশ্ববিদ্যালয়

জানা গিয়েছে, কলেজগুলির পঞ্চম সিমেস্টারের কয়েকজন পড়য়া প্রথম সিমেস্টারে কোনও না কোনও বিষয়ে ফেল করেছিলেন।

তিনবার পরীক্ষার পেয়েও তাঁদের একটা অংশ পাশ করতে পারেনি। ঠাকুর পঞ্চানন মহিলা মহাবিদ্যালয়ের ছাত্রী সঞ্চিতা দাস, তুফানগঞ্জ মহাবিদ্যালয়ের সুজন বর্মা প্রমুখ এনিয়ে ক্ষোভ জানিয়েছেন।

হাওড়া ডিভিশন থেকে যাত্রা শুরু করা যাত্রীবাহী ট্রেনে এসএলআর-এর পার্সেল স্পেস এবং যাত্রীবাহী ট্রেনে আরটিভিপি-র লিজিংয়ের জন্য ই-অকশন আহায়ক বিজ্ঞপ্তি

রেলওয়ে প্রশাসন নিম্নলিখিত কাজের জন্য ই-অকশন আহ্বান করছেন ঃ **কাজের** নাম ঃ আইআরইপিএস ওয়েবসাইটে ই-অকশন মডিউলের মাধ্যমে দুই বছরের জন্য হাওড়া ডিভিশন থেকে তিনটি ফেজে যাত্রা শুরু করা ০৫টি যাত্রীবাহী টোনে ০৫টি এসএলআর-এর এবং ০১টি যাত্রীবাহী ট্রেনে ০১টি আরটিভিপি-র লিজিংয়ের জন্য ই-অকশন। বিশদ নিয়ম ও শর্তাবলী সম্বলিত অকশন কাটালগ www.ireps.gov.in-এ পাওয়া যাবে। www.ireps.gov.in-এ ই-অকশন মডিউলের মাধ্যমে আলোচা ই-অকশনের জন্য বিড জমা করতে হবে। ই-অকশন প্রক্রিয়াতে অংশগ্রহণের জন্য, মার্চেন্টদের www.ireps.gov.in-এ এককালীন রেজিস্ট্রেশন করা বাধ্যতামূলক। এছাড়াও মার্চেটদের ক্রাস-৩ ডিজিটাল সিগনেচার নিতে হবে। অকশন ক্যাটালগের বিবরণঃ যথাক্রমে ক্রঃ নং ও অকশন ক্যাটালগ নং; ট্রেন; অকশন শুরুর তারিখ ও সময় ঃ (১) পিসিএল-এইচডব্রুএইচ-এল২৫- ৬সি; ০৪টি যাত্রীবাহী ট্রেনে ০৪টি এসএলআর; ১৩.০৬.২০২৫, দুপুর ১টা।(২) পিসিএল-এইচডব্রএইচ-এল২৫-৬ডি; ট্রেন নং ১৫৯৫৯ হাওডা-ডিব্রুগড কামরূপ এক্সপ্রেসের একএসএলআর-।; ১৮.০৬.২০২৫, দুপুর ১টা। (৩) পিসিএল-এইচডবুএইচ- এল২৫-৬ই; ট্রেন নং ১৩০০৫/১৩০০৬ হাওড়া-অমৃতসর-হাওড়া মেলে ০১টি আরটিভিপি; ১৯.০৬.২০২৫, দুপুর ১টা।

সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, হাওড়া (HWH-132/2025-26) পূর্ব রেলভয়ে, ৫ম তল, রেল যাত্রী নিবাস বিভিন্ন, হাওড়া স্টেশনের কাছে, হাওড়া-৭১১১০১ টেভার বিয়প্তি পূর্ব রেলগুয়ের গুয়েবসাইট www.er.indian railways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে। যাবলে জুনুল কল। 🔀 @EasternRailway 🚮 @easternrailwayheadquarter

#### আজ টিভিতে



কুসুম বিকেল ৫.৩০ জি বাংলা

कालार्ज ना॰ला जित्नुचा . जकाल ৮.০০ গরিবের সম্মান, দুপুর ১.০০ দাদাঠাকর, বিকেল ৪.০০ দেবতা, সম্বে ৭.০০ জীবন নিয়ে খেলা, রাত ১০.০০ কে তুমি নন্দিনী, ১.০০ ঠাম্মার বয়ফ্রেভ জি বাংলা সিনেমা : বেলা ১১.০০ বেদের মেয়ে জোসনা,

দুপুর ২.৩০ অন্যায় অত্যাচার, বিকেল ৫.০০ কমলার বনবাস, রাত ১০.৩০ দান প্রতিদান, ১.৩০ মাছ, মিস্টি অ্যান্ড মোর জলসা মৃভিজ : দুপুর ১.০০ সংগ্রাম, বিকেল ৪.০৫ টেকা, সন্ধে ৬.৫০ বস্তির মেয়ে রাধা, রাত ১০.২৫ ভূতচক্র প্রাইভেট

লিমিটেড ডিডি বাংলা : দুপুর ২.৩০ আশা कालार्भ वाःला : पूर्श्व २.०० ফিরিয়ে দাও

আকাশ আট : বিকেল ৩.০৫ দায়বদ্ধ জি সিনেমা এইচডি : বেলা

১১.৫৪ সার্কাস কার-টু, দুপুর ১.৪৮ স্কন্ধ, বিকেল ৫.১০ ভীমা, রাত ৮.০০ অ্যান্টনি, ১১.০০ অ্যান্ড ভালিমাই

চন্দু চ্যাম্পিয়ন, সন্ধে ৭.৩০ ড্রিম ১০.৪৫ মুক্কাবাজ



টেক্কা বিকেল ৪.০৫ জলসা মুভিজ

গার্ল, রাত ৯.৪০ রাধে এক্সপ্লোর এইচডি ১২.০৫ থপ্পড়, ২.২৮ সকাল শৰ্মাজি নমকিন, বিকেল ৪.৩১ ১০.৪৮ বাগি, দুপুর ১.২১ তনু ওয়েডস মনু রিটার্নস, সন্ধে মিস্টার ইন্ডিয়া, বিকেল ৪.৫০ ৬.৪৫ ফিতুর, রাত ৯.০০ ভিড়ে,



গ্রেট পার্কস অফ আফ্রিকা রাত ৯.১৯ অ্যানিমাল প্ল্যানেট

# ড্ৰেজিংয়েও থাকবে নাব্যতা-জট

শুভ সরকার ও অভিজিৎ ঘোষ

শিলিগুড়ি ও আলিপুরদুয়ার, ৯ জুন : উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি রুখতে একদিকে বাঁধ, আরেকদিকে ডেজিংয়ের পরিকল্পনা প্রশাসন। তিস্তা সহ করলা, লিস, ঘিসের মতো ডুয়ার্সের একাধিক নদীর নাব্যতা বাড়াতে এখন ড্রেজিংই ভরসা সেচ দপ্তরের। এদিকে সম্প্রতি শিলিগুড়িতে এসে পশ্চিমবঙ্গ দৃষণ নিয়ন্ত্রণ পর্বদের চেয়ারম্যান তথা আন্তজাতিক নদী বিশেষজ্ঞ কল্যাণ রুদ্র সাফ জানিয়ে গেলেন, নদীর নাব্যতা বাড়াতে ড্ৰেজিং কোনও স্থায়ী সমাধান নয়। তাহলে কী করতে হবে ? কল্যাণের স্পষ্ট উত্তর, 'নদীকে তার নিজের মতো করে চলতে দিতে হবে। তাহলে বর্ষায় জলের যে বিপুল স্রোত থাকে, তার স্বাভাবিক গতিতেই পলি ধুয়েমুছে সাফ হয়ে যাওয়ার কথা। প্রকৃতি যা করতে পারে, মানুষ তা কখনোই করতে পারে না।'

সেচ দপ্তরের উত্তর-পূর্ব বিভাগের চিফ ইঞ্জিনিয়ার কৃষ্ণেন্দু ভৌমিকও মেনে নিয়েছেন যে ড্ৰেজিং কোনও স্থায়ী সমাধান নয়। তিনি বলেন, 'তবে এটা ছাড়া আর তো কোনও উপায়ও নেই। তাই এটাই করতে হবে। এটা অনেকটা পেনকিলারের মতো। সমস্যার সাময়িক সমাধান হবে ঠিকই কিন্তু পাৰ্শ্বপ্ৰতিক্ৰিয়া থাকবেই।'



সরকারি নির্দেশে লিস নদীতে চলছে ড্রেজিং।

নদীকে তার নিজের মতো করে চলতে দিতে হবে। তাহলে বর্ষায় জলের যে বিপুল স্রোত থাকে, তার স্বাভাবিক গতিতেই পলি ধুয়েমুছে সাফ হয়ে যাওয়ার কথা।

#### কল্যাণ রুদ্র আন্তর্জাতিক নদী বিশেষজ্ঞ

অন্যান্য বছরের মতো এবছর বষয়ে যাতে বন্যা পরিস্থিতির দর্দশা না হয় উত্তরবঙ্গবাসীর, তাই আগেভাগেই ইতিমধ্যেই সেচমন্ত্রী মানস ভূঁইয়া উত্তরবঙ্গ সফর সেরে গিয়েছেন। জলপাইগুড়ি জেলায় পরিদর্শন করে

গিয়েছেন কৃষি দপ্তরের মুখ্যসচিব ওঙ্কার সিং মিনা। সেচ দপ্তরের উত্তর-পূর্ব বিভাগের চিফ ইঞ্জিনিয়ার কুঞেন্দু ভৌমিকও জেলায় জেলায় বাঁধগুলির অবস্থা খতিয়ে দেখেছেন। সেইসঙ্গে নদীর নাব্যতা বাড়াতে প্রশাসন ড্রেজিংয়ের পরিকল্পনা নিচ্ছে। এই পরিকল্পনা বাস্তবায়নে আবার নানা সমস্যাও দেখা দিচ্ছে। যেমন এবছরের গোড়ায় আলিপুরদুয়ার সফরে এসে মখ্যমন্ত্রী বলে গিয়েছিলেন বক্সায় জয়ন্তী নদী থেকে ড্রেজিংয়ের কথা। বর্তমানে জয়ন্তীর নদীখাত তো তার পাড়ের থেকেও উঁচুতে। একটু ভারী বৃষ্টি হলেই নদীতীরবর্তী এলাকার বানভাসি হওয়া অবশাম্ভাবী। সেই জয়ন্তী নদী তো রয়েছে জঙ্গলের কোর এলাকায়। গ্রিন বেঞ্চ আদৌ কি সেখানে ড্রেজিং করতে দেবে, সেই

প্রশ্ন উঠেছে। তবে নদী বিশেষজ্ঞ

নিয়ে চিন্তাভাবনা করার থেকেও অনেক বেশি জরুরি বাঁধ নির্মাণ নিয়ে ভাবা। বেশি জরুরি নদীর জলের পরিকল্পনামাফিক ব্যবহার নিয়ে

ড্রেজিং নিয়ে কল্যাণের মন্তব্যের উত্তরে রাজ্যের সেচমন্ত্রী মানস ভঁইয়া কিছ বলতে চাননি। তবে তিনি বলেন 'ড্ৰেজিং তো অনেক দিন থেকেই হচ্ছে। তবে ২০১৬ সাল থেকে কেন্দ্রীয় সরকার ড্রেজিংয়ের টাকা দিচ্ছে না। ফলে রাজ্য সরকারের কাজে সমস্যা হচ্ছে। তাই টেন্ডার করে বিভিন্ন নদীর ড্রেজিংয়ের দায়িত্ব বিভিন্ন সংস্থাকে দেওয়ার পরিকল্পনা

কৃষি থেকে শুরু করে শিল্প, শক্তি উৎপাদন, দৈনন্দিন ব্যবহারের ক্ষেত্রে নদীর জলের ওপর নির্ভরতা অনেকটাই বেশি। নদীর জলের ৭০ থেকে ৮০ শতাংশ সেচের কাজে লেগে যায়। এছাডা দৈনন্দিন ব্যবহারের কাজে প্রায় ১০ শতাংশ। শিল্পের জন্য আরও ২ থেকে ৫ শতাংশ। বাকি সামান্য অংশ পড়ে থাকে নদীর জন্য। সেই সামান্য জলের উপর নির্ভর করতে হয় গোটা বাস্তুতন্ত্রকে। নদীর ইকোলজিক্যাল ফ্লো'র কথা বলেছেন কল্যাণ। অথাৎ, বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় রাখার জন্য নদীতে কতখানি জলপ্রবাহ জরুরি, আগে সেটা হিসেব কষে দেখা প্রয়োজন। তারপর

শিল্প, গৃহস্থালির কাজে ব্যবহার করা যেতে পারে। তাহলে নদীর নাব্যতা বজায় থাকবে। আর ড্রেজিংয়ের প্রয়োজনীয়তাও কমবে।

তিস্তার মতো নদীর ওপর তৈরি হওয়া একাধিক বাঁধ তার নাব্যতা কমে যাওয়ার অন্যতম কারণ তেমনই কোনও নদীর নাব্যতা হ্রাসের আরেকটা কারণ হল নদীর গতিপথে থাকা পাহাড়ের ঢালের কৃত্রিম পরিবর্তন। বিশেষজ্ঞরা বলছেন, নাব্যতা রক্ষায় নদীর অববাহিকাজুড়ে পরিকল্পনা করতে হবে। যেসব এলাকা ভঙ্গুর, সেখানে যদি রাস্তা বানাবার মতো কাজ হয়, তাহলে ধস নামবেই। আর তাতে নদীর নাব্যতাও কমবেই। সেজন্য কেবল রাজ্য নয়, গোটা দেশেই পরিকল্পিত নদী-নীতির প্রয়োজনের কথা বলছিলেন কল্যাণ।

#### অ্যাফিডেভিট

আমি নীরেন্দ্র নাথ বর্মন, সাকিন ্ ওয়ার্ড নং - ১১, মাথাভাঙ্গা, কোচবিহার 4/6/2025 তারিখে মাথাভাঙ্গা EM কোর্টের অ্যাফিডেভিটে জানাই আমার পিতা ধর্মনাথ বর্মন (পিতা মৃত মন্দির বর্মন) 6/5/2004 তারিখে নিজগৃহে মারা যান। (C/116809)

পাসেনিাল, মর্টগেজ, হাউসবিল্ডিং, জমি, বাড়ি, ফ্ল্যাট কেনার লোন এছাড়া আপনার সোনার গয়না কোথাও বন্ধক থাকলে আমরা সেটা ছাড়িয়ে কম সুদে বেশি টাকা লোন করাই। (M) 79086-31473 (C/116809)

#### শ্রদ্ধাঞ্জাল

গৈীতম গাঙ্গুলী :- আজ দশম মৃত্যুবার্ষিকী, সশ্রদ্ধ প্রণাম - গাঙ্গলী প্রিবার ''গায়ত্রী অ্যাপার্টমেন্ট'' শিলিগুড়ি।(C/116808)

#### টেভার বিজ্ঞপ্তি নং.কেআইআর-এন-২০২৫-কে-০৯, তারিখঃ ১৬-০৫-২০২৫এর বিপরীতে সংশোধনী নং. ০১

টেভার বিজ্ঞপ্তি নং. কেআইআর-এন-২০২৫-কে-খিত পরিবর্তনগুলি করা হয়েছে, অনপ্রায় করে পদ্ম ঃ টেভার বন্ধর তারিখ ১৯-০৬-২০২৫-এর ১৫.০০ ঘণ্টার পরিবর্তে ১৯-৩৬-২০২৫ -এর ১৫.০০ ঘণ্টা। টেভার খোলার তারিখ ও সময় ০৯-০৬-২০২৫ -এর ১৫.৩০ ঘণ্টার পরিবর্তে ১৬-০৬-২০২৫ -এর ১৫.৩০ শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

ডিআরএম (এসআভটি), কাটিহার ি উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে প্রসামিত্রগাহরুদের সেবায়

#### **NOTICE**

Notified that my client Sri Biman Dutta, Son of Late Bijay Krishna Dutta resident of 6. Saved Mustafa Ali Road, Hakimpara, P.O. & P.S Siliguri, Dist. Darjeeling, intend to purchase Land measuring 0.23- Acre in R.S. Plot No. 49 & 0.10-Acre in R.S. Plot No. 48 = of MOUZA UJANU, J.L. No. 108. P.S. Matigara, Dist. From **SRI DALJI** SON OF HARDEV SINGH of Dangipara, Siliguri, P.O. & P.S. Dangipara, Siliguri, P.0 Siliguri Dist Darjeeling.

If any person or any Bank/s has have any claim / objection, he/ she / they may write me within 10 days from the date of this publication, otherwise, no claim / objection shall be entertained in future. Dated: 09/06/2025 SISIR KUMAR DAS,

Advocate, Siliguri Mobile : 98320-68257

চালু অবস্থায় ১৫-২০টি বিভিন্ন বিক্রি করা হবে। আগ্রহীরা বেল এগারোটা থেকে বিকেল পাঁচটার <mark>মধ্যে যোগাযোগ করতে পারেন</mark>

#### কর্মখালি

শিব ফার্মাসিতে অভিজ্ঞ প্রয়োজন। শিবমন্দির, কদমতলা। মোবাইল: 8293410788.

ফ্যাক্টরির জন্য গার্ড / সুপারভাইজার চাই।বেতন 12,500/-, PF + ESI, থাকা ফ্রি, খাওয়া মেস, মাসে ছটি। M: 8653609553, 97755 39686. (C/116810)

শিলিগুডি শালুগাড়া দিনাজপুরের (থাকা ফ্রি) জন্য সিকিউরিটি গার্ড চাই। বেতন :-9,000/- - 12,000/-. (M) : 98324-89908. (C/116809)

SIP Abacus Hakimpara looking for Centre Manager. Female Graduate, good communication skill (English, Bengali & Hindi) with computer knowledge (Ms Office & Internet) is essential. 1 to 2 years experience in office management should send their bio-data @ 9830310794. Shortlisted candidates will call for the interview. Sunday is a working day (9A.M. to 7P.M.), others day 11A.M. to 8P.M.. Thursday is a holiday. Salary Rs. 12,000/- to 15,000/- PM. Freshers shouldn't send their biodata. No call will be entertained.

#### **Immediate Hiring**

CINI, an NGO is hiring a Project Coordinator having min. 3 yr. exp. in NGO preferably in education field, good in English written & verbal communication. Apply within 15/06/25 at cininb@ cinindia.org (C/116811)

#### **Cooch Behar College Advertisement Notification**

Cooch College Behar Geography, Cooch Behar, West Bengal is inviting applications from eligible candidates in the prescribed format for the Post of Research Assistant (1) and Field Investigator (1) purely on a part-Delhi funded Minor Research Proiect. For details visit https://

coochbeharcollege.ac.in

Principal **Cooch Behar College** 

#### সোনা ও রুপোর দর

পাকা সোনার বাট

(৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম)

(৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম)

হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম)

রুপোর বাট (প্রতি কেজি) 200260

খচরো রুপো (প্রতি কেজি) ১০৬৩৫০ দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজারদর

# হায়টিসঅ্যাপেই বঞাপ•

জনাদিনে অথবা বিবাহবার্ষিকীতে শুভেচ্ছা জানাতে, হব জামাই অথবা পুত্রবধূ খুঁজতে, চাকরির খোঁজ পেতে অথবা শূনাপদের জন্য প্রার্থী খুঁজতে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকৈ খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়।

আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবন্ধ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।

আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅ্যাপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।

ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅ্যাপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে

হোয়াটসঅ্যাপ অথবা মেসেজ করুন

৯০৬৪৮৪৯০৯৬ এই নম্বরে

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

#### সন্তোষপাডায় যাঁডপজো। সোমবার।

ঔদ্ধত্যপূর্ণ আচরণ

রামপ্রসাদ মোদক

রাজগঞ্জ, ৯ জুন : রাস্তা অথবা হাটবাজারে ষাঁড় দেখলে গুঁতোর ভয়ে দুরের নিরাপদ জায়গা খুঁজে নেন প্রায় সকলেই। কিন্তু ঔদ্ধত্যপূর্ণ স্বভাব ছেড়ে দেবতার স্বভাব ধরে চপচাপ ফল, বেল পাতা ও প্রণাম গ্রহণ করতে কী কখনও যাঁডকে দেখেছেন কেউ? সোমবার দেখল রাজগঞ্জ ব্লকের সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতের সন্তোষপাডা। রাতিমতো ঢাকঢোল বাজিয়ে পুরোহিত দিয়ে এখানে পুজো করা হল যাঁডের। হারিয়ে যাওয়া যাঁড়কে ফিরে

পাওয়াতেই এই আয়োজন। পুরাণ মতে যাঁড় ভগবান শিবের বাহন। শক্তি, পুরুষত্ব ও সুরক্ষার প্রতীক হিসেবে যাঁড়কে পুজো করা হয়। প্রাচীনকালে মেসোপটেমিয়া সভ্যতাতেও পবিত্র প্রাণী হিসেবে যাঁড়কে পুজো করা হত। ঐতিহাসিকদের মতে যাঁডের শারীরিক শক্তি এবং প্রাকৃতিক প্রতি শ্রদ্ধাশীলতার জগতের জন্যই বিভিন্ন ধর্মে যাঁড়কে পুজো করার রীতি রয়েছে। রাজগঞ্জের

সন্তোষপাড়ার যাঁড়কে পুজো করার 'ফিরে পাওয়া'। কারণ অবশ্য ক'দিন আগে নাকি হঠাৎ উধাও হয়ে গিয়েছিল যাঁড়টি। যে কারণে মনমরা হয়ে পড়েছিল গোটা গ্রাম। গ্রামবাসীদের আবেদনে সাড়া দিয়ে ষাঁড় খুঁজতে সাহায্য করে পুলিশও। হারিয়ে যাওয়া যাঁডকে ফিরে পাওয়ার আনন্দে এদিন প্রজার্চনায় শামিল হন প্রায় দুই শতাধিক মানুষ।

ভিড়েই ছিলেন সন্তোষপাডার বাসিন্দা শ্যামলী রায়। তিনি বললেন, 'পুত্রসন্তান চেয়ে শিব ঠাকুরের কাছে যাঁড় দেওয়ার মানত করি। বছর তিনেক আগে আমার পুত্রসন্তান হওয়ায় আমরা ভগবান শিবের উদ্দেশ্যে যাঁড়টিকে ছেড়ে দেই। গ্রামেই থাকত ষাঁড়টি। কিন্তু হঠাৎ হারিয়ে গিয়েছিল।' গ্রামেরই বাসিন্দা মধুসূদন রায়, কৃত্তিবাস রায়, তপন রায় বলছিলেন, নিজের প্রাণের বিনিময়ে হলেও এই যাঁডকে রক্ষা করা হবে।

মধসদনের বিশ্বাস, 'গ্রামে যাঁড থাকা সৌভাগ্যের প্রতীক। আমরা মনে করি যাঁড়টি আমাদের সৌভাগ্য বহন করছে।'

#### সিগন্যাল ও টেলিকম বিভাগের প্রোজেক্ট অর্গানাইজেশনে অবসরপ্রাপ্ত রেলওয়ে কর্মীদের পনর্নিয়োগ

পূর্ব রেলওয়ের সিগন্যাল ও টেলিকম ডিপার্টমেন্টের প্রোজেই অর্গানাইজেশনের বিভিন্ন বিভাগের ২২টি শূন্যপদ পূরণের জন্য চুক্তির ভিত্তিতে অবসরপ্রাপ্ত রেলওয়ে কর্মী পুনর্নিয়োগ সংক্রান্ত, এই সংবাদপত্রে ২৯.০৫.২০২৫ তারিখে প্রকাশিত উপরোক্ত শীর্ষান্ধিত বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংশোধন করা হয়েছে : • উল্লিখিত বিজ্ঞপ্তির নিয়ম ও শত্রবিলীর ক্রমিক নং ৪-এ "অপসারিত/বরখান্ত/ বাধ্যতামূলক/ স্বেচ্ছামূলক অবসরপ্রাপ্ত কর্মীরা পুনর্নিয়োগের জন্য বিবেচিত হবেন না"-র পরিবর্তে ''অপসারিত/ বরখাস্ত/বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত কর্মীরা পুনর্নিয়োগের জন্য বিবেচিত হবেন না" পড়তে হবে। উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য সকল নিয়ম ও শতবিলী অপরিবর্তিত থাকবে। এই সংশোধনীটি পূর্ব রেলওয়ে অফিসিয়াল ওয়েবসাইট "www.er.indian railways.gov.in"-তেও পাওয়া যাবে।

চিফ সিগন্যাল অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ার/প্রোজেক্ট

ট্রেন নং\_ 03106

লামডিং থেকে

১৪, ২১ এবং ২৮ জুন/২০২৫ তারিখে

SHRI

আমাদের অনুসরণ করন : 💹 @EasternRailway 🎧 @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

#### শিয়ালদহ ও লামডিংয়ের মধ্যে গ্রীত্মকালীন স্পেশাল ট্রেন

যাত্রীর অতিরিক্ত ভিড সামলাতে নীচের বিবরণ অনুযায়ী নিম্নলিখিত গ্রীষ্মকালীন **স্পোশল ট্রেন (টিওডি)** চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছেঃ

ট্রন নং.- 03105 শিয়ালদহ খেকে ১৩, ২০ এবং ২৭ জুন/২০২৫ ভারিখে

= ০৩টি ট্রিপ (প্রত্যেক শনিবার) পৌঁছাবে ছাড়বে স্টেশন পৌঁছাৰে ছাড়ৰে শিয়ালদত 30.00 05.50 >>.>2 03.52 মালদা টাউন নিউ জলপাই গুড়ি 00.60 22.59 20.00 20.02 55.00 55.03 20.08 \$9.80 \$9.89 গোয়ালপাড়া টাউন গুয়াহাটি 05.00 08,00 \$4.60 \$4.80 06.48 চাপারমুখ \$2,50 34.04 06.35

**অন্যান্য বাণিজ্যিক স্টপেজঃ** নৈহাটি, ব্যান্ডেল, কাটোয়া, আজিমগঞ্জ, জঙ্গিপুর রোড নিউ ফারাক্কা জং., কুমেদপুর, বারসোই, কিষাণগঞ্জ, আলুয়াবাড়ি রোড, ধুপগুড়ি, নিউ কোচবিহার, গোসাইগাঁও হাঁট, নিউ বঙাইগাঁও, কামাখ্যা, জাগীরোড, হোজাই এবং লক্ষা। গঠনঃ এসি-২ টায়ার (এক), এসি-৩ টায়ার (দুই), শয়ন শ্রেণি (বারো), সাধারণ দ্বিতীয় শ্রেণি (তিন) এবং এসএলআরডি (দুই) = ২০টি কামরা।

লামডিং জং.

জেনাবেল ম্যানেজার (অপাবেশল) উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

বিএসএফের গাঁড়ির ধাক্কায় আহত দুই বাইক আরোহী। অবশ্য ঘটনাস্থল থেকে কিছু দূরে বিএসএফের গাডিটি আটক করে ক্ষিপ্ত জনতা। এরপর আহতদের উদ্ধার করে ওই গাড়িতেই চিকিৎসার জন্য জলপাইগুড়িতে পাঠানো হয়। রবিবার রাতে ঘটনাটি ঘটে জলপাইগুড়ি সদর ব্লকের বেরুবাড়ি মোড় এলাকায়। আহতদের নাম ভাগ্যধর রায় এবং সাম্বনা রায়। তাঁরা গরালবাড়ির পূর্ব বড়য়াপাড়ার বাসিন্দা। প্রত্যক্ষদর্শীরা জানান, বাইকে করে ওই দম্পতি হলদিবাড়ির দিকে যাচ্ছিলেন। পেছনে ছিল বিএসএফের তিন-চারটি গাড়িও। বেরুবাড়ি মোড়ের আগে একটি বিএসএফের গাড়ি সজোরে বাইকটির পেছনে ধাক্কা মারলে বাইক থেকে দুজনই ছিটকে রাস্তায় পড়েন।

#### PM SHRI Kendriya Vidyalaya Dakshin Dinajpur, Balurghat



Vill - Paschim Rainagar, P.O - Amritakhanda Hat, P.S. - Balurghat, Distt - Dinaipur, WB, Pin - 733103 (https/balurghat.kvs.ac.in)

#### Interview for the Contractual Teachers (2025-26)

A walk-in-interview will be conducted at Kendriya Vidyalaya Dakshin Dinajpur (Balurghat) to prepare a Panel of contractual teachers for the session 2025-26 on 16.06.2025. Registration is upto 10 AM only on 16.06.2025

Interview will be held for the following posts.

PGT :- History and Geography.

Qualified and interested candidates may download the registration form from the Vidvalava website (https/balurghat.kvs.ac.in) fill up the same and bring it with a set of photocopies of testimonials along with original documents on the day of interview by 10 AM.

Note:-1. No TA/DA will be paid for attending the interview 2. Candidates must have the essential qualification as per the KVS norms.

> Principal PM SHRI KV Dakshin Dinajpur, Balurghat

#### দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ২৬ জ্যৈষ্ঠ, ১৪৩২, ভাঃ ২০ ২৬ জেঠ, সংবৎ ১৪ জ্যৈষ্ঠ সুদি, ১২ জেলহজ্জ। সৃঃ উঃ ৪।৫৬, অঃ ৬।১৮। মঙ্গলবার, চতুর্দশী দিবা ১১।৫। অনরাধানক্ষত্র সন্ধা ৬।৩। সিদ্ধযোগ দিবা ২।১৭। বণিজকরণ দিবা ১১।৫ গতে বিষ্টিকরণ রাত্রি ১১।৫২ গতে ববকরণ। জন্মে-বিপ্ৰবৰ্ণ বৃশ্চিকরাশি

দশা, সন্ধ্যা ৬। ৩ গতে রাক্ষসগণ বিংশোত্তরী বুধের দশা। মৃতে-একপাদদোষ। যোগিনী-পশ্চিমে, দিবা ১১।৫ গতে বায়ুকোণে। বারবেলাদি ৬।৩৬ গতে ৮।১৬ ১১।৫ গতে দীক্ষা। বিবিধ(শ্রাদ্ধ)-

অস্টোত্তরী ও বিংশোত্তরী শনির চম্পক পুষ্পদারা মহেশ্বর পূজা পর্ণিমার নিশিপালন কর্ত্তব্য। সায়ংসন্ধা নিষেধ। প্রদোষে সন্ধা ৬।১৮ গতে রাত্রি ৭।৫৪ মধ্যে শ্রীশ্রীসত্যনারায়ণব্রত। অমৃতযোগ-দিবা ৭। ৪০ মধ্যে ও ৯। ২৭ গতে মধ্যে ও ১।১৭ গতে ২।৫৭ মধ্যে। ১২। ৮ মধ্যে ও ৩। ৪২ গতে কালরাত্রি ৭।৩৮ গতে ৮।৫৭ ৪। ৩৫ মধ্যে এবং রাত্রি ৭। ৫ মধ্যে। যাত্রা-নাই। শুভকর্ম – দিবা মধ্যে ও ১২।২ গতে ২। ৯ মধ্যে। মাহেন্দ্রযোগ-দিবা ২।৪৮ গতে পূর্ণিমার সপিগুন। দিবা ১১। ৫ ৩।৪২ মধ্যে ও ৪।৩৫ গতে ৫।২৯ মধ্যে প্রায়শ্চিত্ত নিষেধ। দিবা মধ্যে এবং রাত্রি ৮।৩০ গতে ৯।

#### আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য 280807097

মেষ: গুরুত্বপূর্ণ কোনও কাজে হাত দেওয়ার আগে গুরুজনদের সঙ্গে পরামর্শ করে নিন। আর্থিক শুভ। বৃষ : কাউকে কটু কথা বলে অনুতাপ করতে হতে পারে। উচ্চশিক্ষায় বিদেশযাত্রায় বাধা কাটবে। মিথন : বন্ধবান্ধবদের সঙ্গে বিবাদ-বিতর্ক এড়িয়ে চলুন। বাড়িতে অতিথি

সমাগমে আনন্দ। কর্কট: আলস্যের কারণে হওয়া কাজ হাতছাডা হতে পারে। ভ্রমণের সিদ্ধান্ত বাতিল করুন। সিংহ: স্বামী-স্ত্রীর মধ্যে ভুল বোঝাবুঝি হতে পারে। ব্যবসায় আর্থিক সংকট কাটবে। **কন্যা** : বিষয়-সম্পত্তি নিয়ে ভাইবোনদের সঙ্গে সম্পর্ক নম্ভ হবে। কর্মক্ষেত্রে পদোন্নতির খবর পেতে পারেন। তুলা : কাউকে উপকার করতে হাঁটু, গোড়ালির ব্যথায় ভোগান্তি। বৃশ্চিক : নতুন কোনও পেশার

কাজ বেছে নিলে সাফল্য পাবেন। ধর্মকর্মে মন বসবে। ধনু : আপনার বিচারবুদ্ধির জোরে যে কোনও কাজে প্রশংসিত হবেন। আর্থিক মন্দা কাটবে। মকর : আমদানি-রপ্তানি ব্যবসায়ীদের ভালো বরাত মিলতে পারে। চাকরিজীবীদের উন্নতি। কুম্ভ : নতুন বাড়ি, গাড়ি কেনার স্বপ্ন সফল হবে। দাম্পত্যে সমস্যা কাটবে। মীন: প্রিয় বন্ধুর গিয়ে সমস্যায় পড়তে হতে পারে। সহযোগিতায় ব্যবসায় আর্থিক সমস্যা কাটবে। কর্মপ্রার্থীরা ভালো খবর পেতে পারেন।

জ্যৈষ্ঠ, ১০ জুন, ২০২৫,

দেবগণ ১১। ৫ মধ্যে চম্পকচতুর্দ্দশীব্রত। ৫৫ মধ্যে।

### শ্যালিকা বিদ্যুৎস্পৃষ্ট, মৃত্যু জামাইবাবুর

বাঁচাতে গিয়ে মৃত্যু হল জামাইবাবুর। মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন শ্যালিকা। সোমবার ঘটনাটি ঘটেছে কালিয়াচক থানার জালালপুর পঞ্চায়েতের ধুলাউড়ি উত্তর রায়পুর গ্রামে।

ঘুম থেকে ওঠার পর দিদির বাডির সদর দরজা খলতে গিয়ে তড়িদাহত হয়ে পড়েন মাসুদা বিবি। তাঁর চিৎকার কানে যেতেই ছুটে বাঁচাতে গিয়েছিলেন সম্পর্কে জামাইবাবু নজরুল শেখ (৩৫)। যথারীতি তিনিও তড়িদাহত হন। পরিবারের অন্য সদস্যরা বিষয়টি বুঝতে পেরে বিদ্যুতের মেইন সুইচ অফ করে দেন। এরপরেই দুজনকে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কর্তব্যরত চিকিৎসক জামাইবাবু নজরুলকে মৃত বলে করেন। চিকিৎসাধীন

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাইরে আলো জ্বালাতে বাড়ির সদর দরজায় বিদ্যুতের তার পেঁচিয়ে নিয়ে যাওয়া হয়েছিল। কোনওভাবে বিদ্যুৎ পরিবাহিত তারের কোনও অংশ ছিড়ে গিয়েছিল। যে কারণে লোহার সদর দরজা খুলতেই দুর্ঘটনাটি ঘটেছে বলে মনে করছেন স্থানীয়রা। ইদের প্রদিন বড়দিদির বাড়িতে বেড়াতে এসে মাসুদার তড়িদাহত হওয়া এবং তাঁকে বাঁচাতে গিয়ে জামাইবাবুর মৃত্যু মেনে নিতে পারছেন না এলাকার কেউই। গ্রামের বাসিন্দা নাসিমল শেখ বলছেন, 'অত্যন্ত মমান্তিক ঘটনা। নজরুল ভিনরাজ্যে কাজ করে সংসার চালাত। তাঁর একটি মেয়ে ও তিনটি ছেলে, পরিবারে চারজনই নাবালক। নজরুলের স্ত্রী ইয়াহজিনর বিবি স্বামীর এই আকস্মিক মৃত্যু কিছতেই মেনে নিতে পারছেন না। তিনি কাঁদতে কাঁদতে বলতে থাকেন, 'ছেলেমেয়ে নিয়ে আমি কী করে বাঁচব? 'ঘটনাপ্রসঙ্গে বিদ্যুৎ পর্যদের কর্মী ও তৃণমূল ট্রেড ইউনিয়নের নেতা আলতামাস লিম্কন বলেন, 'মমান্তিক ঘটনাটি আমরাও শুনেছি। বাড়ি থেকে সাধারণ তার দিয়ে বাইরে বিদ্যুৎ নিয়ে গিয়েছিল মনে হয়। যে কারণে দুর্ঘটনাটি ঘটেছে।

#### জমি বিবাদ

কুশমণ্ডি, ৯ জুন : রাস্তার জমি নিয়ে দুই পাড়ার কাজিয়া চরমে। ঘটনাটি বেরইল গ্রাম পঞ্চায়েতের হাঁসরোইলের। অভিযোগ, ওই রাস্তা নির্মাণে পঞ্চায়েতের কোনও উদ্যোগ নেই। একটি পাডার বাসিন্দারা নিজেরা জমি দিয়ে রাস্তাটি তৈরি করতে চান। কিন্তু অপর পাড়ার বাসিন্দাদের তাতে তীব্ৰ আপত্তি। গ্ৰাম পঞ্চায়েত থেকে একবার মাটি ফেলেছিল বটে, কিন্তু সাম্প্রতিক বৃষ্টিতে সেই রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে উঠেছে। দুই পাড়ার বিবাদে রবিবার উত্তপ্ত এলাকা। কিন্তু মুখে কুলুপ পঞ্চায়েত প্রধান শচিরানি সরকার ও পঞ্চায়েত সদস্য নিমাই ওরাওঁয়ের। কুশমণ্ডি থানার আইসি তরুণ সাহা মানছেন,

#### অর্থ সাহায্য

কুশমণ্ডি, ৯ জুন : দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত দেউল পঞ্চায়েতের পবিত্র সরকারের পাশে দাঁড়ালেন কুশমণ্ডির বিধায়ক রেখা রায়। রবিবার ওই পরিবারের হাতে ১০ হাজার টাকা তুলে দেন তিনি। রেখা বলেন, 'ওঁর বাড়িতে দুটো বাচ্চা মেয়ে, বৃদ্ধ বাবা-মা ও স্ত্রী রয়েছে। আমি ওঁদের পাশে আছি।'

### মালদায় খোলাবাজারে আগুন দাম

# আলু ব্যবসায় ফড়ে-রাজ

মালদা, ৯ জুন : মালদার খোলাবাজারে আলু বিকোচ্ছে বেশি দামে। বিকোচ্ছে প্রতি কিলো ১৮ থেকে ২০ টাকা দরে। এই নিয়ে আলু ব্যবসায়ীদের একাংশ ও ফড়েদের বিরুদ্ধে অভিযোগ তুলে জেলা শাসক সহ রাজ্যের কষি বিপণনমন্ত্রীর কাছে লিখিত অভিযোগ দায়ের করা হল মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স আন্ড ইন্ডাস্টির তরফে। জেলা শাসক নীতিন সিংহানিয়ার কাছে দেওয়া ওই চিঠিতে স্পষ্ট উল্লেখ করা হয়েছে. ফড়েদের ভূমিকা নিয়ে। অভিযোগ করা হয়েছে, আলুচাষিদের চাইতে বেশি লাভ করছে অসৎ ব্যবসায়ীরা।

ওই বণিক সংগঠনের অভিযোগ, কোল্ড স্টোরেজে আলু রাখার সময় চাষিরা পাচ্ছেন ৩৫০ থেকে ৩৬০ টাকা প্রতি ৫০ কেজির ব্যাগ। অর্থাৎ প্রতি কিলো আলুর দাম পড়ছে ৭ টাকা থেকে ৭ টাকা ২০ পয়সা। আবার



সেই আল বের হওয়ার সময় দাম উঠে যাচ্ছে ৫৮০ থেকে ৫৯০ টাকা প্রতি ৫০ কিলোর ব্যাগ। অর্থাৎ সেখানেই আলুর দাম বেড়ে দাঁড়াচ্ছে প্রতি কিলো ১১ টাকা ৬০ পয়সা থেকে ১১ টাকা ৮০ পয়সায়। আর তা খোলাবাজারে বিকোচ্ছে ১৮ থেকে ২০ টাকা কিলো দরে। ওই চিঠিতে এমনই তথ্য দিয়ে জেলার টাস্ক ফোর্সকে দুষছে

এই প্রসঙ্গে মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির জেলা সভাপতি উজ্জ্বল সাহার অভিযোগ, 'মাথার ঘাম পায়ে ফেলে চাষিরা আলু উৎপাদন করছেন। অথচ তাঁরাই দাম পাচ্ছেন না। আর বাজারে ফড়েদের

দাপটে আলু কিন্তু অনেক বেশি দামে

সেই টাস্ক ফোর্সের সভাপতি স্বয়ং

ফড়েদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করুন জেলা শাসক।

কৃষি দপ্তর সূত্রে খবর, মালদা জেলায় বারো হাজার হেক্টর জমিতে আলু চাষ হয়। প্রতিবছর উৎপাদিত আলুর পরিমাণ ৯০ লক্ষ মেট্রিক টন। আর জেলায় কোল্ড স্টোরেজে আলু মজুত রাখা যায় মাত্র ৩৫ লক্ষ মেট্রিক টন। আলু চাষি নরেশ মণ্ডল, নিখিল ঘোষ, হেশামুদ্দিন শেখদের অভিযোগ, আলু চাষ করে প্রতি কেজিতে এক টাকাও টেকে না কৃষকদের। তাই জেলার আলুচাষিরা আগ্রহ হারাচ্ছেন। শুধু তাই নয় তাঁদের দাবি, মধ্যখান থেকে ফড়েরা প্রতি কিলো আলুতে চার টাকারও বেশি লাভ করে নিচ্ছে।

এই ব্যাপারে জেলাশাসক নীতিন সিংহানিয়া বলেন, 'ব্যবসায়ীদের অভিযোগপত্র পেয়েছি। আমাদের বিকোচ্ছে।জেলায় টাস্ক ফোর্স আছে। টাস্কফোর্স নজরদারি চালাচ্ছে। এই সপ্তাহে আলু ব্যবসায়ীদের নিয়ে আমি একটি মিটিংও করব। জেলা শাসক। আমরা দাবি করছি,

### মাঠে মৃতদেহ

পতিরাম, ৯ জুন : বোল্লা গ্রাম পঞ্চায়েতের পারপতিরাম ফুটবল মাঠে সোমবার এক ব্যক্তির দেহ উদ্ধার হল। মৃত ব্যক্তির নাম-পরিচয় এখনও জানা যায়নি। স্থানীয়রা জানান, ওই ব্যক্তিকে এদিন এলাকায় ঘুরতে দেখা গিয়েছিল বিশ্রামের জন্য তিনি মাঠে গাছের ছায়ায় বসেছিলেন বলে অনুমান। পুলিশ দেহটি ময়নাতদন্তের জন্য বালুরঘাট হাসপাতালে পাঠিয়েছে।

#### সাঁই-রথ

কুশমণ্ডি, ৯ জুন : সত্য সাঁইবাবার জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষ্যে সোমবার সুসজ্জিত রথ কুশমণ্ডিতে আসে। ঢাক বাজিয়ে, উল্পবনি দিয়ে বণাঢ্য শোভাযাত্রা শেষ হয় হাইস্কুল মাঠে। চলতি বছরের ২৪ এপ্রিল সাঁইবাবার জন্মস্থান অন্ধপ্রদেশের পুটাপার্থী থেকে রথযাত্রাটি শুরু হয়েছে। ৫০০ দিন পর আগামী বছরের ২৩ নভেম্বর সত্য সাঁইবাবার জন্মদিনে পুট্টাপার্থীতেই ফিরে যাবে রথটি।

#### নাবালিকাকে ধর্ষণের চেষ্টা

অন্ধকারে নাবালিকাকে করে তুলে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। থানায় অভিযোগ দায়ের করার পর থেকে অভিযক্ত হুমকি **मिटफ्ट वटल जानि**स्यर**ছ** नावालिकात পরিবার। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। তবে অভিযুক্ত বেপাত্তা। তার খোঁজ চলছে। রবিবার ঘটনাটি ঘটে মানিকচকের একটি প্রত্যন্ত গ্রামে।

নিযাতিতা নবম শ্রেণির ছাত্রী বাবা ও দাদা ভিনরাজ্যে পরিযায়ী শ্রমিক হিসেবে কাজ করেন। বাড়িতে মা ও ছোট ভাইয়ের সঙ্গে থাকে নাবালিকা। রাতে বাড়ির পাশের শৌচালয়ে যাওয়ার সময় তার ওপর অতর্কিত হামলা চালায় ওই ব্যক্তি বলে অভিযোগ। হাত দিয়ে মুখ চেপে তাকে টানতে টানতে খানিক দুরে নিয়ে যায়। দুজনের মধ্যে ধস্তাধস্তিও হয়। নাবালিকা কোনও রকমে মুখ থেকে ওই ব্যক্তির হাত ছাড়িয়ে চিৎকার করে ওঠে। মেয়ের চিৎকার শুনে বাড়ির বাইরে ছুটে আসেন নাবালিকার মা। তাঁর কথায়, 'আমি বেরিয়ে দেখি পাশের বাড়ির ওই জামাই আমার মেয়েকে ধরে নিয়ে যাচ্ছে। আমিও চিৎকার শুরু করি। তখন আমার মেয়েকে ছেড়ে ও পালিয়ে যায়।'

নাবালিকার পাশের বাডির দিদির সঙ্গে বিয়ে হয়েছিল ওই ব্যক্তির। সেই সূত্রে তাকে 'জামাইবাবু' বলে সম্বোধন করত নাবালিকা।জামাইষষ্ঠী উপলক্ষ্যে শৃশুরবাড়িতে এসেছিল অভিযুক্ত। ঘটনায় নাবালিকা আহত হয়। তাকে গ্রামীণ হাসপাতালে নিয়ে গিয়ে চিকিৎসা করায় পরিবার।

#### দেহ ডদ্ধার

মালদা, ৯ জুন : আম বাগান থেকে ভবঘুরে মহিলার দেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল ইংরেজবাজারে। মৃত ভবঘুরের নাম অনীতা মণ্ডল (৫৫)। বাড়ি ইংরেজবাজারের জোত অনন্তপুর এলাকায়। মানসিক রোগে আক্রান্ত অনীতাকে শহরের বিভিন্ন প্রান্তে দেখা যেত। রবিবার বিকেলে স্থানীয় একটি আম বাগানে অচৈতন্য অবস্থায় তাঁকে পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। তৎক্ষণাৎ তাঁকে উদ্ধার করে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মৃতদেহটি ময়নাতদন্ত করার পাশাপাশি তদন্ত শুরু করেছে ইংরেজবাজার থানার পুলিশ।

# সন্ধ্যার বালুরঘাটে দুষ্কৃতী দৌরাত্ম্য

বালুরঘাট, ৯ জুন : বালুরঘাট

শহর লাগোয়া জঙ্গলপুর গ্রামের নির্জন অন্ধকার রাস্তায় 'প্রেম' করতে গিয়ে শহরের এক যুগলকে আটকে ধরে মারধরের অভিযোগ দৃষ্ণতীদের বিরুদ্ধে। চাওয়া হয় টাকা। এরপর দাবি পূরণ না করায় তাঁদের মোবাইলগুলি ছিনিয়ে নেওয়া হয় বলে অভিযোগ। রবিবার রাতে ওই যুগল কোনওরকমে রেহাই পেলেও, সোমবার সকালে ওই তরুণ প্রেমিক বন্ধদের নিয়ে ওই মোবাইলগুলি ফেরত নিতে এলাকায় গেলে ফের শুরু হয়ে যায় বচসা। খবর পেয়ে এলাকায় পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে বালুরঘাট থানার পুলিশ। ওই যুগলকে হেনস্তা করার অভিযোগে এলাকার দুজনকে আটক করেছে পুলিশ। এছাড়াও ছিনতাই হওয়া মোবাইলগুলিও উদ্ধার করে পুলিশ। তবে সোমবার বিকেল পর্যন্ত এ নিয়ে লিখিত অভিযোগ দায়ের হয়নি কোনও তরফেরই।

বিষয়টি খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন বালুরঘাট আইসি সুমন্ত বিশ্বাস। জানা গ্রিয়েছে, বালুরঘাট শহর থেকে হিলিগামী ৫১২ নম্বর জাতীয় সড়কের ধার দিয়ে জংগলপুরে গ্রামে যাবার একটা রুটে সন্ধ্যার পর থেকে যুগলদের আড্ডার জায়গা হয়ে উঠেছে। আর এরই সুযোগ নিয়ে ওই এলাকায় একটি তোলাবাজ গ্যাং তৈরি হয়েছে এলাকাবাসীর অভিযোগ। যুগলদের ধমকে তাদের কাছ থেকে টাকাপয়সা, মোবাইল ছিনতাইয়ের পাশাপাশি মহিলাদের শ্লীলতাহানিরও অভিযোগ উঠেছে বারবার। এর আগেও বেশ কয়েকটি

অভিযোগ পেলে মামলা করে

এমন গোলমালের ঘটনা ঘটলেও যুগলদের কেউই কখনও অভিযোগ জানাতে আসেনি। এর কারণ হিসেবে গ্রামবাসীদের বক্তব্য, যাঁরা এখানে প্রেম করতে আসেন অধিকাংশরাই বাডি ও পরিজনদের লকিয়ে আসেন তাই এ নিয়ে থানায় অভিযোগ জানিয়ে নিজেদের পরিচয় প্রকাশ্যে আনতে ভয় পান তাঁরা। তবে গ্রামবাসীদের মধ্যে এই ঘটনায় তোলাবাজ গ্যাংয়ের

#### চলছে তোলাবাজি

- বালুরঘাট শহরের ৫১২ নম্বর জাতীয় সড়কের ধারে যুগলদের থেকে তোলাবাজি করছে দুষ্কৃতীরা
- মহিলাদের শ্লীলতাহানি করার অভিযোগও সামনে
- সন্ধ্যা হলেই বসছে মদের
- দুষ্কৃতীদের ভয়ে মুখ খুলতে নারাজ এলাকাবাসী

বিরুদ্ধে একটা প্রতিবাদ মানসিকতা তৈরি হলেও, ভয়ে তাদের বিরুদ্ধে খুব একটা মুখ খুলতে চান না কেউ।

স্থানীয় এক বধূ জানিয়েছেন যে এলাকায় যুগলদের আটকানো হয়েছিল, সেখানে দুষ্কৃতীরা মদের আসরও বসায়। রবিবার রাতে ওই যুগলের সঙ্গে কিছু দুষ্কৃতীর বচসা হয়। তাঁদের হেনস্তা করা হয়। সোমবার সকালে মোবাইলগুলি ফেরত চাইতে এলাকায় এলে, আবার স্থানীয় কিছ তরুণের সঙ্গে গোলমাল বাঁধে। পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য দুজনকে আটক করে নিয়ে যায়।



মালদার নারায়ণপুরে কল্লোল মজুমদারের তোলা ছবি।

# কাটাতারের পাশে

বিশ্বজিৎ প্রামাণিক

পতিরাম, ৯ জুন : ভারত-বাংলাদেশ সীমান্তের গোপালবাটী পঞ্চায়েতের কুমারগ্রাম এলাকায় রবিবার মাঝরাতে এক ব্যক্তিকে সীমান্তের কাঁটাতারের পাশে ঘোরাফেরা করতে দেখে বিএসএফ। সীমান্তে চোরাচালান এবং আন্তঃদেশীয় উত্তেজনার আবহে ওই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়। ওই ব্যক্তিকে আটক করা হয়েছে। রাতভর তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়। কিন্তু তিনি পুরো সময় নীরব ছিল বলে জানা গিয়েছে। এমনকি ওই ব্যক্তি নিজের কোনও পরিচয়ও দেননি। সম্প্রতি সীমান্ত এলাকায় বেআইনি অনুপ্রবেশের রমরমার মধ্যে ওই অজ্ঞাতপরিচয়


ব্যক্তিকে ঘিরে সন্দেহ বাড়ছে বিএসএফের। সোমবার সকালে ওই ঘটনায় কুমারগ্রামের এক পঞ্চায়েত সদস্য মিজানুর মণ্ডল বিএসএফ ক্যাম্পে হাজির হন। তিনি জানিয়েছেন, ওই ব্যক্তি বহুদিন ধরেই এলাকায় ঘোরাফেরা করছেন। স্থানীয়দের কাছে মানসিক ভারসাম্যহীন হিসেবে পরিচিত। তবে তিনি কোথা থেকে এসেছেন এবং ঠিক কতদিন ধরে ওই এলাকায় রয়েছেন তা কেউ জানেন না। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, প্রাথমিকভাবে লোকটিকে ভবঘুরে হিসেবেই গণ্য করা হলেও তাঁর প্রকৃত পরিচয় ও উদ্দেশ্য খতিয়ে দেখতে তদন্ত জারি রাখা হয়েছে। বর্তমানে তাঁকে মেডিকেল পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

প্রায় দেড় দশক আগে পতিরাম এলাকায় এক ভবঘরের বসবাস ছিল। সকলের কাছে তিনি কঞ্চ নামে পরিচিত ছিলেন। পরে অবশ্য জানা যায় যে তিনি রাজ্যের একজন স্পেশাল অফিসার। যিনি ছদ্মবেশে ভবঘুরে হয়ে বহুদিন পতিরামের বিভিন্ন এলাকায় ঘুরে বেড়াতেন। কিন্তু এবার পরিচয়হীন ভবঘুরে এই ব্যক্তিটি ভিনদেশের কোনও এজেন্ট বা দুষ্কৃতীদের সঙ্গে যুক্ত কি না বর্তমানে তারই খুঁটিনাটি খুঁজছে বিএসএফ। সীমান্তে এমন ভবঘুরেদের পরিচয় ও গতিবিধি নিয়ে এখন কঠোর নজরদারি চালাতে উদ্যোগ নিয়েছে সীমান্ত রক্ষীবাহিনী। পরিস্থিতি আপাতত স্বাভাবিক রয়েছে। তবে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত উদ্বেগ কাটছে না বলেই মনে করা হচ্ছে।





ভারতের প্রতিরক্ষা রপ্তানির ৩৩ গুণ বৃদ্ধি



দেশ সবাগ্রে

নিণায়ক, নিঃশঙ্ক,

স্বদেশে প্রস্তুত বিমানবাহী জাহাজ আইএনএস বিক্রান্ত

'চিফ অফ ডিফেন্স স্টাফ' পদ তৈরি, প্রতিরক্ষা ক্ষেত্রে এক



# মেরুকরণ ঠেকাতে মীনাক্ষীর ডাক

দীপঙ্কর মিত্র ও গৌতম দাস

গাজোল, জুন : ২০১১-তে পরিবর্তনের তুলে বাম সরকারকে রাজ্যের ক্ষমতার থেকে উৎখাত করেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। '১৬-এর ভোটের দোরগোডায় তাঁর সরকারকে ফেলতে পরিবর্তনের কথা বললেন ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের (ডিওয়াইএফআই) সম্পাদিকা মীনাক্ষী মুখোপাধ্যায়। সোমবার রায়গঞ্জে তাঁকে বলতে শোনা যায়, 'আমরা বাড়িতে ঢুকে থাকলে কি পরিবর্তন শিক্ষকদের ্ চাকরিচ্যু**ত** পাশে থাকার থেকে আরজি কর আন্দোলন, একশোদিনের কাজের দাবি থেকে আনিশ খান প্রসঙ্গ সহ নানা বিষয় এদিন তুলে ধরে মীনাক্ষী দাবি করেন, বামপন্থীদের বাইরে কোনও রাজনৈতিক দলই মানুষের দাবি আদায়ে আন্দোলনের পূথে থাকে না। তিনি বলেন, 'বিজেপির যুব মোচার বা তৃণমূল যুব সংগঠনের কোনও আন্দোলন দেখা যায়? একটা দেওয়াল লিখন পর্যন্ত নেই।'

সিপিএমের যুব সংগঠন ডিওয়াইএফআই-এর ২০তম রাজ্য সম্মেলনকে কেন্দ্র করে রাজ্যজুড়ে ছুটে বেড়াচ্ছেন মীনাক্ষী। রায়গঞ্জের ভটোল থেকে একটি মোটরবাইক র্য়ালি বের করা হয়। যা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। র্যালিতে ছিলেন মীনাক্ষী। ইনস্টিটিউট প্রাঙ্গণে বক্তব্য রাখার সময় সংগঠনের রাজ্য সম্পাদিকা মীনাক্ষী রাজ্য সরকারের

গিজাঁঘর এলাকায়।

ট্র্যাক্টরচালক

পুলিশ ও পারিবারিক সূত্রে

যামাদার

পেশায়

বলেন

জানা গিয়েছে, রাত ৮টা নাগাদ

আপ মালবাহী ট্রেনের ধাকায়

(৩০)। তাঁর পরিবারে স্ত্রী, তিন

সন্তান ছাড়াও রয়েছেন মা এবং

চার ভাই। তাঁর দাদা রেজাউল শেখ

বলেন, 'পরিবারে একটু ঝামেলা

হয়েছিল। তাই ভাইয়ের মন খারাপ

ছিল। তবে এভাবে ভাইয়ের মৃত্যু

মালদা টাউন জিআরপি'র

হবে, আমরা ভাবতে পারছি না।

প্রশান্ত রায়

'প্রাথমিক তদন্তে মনে হচ্ছে

কোনও কারণবশত ওই তরুণ

ট্রেনের নীচে ঝাঁপ দিয়েছেন।

তবে কী কারণে মৃত্যু, তা খতিয়ে

আত্রেয়ীর ধারে

ঝুলন্ত দেহ

কুমারগঞ্জ, ৯ জুন : নিখোঁজ ব্যক্তির ঝুলন্ত দেহ মিলল রবিবার

রাতে আত্রেয়ী নদীর ধারে। পুলিশ

জানায়, মৃতের নাম দিলীপ মার্ডি

(৪০)। নদীর ধারে একটি গাছে

ঝুলন্ত অবস্থায় দেখতে পাওয়া যায়

কুমারগঞ্জের ধাদলপাড়ার বাসিন্দা

বেশ কিছুদিন ধরে মানসিক অবসাদে

ভুগছিলেন দিলীপ। তিনদিন আগে

নিখোঁজ হয়েছিলেন তিনি। শুক্রবার

তার ভাই কুমারগঞ্জ থানায় নিখোঁজ

আত্মহত্যা বলে অনুমান করা

হলেও, কুমারগঞ্জ থানার পুলিশ

পরিবার সূত্রে জানা গিয়েছে,

দিলীপকে।

ডায়েরি করেন।

প্রাথমিকভাবে

ঘটনার তদন্ত করছে

ঘটনাস্থলেই মৃত্যু হয়



ডিওয়াইএফআইয়ের সম্প্রীতি যাত্রা। সোমবার। ছবি : দিবাকর সাহা

বিভিন্ন দুর্নীতির পাশাপাশি তরুণদের কর্মসংস্থানের দাবিতে সরব হন। দুর্নীতি এবং কর্মসংস্থানের প্রশ্নে বিজেপি ও তৃণমূল যুব সংগঠনকে এক হাত নেন তিনি। তিনি বলেন, 'সম্প্রীতি ও স্থায়ী কাজের দাবিতে ডিওয়াইএফআই একটি সম্প্রীতি যাত্রার কর্মসূচি গ্রহণ করেছে। যার মূল দাবি, পশ্চিমবঙ্গে স্থায়ী কাজের ব্যবস্থা করতে হবে সরকারকে। রাখতে হবে সম্প্রীতি। ইসলামপরের কিশোর নিখোঁজের ঘটনায় সুর চড়ান তিনি। মীনাক্ষী বলেন, 'বিজেপির ঘোষিত অ্যাজেন্ডা হল ধর্মীয় মেরুকরণ। ধর্মীয় মেরুকরণ করে ভোট আদায় করতে চায়। যুব সমাজের উন্নয়নে এদের কোনও ভূমিকা নেই। তৃণমূল যুব সংগঠন বলৈ কোনও সংগঠন আছে কি না, তা সাধারণ যুব সমাজের জানা নেই।

শ্রীহরিকোটা, ৯ জুন: খারাপ আবহাওয়ার কারণে ফের পিছিয়ে গেল ভারতীয় মহাকাশচারী শুভাংশু শুক্লার মহাকাশযাত্রা। মঙ্গলবার আমেরিকা, পোল্যান্ড ও হাঙ্গেরির মহাকাশচারীদের সঙ্গে আন্তজাতিক স্পেস স্টেশনের উদ্দেশে যাত্রা শুরু করার কথা ছিল শুভাংশুর। কিন্তু তা পিছিয়ে বধবার করা হয়েছে। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো জানিয়েছে, অ্যাক্সিয়ম-৪ নামের অভিযানের আওতায় শুভাংশুর আন্তজাতিক মহাকাশকেন্দ্রে যাওয়ার কথা ছিল। আমেরিকার কেনেডি স্পেস সেন্টার থেকে স্পেসএক্স ড্রাগন রকেটে যাত্রা করার কথা ছিল ভারত সহ ৪ দেশের মহাকাশচারীদের। কিন্তু রবিবার থেকে উৎক্ষেপণকেন্দ্র এলাকার আবহাওয়া খারাপ হতে থাকে। সতর্কতামূলক পদক্ষেপ হিসাবে অভিযানের দিন পিছিয়ে দেওয়া হয়েছে। সব কিছু ঠিকঠাক মহাকাশকেন্দ্রের উদ্দেশে পাড়ি দেবেন শুভাংশুরা

### প্রেমিকাকে কুপিয়ে খুন

বেঙ্গালুরু, ৯ জুন : বিবাহিত কুপিয়ে অভিযোগ উঠল এক ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে। ইতিমধ্যে অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্ধার হওয়া দেহ ময়নাতদত্তে পাঠিয়েছে 'ওয়ো'র তারা। বেঙ্গালুরুর হোটেলে ঘটে এই ঘটনা। প্রেমিকার বয়স ৩৩, তরুণের ২৫।

পুলিশ জানিয়েছে, বেঙ্গালুরুর পূর্ণপ্রজ্ঞার কাছে একটি হোটেলে উঠেছিলেন হরিণী এবং যশেস। তাঁরা দু'জনেই কেনগেরির বাসিন্দা এবং একে অন্যের পডশিও বটে। শুক্রবার তাঁরা 'ওয়ো'র হোটেলে ওঠেন। মনে করা হচ্ছে, সেই দিনই হরিণীকে খুন করেন যশেস। হোটেল ঘরে দু'জনের ঝগড়ার সময় ছুরি নিয়ে হরিণীকে কোপান আট বছরের ছোট প্রেমিক। বেঙ্গালুরু পুলিশের আধিকারিক বলেন, 'মোট ১৭ বার কোপ মারা হয়েছে মহিলার শরীরে।

হোটেল কর্তৃপক্ষের মাধ্যমে খবর পেয়ে সোমবার দেহ উদ্ধার করে পুলিশ। ২৫ বছরের ইঞ্জিনিয়ারের সঙ্গৈ তরুণীর অনেক দিনের সম্পর্ক। তবে সেই সম্পর্ক ছাঁদনাতলা পর্যন্ত গড়ায়নি। হরিণীর বিয়ে হয় অন্যত্র। তাঁর দই সন্তান্ও রয়েছে। কিন্তু বিয়ের পরেও পড়শি তরুণের সঙ্গে সম্পর্ক ছিল তাঁর। সম্প্রতি দই পরিবারেই এ নিয়ে অশান্তি হচ্ছিল। প্রেমিক-প্রেমিকার মধ্যেও ঝগড়াঝাঁটি চলছিল। সেসব 'ঠিক' করার জন্য হোটেলে দেখা করেছিল দুজনে।

### সুকমায় নিহত পুলিশকতা

রায়পুর, ৯ জুন : সোমবার ছত্তিশগড়ের সক্রমায় মাওবাদীদের পুঁতে রাখা আইইডি বিস্ফোরণে মৃত্যু হল অতিরিক্ত পুলিশ সুপার (এএসপি) আকাশ রাও গিরিপুঞ্জের। আহত ৩ জন। বিজাপুর অঞ্চলে যৌথবাহিনীর অভিযানে মাওবাদীদের কেন্দ্রীয় কমিটির সদস্য সুধাকর এবং তেলেঙ্গানা রাজ্য কমিটির সদস্য



ভাস্কর সহ একাধিক নেতার মৃত্যুর প্রতিবাদে মঙ্গলবার দেশব্যাপী বনধ ডেকেছে মাওবাদীরা। তার আগে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে রবিবার কোন্টা-এরাবোরে সড়কের কাছে দোন্দ্রা এলাকায় বাহিনী নিয়ে ট্রতল দিচ্ছিলেন আকাশ। সেই সময় আইইডি বিস্ফোরণে গুরুতর জখম হন আকাশ সহ কয়েকজন পূলিশকর্মী।

আহতদের উদ্ধার স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সোমবার মৃত্যু হয়েছে আকাশের। আহত বাকি পুলিশকর্মীদের অবস্থা স্থিতিশীল। গত কয়েকদিনে ছত্তিশগড়, মহারাষ্ট্র ও ঝাড়খণ্ডে মাওবাদী দমনে ব্যাপক সাফল্যের পর পুলিশকতার মৃত্যুর ঘটনায় নড়েচড়ে বসেছে প্রশাসন।

#### অনুমতি রানাকে

नग्नामिल्लि, ৯ জून : ২৬/১১ মুম্বই হামলার অন্যতম চক্রী তাহাউর রানাকে পরিবারের সঙ্গে কথা বলার অনুমতি দিল দিল্লির একটি আদালত<sup>।</sup> সোমবার আদালত জানিয়েছে, জেলের নিয়ম কঠোরভাবে মেনে একবারই পরিবারের সঙ্গে কথা বলতে পারবে রানা। তিহার কর্তৃপক্ষকে সেই কথোপকথনের রিপোর্ট আদালতে জমা দিতে হবে।

# মধুচন্দ্রিমায় স্বামীহন্তা সোনম, বিশ্বাস হচ্ছে না পরিবারের

নিখোঁজ কাণ্ডে নয়া মোড়।

১৭ দিন ধরে বেপাত্তা ছিলেন মেঘালয়ে মধুচন্দ্রিমায় যাওয়া সোনম রঘুবংশী।

কয়েকদিন আগে তাঁর ব্যবসায়ী স্বামী রাজা রঘুবংশীর ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হলেও খোঁজ মিলছিল না তরুণীর। সোমবার ভোররাতে উত্তরপ্রদেশের গাজিপরের এক ধাবা থেকে বাড়িতে ভিডিও কল করেন নিখোঁজ সোনম। সেই ফোন কলই ধরিয়ে

সোনমকে হেপাজতে নিয়ে জেরা করছে গাজিপুর পুলিশ। কীভাবে তিনি শিলং থেকে গাজিপুরে পৌঁছোলেন, গত ১৭ দিনে তাঁর সঙ্গে কী কী ঘটেছে, সবই পুঙ্খানুপুঙ্খভাবে জানতে চাওয়া হচ্ছে। রাজার সঙ্গে বিয়ের আগে সোনমের সঙ্গে রাজ কুশওয়াহা নামে এক তরুণের প্রেমের সম্পর্ক ছিল বলে সন্দেহ পুলিশের। বিয়ের পরেও দু'জনের যোগাযোগ ছিল। ওই কুশওয়াহাই কি এই খুনের মাস্টারমাইভ? সেই কারণেই সোনম স্বামীকে খুন করেছেন অথবা করিয়েছেন কি না, তা-ও খতিয়ে দেখা হচ্ছে। এই বিষয়ে ধৃত তরুণীর মা সংগীতা বলেন, 'কোনটা ঠিক, কোনটা ভূল তা তদন্তের পরেই জানা যাবে। কিন্তু মেয়েকে যে খুঁজে পাওয়া গিয়েছে. আপাতত সেটাই স্বস্তির।'

এই মামলায় এ পর্যন্ত সোনম ছাড়াও আরও চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁদের মধ্যে একজন হলেন রাজ কশওয়াহা, যাঁর সঙ্গে সোনমের প্রেমের সম্পর্ক। বাকি

## পুলিশের দাবি, মেঘালয়ে রাজা হত্যায় ছিল ভাড়াটে খুনিরা



তিনজন অভিযুক্তের নাম আকাশ রাজপুত, বিকাশ ওরফে ভিকি এবং আনন্দ। মেঘালয় পুলিশ জানিয়েছে, উত্তরপ্রদেশ পুলিশের হাত থেকে সোনমকেও তারা হেপাজতে নেবে। পুলিশের দাবি, চাপের মুখে অপরাধ কবল করেছেন সোনম। তিনি মধ্যপ্রদেশের তিনজন ভাড়াটে খুনিকে লাগিয়েছিলেন রাজাকে খুন করতে। যদিও এ নিয়ে ধন্দ ্রয়েছে রাজা ও সোনমের পরিবারের। দুই সিয়েছিলেন সোনম। পুত্রবধু সকলের সঙ্গে

পরিবারের তরফেই সিবিআই তদন্তের এত মিষ্টিভাবে কথা বলতেন যে কারও দাবি জানানো হয়েছে। নিহত তরুণের মনে কোনও সন্দেহই হয়নি। অন্যদিকে মা উমা বলেন, 'সোনম যদি দোষী হয়, তবে কঠোরতম শাস্তি চাই। নির্দেষি হলে দোষারোপ করব না। মেয়ের মতোই আদর করতাম ওকে।' অবশ্য তাঁর দাবি. রাজাকে ১০ লক্ষ টাকার গয়নাগাটি পরিয়ে একরকম জোর করেই শিলংয়ে নিয়ে

একনজরে

- স্বামী রাজা রঘুবংশীকে ১০ লক্ষ টাকার গ্রনাগাটি পরিয়ে জোর করেই শিলংয়ে নিয়ে যান ইন্দোরের সোনম
- সোনমের সঙ্গে রাজ কুশওয়াহা নামে এক তরুণের প্রেমের সম্পর্ক ছিল। সে হয়তো এই খুনের মাস্টারমাইভ
- প্রেমের কাঁটা সরাতেই কুশওয়াহার সঙ্গে মিলে মেঘালয়ের নির্জন পাহাডে

সোনমের দেওর বিপিন রঘুবংশী।

■ তিন ভাড়াটে খুনিকে সঙ্গে নিয়ে খুনের মূল কারিগর কুশওয়াহাই

দোষী বানিয়ে দিয়েছে।' ১১ মে পরিবারের সম্মতিতে বিয়ে সোনমের ওপর সন্দেহ থাকলেও এখনই হয় সোনম ও রাজার। ২০ মে তাঁরা তাঁকে 'অভিযুক্ত' বলে দাগিয়ে দিতে চান না মধুচন্দ্রিমায় যান মেঘালয়ে। ২৩ মে তাঁরা এসে পৌঁছোন চেরাপুঞ্জিতে। এরপরই তাঁরা সোনমের বাবা দেবী সিং দাবি বলেন, নিখোঁজ হন। ২ জুন রাজার দেহ মেলে পুলিশ স্থানীয়দের মিথ্যা কথায় বিভ্রান্ত চেরাপুঞ্জির সোহরায় একটি খাদের নীচে হচ্ছে। মেয়ে নির্দোষ, সিবিআই তদন্ত চাই। ওয়াইসডং জলপ্রপাতের কাছে থেকে। হয়েছে। তাঁর কথায় অবিশ্বাস করার মতো পুলিশ তো ওর সঙ্গে কথাই বলেনি, তবু দেহে গয়নাগাটি ছিল না। পরে উদ্ধার হয়

পরিকল্পনায় তো বটেই

মধুচন্দ্রিমার পরিকল্পনা

ভাড়াটে খুনিকে নিয়োগ

ব্যবহৃত রেইনকোট উদ্ধার

রাজার মাথার সামনে ও

💶 কৃশওয়াহার সাহায্যে তিন

রক্তমাখা একটি দা ও দম্পতির

পিছনে দুটি জোরালো আঘাতের

■ খুনে জড়িত সোনমও, অন্তত

রেনকোট। ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টে রাজা রঘবংশীর মাথার সামনে ও পিছনে দূটি আঘাতের চিহ্ন মিলেছে। খুনে ব্যবহৃত অস্ত্রটি সম্ভবত 'দা' ধরনের ধারালো হাঁসুয়া। সেটি গুয়াহাটির একটি বাজার থেকে কেনা হয়েছিল বলে জানিয়েছে পুলিশ।

সোমবার কাকভোরে উত্তরপ্রদেশের গাজিপুরে সোনমের সন্ধান পাওয়া যায়। পুলিশ জানিয়েছে, ভোর নাগাদ গাজিপুরের নন্দগঞ্জ এলাকায় বারাণসী-গাজিপুর রোডের ওপর 'কাশী ধাবা'য় পৌঁছোন সোনম। কাঁদতে কাঁদতে ধাবার মালিকের কাছ থেকে তাঁর ফোনটি চান। সেই ফোন থেকেই ভিডিও কল করেন বাড়িতে।

ধাবা মালিক সাহিল যাদব জানিয়েছেন রবিবার রাত প্রায় ১টা নাগাদ সোনম তাঁর ধাবায় এসে হাজির হন। একা, ভীত ও বিধ্বস্ত অবস্থায় কাঁদতে কাঁদতে তিনি ধাবায় ঢোকেন। বলেন, বাডিতে ফোন করতে হবে। সাহিল তাঁকে নিজের ফোন দেন। ভাইয়ের সঙ্গে কথা বলার পর সোনম আবারও কান্নায় ভেঙে পড়েন। এরপর সাহিলই পুলিশের সঙ্গে যোগাযোগ করেন। সাহিলের কথায়, 'তরুণীকে দেখে বুঝেছিলাম ভয়ংকর কিছু ঘটে গিয়েছে। তাই প্রশ্ন না করে যথাসাধ্য সাহায্য করেছি। তরুণী বলেছিলেন, গয়নাগাটি লুঠ করে চোখের সামনেই তাঁর স্বামীকে খুন করা

# প্রতিশ্রুতি বনাম বাস্তবতা, তজা

নয়াদিল্লি, ৯ জুন : '২৪-এর লোকসভা ভোটে জিতে কেন্দ্রে টানা তৃতীয়বার ক্ষমতায় এসেছে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন এনডিএ। সোমবার ছিল সেই তৃতীয় মোদি সরকারের প্রথম বর্ষপূর্তি। নোটবন্দি, করোনা লকডাউন পর্ব পার করে গত আর্থিক বছরে জিডিপির গড় বৃদ্ধি সাড়ে ৬ শতাংশ। তবে কর্মসংস্থান, শিল্পে বিনিয়োগ নিয়ে চিন্তা রয়েই গিয়েছে। ট্রাম্পের পারস্পরিক শুল্কনীতি এবং ইউক্রেন যুদ্ধের মতো আন্তজাতিক ঘাত-প্রতিঘাত ভারতের বিকাশে কতটা প্রভাব ফেলবে, তা নিয়ে অর্থনীতিবিদদের মধ্যে মত-পালটা মত রয়েছে। যে বিরোধ শাসক-বিরোধী

সোমবার এক সাংবাদিক বৈঠকে মোদি সরকারের সাফল্যের খতিয়ান পেশ করেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি সভাপতি জেপি নাড্ডা। তিনি বলেন, 'স্শাসন, দরিদ্রদের কল্যাণে প্রধানমন্ত্রী মোদির নেততাধীন সরকারের কাজ স্বর্ণাক্ষরে লেখা থাকবে। মোদি দেশের রাজনৈতিক সংস্কৃতি বদলে দিয়েছেন। তিনি সবসময় সক্রিয়। সব ব্যাপারেই জনতার পাশে থাকেন'। সরকারের হিসাবে সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ রদ, তিন তালাক বাতিল, ওয়াকফ সংশোধনী নোট বাতিল মহিলা সংরক্ষণ বিলের উল্লেখ করেন

তর্জায় নতুন মাত্রা যোগ করেছে।

অপারেশন সিঁদুর নিয়ে কংগ্রেস

# তৃতীয় মোদি সরকারের প্রথম বর্ষপূর্তি

আমরা আমাদের যৌথ সাফল্যের জন্য গর্বিত। আশা, আত্মবিশ্বাস এবং একটি উন্নত ভারত গড়ে তোলার এক নতুন সংকল্প নিয়ে

গত ১১ বছরে কেন্দ্র কোনও প্রশ্নের জবাব দেয়নি, কোনওরকম পরিবর্তন আনেনি। যেটা করে তা হল গালভরা প্রচার। এই সরকার ২০২৫ সালের কথা বলা বন্ধ করে দিয়েছে।

এখন ২০৪৭ সালের স্বপ্ন ফেরি করে বেড়াচ্ছে।

ব্যাপারেই জনতার পাশে থাকেন।

আত্মবিশ্বাস এবং একটি উন্নত ভারত

সুশাসন, দরিদ্রদের কল্যাণে প্রধানমন্ত্রী মোদির নেতৃত্বাধীন সরকারের কাজ স্বর্ণাক্ষরে লেখা থাকবে। মোদি দেশের রাজনৈতিক সংস্কৃতি বদলে দিয়েছেন। তিনি সবসময় সক্রিয়। সব

নেতা রাহুল গান্ধির সমালোচনার গড়ে তোলার এক নতুন সংকল্প নিয়ে এগিয়ে চলেছি।' পোস্টটির সঙ্গে '১১ জবাবও দিয়েছেন তিনি। মন্ত্রী বলেন, 'রাহুল গান্ধি দায়িত্বজ্ঞানহীন বিরোধী বছরের সেবা' হ্যাশট্যাগ ব্যবহার নেতার ভূমিকা পালন করছেন। ঈশ্বর করেছেন প্রধানমন্ত্রী। কেন্দ্র-বিজেপির প্রচারের জবাব তাঁকে সুবুদ্ধি দান করুন।' কেন্দ্রে টানা ১১ বছর ক্ষমতায় থাকা উপলক্ষ্যে দিতে দেরি করেনি কংগ্রেস। বিরোধী দলনেতা রাহুল গান্ধি এক্স হ্যান্ডেলে এদিন এক বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, 'আমরা আমাদের যৌথ সাফল্যের জন্য গর্বিত। আশা,

গালভবা প্রচাব। এই সবকাব ১০১৫ সালের কথা বলা বন্ধ করে দিয়েছে। এখন ২০৪৭ সালের স্বপ্ন ফেরি করে বেড়াচ্ছে।' কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলেন, 'আজ বিজেপি সভাপতি জেপি নাড্ডাকে দুপুর ১২টায় সাংবাদিকদের সঙ্গে দেখা করার জন্য ডাকা হয়েছে।... লেখেন, 'গত ১১ বছরে কেন্দ্র কোনও প্রধানমন্ত্রী এখনও কেন পালিয়ে প্রশ্নের জবাব দেয়নি, কোনোরকম বেড়াচ্ছেন? নাকি প্রশ্নোত্তর তৈরি পরিবর্তন আনেননি। যেটা করে তা হল করার মতো লোকজনকে খুঁজতে সময়

পুরোপুরি তৈরি হয়নি?' তৃণমূল কংগ্রেসও এদিন বিজেপির প্রতিশ্রুতি এবং বাস্তব অবস্থা নিয়ে সরব হয়েছে। গরিব-মধ্যবিত্তের দুর্দশা থেকে মহিলাদের নিরাপত্তা, কৃষকদের দুরবস্থা, রেল পরিকাঠামোর অবনতি, দুর্নীতি দমন সংস্থার ব্যর্থতার

পরিসংখ্যান তুলে ধরেছে তৃণমূল। তৃণমূল জানিয়েছে, দেশে প্রায় ৭.৫ কোটি মানুষের দৈনিক আয় ২২৫ টাকার কম। যেখানে একটি নিরামিষ থালির গড় দাম ৭৭ টাকা, সেখানে দেশের দরিদ্রতম মানুষদের মাথাপিছু আয় মাত্র ৬৮ টাকা। ২০১৮ থেকে ২০২৩ পর্যন্ত মহিলাদের কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে মাত্র ২.৩ শতাংশ হারে। তৃণমূলের রাজ্যসভার নেতা ডেরেক ও'ব্রায়েনের দাবি, বিজেপি মহিলা সংরক্ষণ বিল পাশ করলেও সেটি বাস্তবায়নের জন্য কোনও সময়সীমা স্থির করেনি। লোকসভায় বিজেপির মহিলা সাংসদ মাত্র ১৩ শতাংশ। তৃণমূলের বিবৃতিতে জানানো হয়েছে, দেশে প্রতিদিন ৩০ জন কৃষক আত্মহত্যা করছেন। ২০১৮-'২৩<sup>`</sup>পর্যন্ত গ্রামে শ্রমিকদের মজুরি বেড়েছে মাত্র ০.৪ শতাংশ। কৃষি মজুরি বৃদ্ধির হার ০.২ শতাংশ। ইডি গত ১১ বছরে ৫.২৯৭টি মামলা দায়ের করলেও আদালতে বিচার চলছে মাত্র ৪৭টির। সাংসদ ও বিধায়কদের বিরুদ্ধে ১৯৩টি মামলা হয়েছে। কিন্তু দোষী সাব্যস্ত হয়েছেন মাত্র ২ জন। বিজেপির দুর্নীতিবিরোধী অভিযানের কার্যকারিতা নিয়েই প্রশ্ন তুলেছে তৃণমূল।



আত্মীয়রা ভেঙে পড়েছে কান্নায়। সোমবার থানেতে। -পিটিআই

# থানেতে ট্রেন থেকে

মুম্বই, ৯ জুন:ট্রেনে বাদুড়ঝোলা মুম্বই থেকে থানের কসারা যাওয়ার ঘটনায় ১০-১২ জন গুরুতর জখম হয়েছেন বলে খবর। আহতদের দ্রুত নাম জানা গিয়েছে। তাঁরা হলেন কেতন দিলীপ সরোজ (২৩), রাহুল সন্তোষ গুপ্ত এবং ময়ূর সাহা (৫০)। নিত্যযাত্রীরা। দুর্ঘটনায় শিবসেনা উচ্চপর্যায়ের তদন্তের দাবি করেছে।

বেলেব এক মুখপাত্র দিবা-মুস্থা স্টেশন জানিয়েছেন, সংলগ্ন এলাকা দিয়ে যাওয়ার সময় যাত্রীবাহী ট্রেন থেকে কয়েকজন পড়ে যান। কী কারণে এই দুর্ঘটনা, এখনও স্পষ্ট নয়। তা খতিয়ে দেখা হচ্ছে। তবে রেলের দাবি, ট্রেনের পড়েছিলেন। সেই কারণেই এই দুর্ঘটনা। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, তাঁদের মধ্যে এক মহিলাও ছিলেন। দরজার ব্যবস্থা করা হবে।

সোমবার সকালে ব্যস্ত সময়ে ভিড। দরজায় ঝলে যেতে গিয়ে টেনে ভিড ছিল বেশি।প্রত্যক্ষদর্শীদের চলন্ত ট্রেন থেকে ছিটকে পড়ে মৃত্যু দাবি, ট্রেনে তিলধারণের জায়গা ছিল হল অন্তত পাঁচজনের। ঘটনাটি ঘটে না। অনেকে ভিতরে ঢুকতে না পেরে দরজায় ঝলছিলেন।টেনের দ'দিকের পথে একটি লোকাল ট্রেনে। ওই দরজাতেই অনেকে দাঁড়িয়েছিলেন। ট্রেন স্টেশন ছেড়ে কিছুটা এগোতেই তাঁরা হাত ফসকে ছিটকে পড়ে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যান। আহতের অনেকের অবস্থাই যাওয়া হয়। মৃতদের মধ্যে তিনজনের সংকটজনক। দুর্ঘটনার কারণে ওই লাইনে ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। ব্যস্ত সময়ে দভেগের মুখে পড়েছেন

দুর্ঘটনার পর টনক নড়েছে রেলের। এ বার মুম্বইয়ের সব লোকাল ট্রেনে স্বয়ংক্রিয় দরজা বসানো হবে। রেল বোর্ডের তথ্য এবং প্রচার বিভাগের অধিকর্তা দিলীপ কুমার জানান, মহারাষ্ট্রে দুর্ঘটনার পরেই রেল মন্ত্রক থেকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মুম্বইয়ের জন্য নতুন যে কামরাগুলি ওই কামরায় অতিরিক্ত যাত্রী উঠে তৈরি হচ্ছে, সেখানে স্বয়ংক্রিয় দরজা বসানো হবে। পাশাপাশি বর্তমানে যে লোকাল ট্রেনগুলি মুম্বই শহরতলিতে ট্রেন থেকে যাঁরা পড়ে গিয়েছেন, চলাচল করে, সেগুলিতেও স্বয়ংক্রিয়

# কাল ইমরানের মুক্তি নিয়ে জল্পনা

পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের সম্ভাব্য জামিন নিয়ে নতুন করে জল্পনা ছড়িয়েছে। পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)-এর বর্তমান প্রধান গোহর আলি খান দাবি করেছেন, ২০২৩ সালের অগাস্ট থেকে কারাবন্দি থাকা ইমরান ১১ জুন জামিন পেতে পারেন। এই ইঙ্গিত অনেকের কাছে পাকিস্তানের সেনাবাহিনীর শীর্ষকর্তা আসিম মুনিরের নরম মনোভাবের লক্ষণ বলৈই ধরা পডছে।

পাক সংবাদমাধ্যম 'এআবওয়াই নিউজ'কে এক সাক্ষাৎকারে গোহর বলেন, 'ইমরানকে ছাড়াই চারটে ইদ কেটে গেল। তবে উনি খুব শীঘ্ৰই ছাড়া পাবেন। ১১ জুন তারিখটি খুবই গুরুত্বপূর্ণ হতে চলেছে।'

গোহর এই মন্তব্য করেছেন নিজেকে দলের 'মুখ্য পৃষ্ঠপোষক' ঘোষণা করেছেন এবং ঘোষণা



হয়নি। তবে রাজনৈতিক মহলে কানাঘুষো চলছে যে সেনাবাহিনীর সঙ্গে 'পর্দার আড়ালে' আলোচনা হয়েছে। একাধিক মামলায় অভিযুক্ত

হয়ে সে দেশের আদিয়ালা জেলে বন্দি রয়েছেন ইমরান। আল কাদির এমন এক সময় যখন ইমরান ট্রাস্ট অর্থ তছরুপের মামলায় জামিন চেয়ে ইসলামাবাদ হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন ইমরান এবং তাঁর করেছেন জেলে বসেই দেশজুড়ে স্ত্রী বুশরা বিবি। তবে তদন্তকারী প্রতিবাদ আন্দোলন চালানোর। সংস্থার আর্জিতে সেই শুনানি ১১ যদিও ইমরান দাবি করেছেন, তাঁর জুন পর্যন্ত পিছিয়ে দেয় আদালত।

কেরল উপকূলের কাছ দিয়ে যাওয়ার সময় বড়সড়ো বিস্ফোরণ ঘটেছে সিঙ্গাপুরের একটি পণ্যবাহী জাহাজে। সোমবার সকালে হওয়া আগুন ধরে যায়। খবর পেয়ে উদ্ধারকাজ শুরু করেছে ভারতীয় নৌসেনা। ঘটনাস্থলে পৌঁছে গিয়েছে নৌবাহিনীর জাহাজ আইএনএস করছে নৌসেনা। ক্ষতিগ্রস্ত জাহাজের নোঙর করেছে। সোমবার সকাল কর্মীদের নিরাপদ জায়গায় সরিয়ে ৮টা নাগাদ জাহাজটি নবনির্মিত

নিয়ে যাওয়া হয়েছে। কয়েকঘণ্টার বন্দরে প্রবেশ করে।

তিরুবনন্তপুরম, ৯ জুন : চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে। সিঙ্গাপরের জাহাজটির নাম এমভি ওয়ান হায় ৫০৩। ২৭০ মিটার দীর্ঘ জাহাজটি ৭ জুন শ্রীলঙ্কার কলম্বো থেকে মুম্বইয়ের উদ্দেশে বিস্ফোরণের জেরে জাহাজে রওনা দিয়েছিল। কেরল উপকূলে পৌঁছোনোর পরেই সেটিতে বিস্ফোরণ ঘটে। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখা হচ্ছে। এদিকে বিশ্বের বৃহত্তম পণ্যবাহী জাহাজ এমএসসি সুরত। উদ্ধারকাজে বিমান ব্যবহার ইরিনা কেরলের ভিঝিঞ্জাম বন্দরে

# মাস্ক পরলেই গ্রেপ্তার

লস অ্যাঞ্জেলেস, ৯ **লস অ্যাঞ্জেলেস, ৯ জুন** : সরকারের অভিবাসন নীতির বিরোধিতায় উত্তাল আমেরিকার লস অ্যাঞ্জেলেস। শনিবার শহরে ন্যাশনাল গার্ড মোতায়েনের নির্দেশ দিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কিন্তু তারপরেও অবস্থা আয়তে আসেনি। সোমবার লস অ্যাঞ্জেলেসের নানা জায়গায় জনতা-পুলিশ সংঘর্ষ হয়েছে। গ্রেপ্তার করা হয়েছে শতাধিক বিক্ষোভকারীকে। পুলিশের বেশ কয়েকটি গাড়িতে আগুন লাগিয়ে উত্তেজিত জনতা। পরিস্থিতির জটিলতা আঁচ করে এদিন নতুন নির্দেশ জারি করেছেন ট্রাম্প। সমাজমাধ্যম ট্রথ সোশ্যালে এক পোস্টে তিনি লিখেছেন, 'এখন

### অ্যাঞ্জেলেস



কাউকে দেখলেই গ্রেপ্তার করা হবে।' লস অ্যাঞ্জেলেসের বিক্ষোভের গিয়েছে. অনেকের মুখে মাস্ক রয়েছে। পুলিশ না পারে সেজন্যই প্রতিবাদীরা মাস্ক

একাধিক ভিডিও ফুটেজে দেখা আন্দোলনকারীদের প্রশাসন যাতে তাঁদের চিহ্নিত করতে থেকে কেউ মাস্ক বা মুখোশ পরে পরছেন বলে মনে করছেন ট্রাম্প। প্রতিবাদে শামিল হতে পারবেন না। সেই কারণে মাস্কে নিষেধাজ্ঞা জারি বিক্ষোভকারীদের মধ্যে মাস্ক পরা করা হয়েছে। তবে বিভিন্ন দেশে উল্লেখ রয়েছে।

যখন করোনা সংক্রমণের তীব্রতা বাড়ছে সেই সময় ট্রাম্পের মাস্কে নিষেধাজ্ঞা নতুন বিতর্কের জন্ম দিল বলে পর্যবেক্ষকদের ধারণা। এদিকে লস অ্যাঞ্জেলেসে থাকা

চিনা নাগরিকদের সতর্ক করেছে শি জিনপিংয়ের সরকার। সোমবার চিনা বিদেশমন্ত্রক থেকে জারি করা এক পরামর্শপত্রে নাগরিকদের ভিড় বা স্পর্শকাতর অঞ্চলগুলি এড়িয়ে চলতে বলা হয়েছে। সেখানে লেখা, 'চিনা নাগরিকদের সরকারি নির্দেশ এবং মিডিয়া রিপোর্টগুলি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে বলা হচ্ছে। তাঁরা যেন খুব সতর্কভাবে চলাফেরা করেন। বিক্ষোভস্থল, জনবহুল এলাকা এবং স্পর্শকাতর অঞ্চলগুলি এডিয়ে চলাই বাঞ্চনীয়। নাগরিকরা যাতে রাতেরবেলা একা কোথাও না যান পরামর্শপত্রে তারও

# ইজরায়েলি সেনার হেপাজতে গ্রেটা থুনবার্গ

জেরুজালেম, ৯ জুন : ত্রাণবাহী জাহাজ মেডলিনকে গাজায় যেতেই দিল না ইজরায়েলি সেনা। জাহাজটিকে জোর করে ইজরায়েলে নিয়ে যাওয়া হয়েছে। জলবায়ু কর্মী গ্রেটা থুনবার্গ সহ জাহাজের সব ক্রুকে আটক করেছে ইজরায়েলের সেনা। তবে ইজরায়েলি ঘেরাটোপে বন্দি হওয়ার ঠিক আগে একটি ভিডিও পোস্ট করেন গ্রেটা। সেখানে তাঁকে বলতে শোনা গিয়েছে, 'আমাদের অপহরণ করার চেষ্টা করছে ইজরায়েল। ইজরায়েলের নিরাপত্তাকর্মীরা আমাদের আন্তজাতিক জলসীমা থেকে অপহরণ করেছে। আমি আমার বন্ধু, পরিবার এবং সহযোগীদের অনুরোধ করছি তাঁরা যেন সুইডিশ সরকারকে চাপ দিয়ে আমাদের দ্রুত মুক্তির ব্যবস্থা করেন।'

তারপর থেকে আর গ্রেটা বা মেডলিনে থাকা কারও সঙ্গে যোগাযোগ করা যাচ্ছে না। খবর, সিসিলি থেকে রওনা দেওয়া জাহাজটি যখন মিশর উপকূলের কাছাকাছি পৌঁছোয়, সেই সময় সেটির গতিরোধ করে ইজরায়েলি সেনা। মেডলিনে ৭টি দেশের ১২ জন নাগরিক




পালামেন্টের ফরাসি সদস্য রিমা হাসান, ফরাসি সাংবাদিক ওমর ফায়াদ, ইয়াসেমিন আকার, ব্যাপটিস্ট আন্দ্রে, থিয়াগো আভিলা, পাস্কাল মরিয়েরাস, ইয়ানিস মুহাম্মদি, সুয়াইব ওর্দু, সেরজিও তোরিবিও, মার্ক ভ্যান রেনেস এবং

রেভা ভিয়ার্ড। ইজরায়েল সরকার অবশ্য শুরু থেকে গাজায় ত্রাণবাহী জাহাজ আটকানোর বিষয়টিকে লঘু করার চেষ্টা করছে। সোমবার সেদেশের বিদেশমন্ত্রক থেকে জারি বিবৃতিতে মেডলিনকে 'সেলফি ইয়ট' বলে উল্লেখ করেছে। ইজরায়েলের দাবি, জাহাজে এক ট্রাকের

কম ত্রাণসামগ্রী রয়েছে। প্রচারের আলোয় থাকতে নাটক করছেন গ্রেটারা। জাহাজের ক্রুদের একাধিক ছবি প্রকাশ করেছে ইজরায়েল সরকার। সেখানে দেখা যাচ্ছে, ক্রুদের সবাই লাইফ জ্যাকেট পরে রয়েছেন। তাঁদের খাবার ও জল দেওয়া হচ্ছে। ইজরায়েলের বিদেশমন্ত্রকের বিবৃতিতে বলা হয়েছে, 'ওঁরা শুধু মিডিয়ার দৃষ্টি আকর্ষণ করতে নাটক করছেন। ওখানে এক ট্রাকের কম ত্রাণ রয়েছে। গাজায় ত্রাণ নিয়ে যাওয়ার একাধিক উপায় আছে। কিন্তু সেগুলির মধ্যে ইনস্টাগ্রাম সেলফি নেই।' মেডলিনে ত্রাণ পাঠানোর ব্যবস্থা করেছে ফ্রিডম ফ্লোটিয়া কোয়ালিশন নামে একটি আন্তজাতিক মঞ্চ জানিয়েছে, স্বেচ্ছাসেবীদের ওপর রাসায়নিক পদার্থ ফেলা হয়েছিল। তাঁদের চোখ-মুখ জ্বালা করছিল। প্যালেস্তাইনে রাষ্ট্রসংঘের মানবাধিকার সংক্রান্ত বিশেষ প্রতিনিধি ফ্রানচেস্কা আলবানিজ বলেন, 'মেডলিনকে অবশ্যই খুব তাড়াতাড়ি ছেড়ে দিতে হবে। ভূমধ্যসাগর এলাকার প্রতিটি বন্দরের উচিত গাজায় মানবিক সাহায্য পাঠানো।'





# অক্ষয়কে চিনতেই পারল না দর্শকরা


অনেকদিন পরে আবার দুদন্তি ফর্মে অক্ষয় কমার। তাঁর 'হাউসফুল ৫ এখন দেশজুড়ে রমরমিয়ে ব্যবসা করছে। শুরুর চারটে দিনেই প্রায় ৯০ কোটি টাকা উঠে এসেছে। এই অঙ্ক থেকে এটুকু অন্তত জানা যাচ্ছে যে, মহামারি-উত্তর যুগে এই 'হাউসফুল ৫'ই হল অভিনেতা অক্ষয়কুমারের সবচেয়ে বেশি লাভজনক রিলিজ। এর আগে, মানে মহামারির আগে কিন্তু এই সিরিজই অক্ষয়কে সবচেয়ে বেশি লাভ দিয়েছিল। 'হাউসফল ৪'-এর ওপেনিং অঙ্কটা ছিল অন্তত ২৫০ কোটি টাকার।

অবশ্য হাউসফুল ছবিকে সত্যিই হাউসফুল করে তুলতে অক্ষয়ও একেবারে মরিয়া। ছবির বিপণন আর প্রচারে কোমর বেঁধে নেমেছেন। এই তো, সিনেমা হলের বাইরে নিজে দাঁডিয়ে দর্শকদের রিভিউ নিয়েছেন। না. কেউ তাঁকে চিনতে পারেনি। কারণ অক্ষয়ের মুখে ছিল মুখোশ।

অক্ষয় কুমার যে নিজে এসেছেন তা বিন্দুমাত্র বুঝতে পারেননি দর্শকরা। একটি মুখোশের আড়ালে নিজেকে লুকিয়ে খুব সাধারণ মানুষের বেশে দর্শকদের 'হাউসফল ৫'-এর প্রতিক্রিয়া জানতে চেয়েছেন তিনি। খব স্বাভাবিকভাবেই অক্ষয়কে অন্যান্য ব্লগারদের মতো ভেবেছেন দর্শকরা। ফলে কেউ কেউ উত্তর দিয়েছেন কেউ আবার এড়িয়েও গিয়েছেন।

অক্ষয়ের এই ভিডিয়ো সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হতে একজন লিখেছেন, 'একেবারে পাবলিক ভিডিয়ো। কোনও এডিট করা ভিডিয়ো নয়।' অন্য একজন লিখেছেন, 'একজনও কি অক্ষয়ের কণ্ঠস্বর চিনতে পারলেন না? আমি হলে কিন্তু ঠিক চিনে ফেলতাম।' একজন আবার বলেন, 'একবার অন্তত মুখোশটা খুলে ফেলা উচিত ছিল আপনার।'






বিরসা দাশগুপ্তর প্রথম হিন্দি ছবির নায়ক হচ্ছেন আহান শেট্টি। বিরসা হিন্দিতে এর আগে ওয়েব সিরিজ যেমন মাফিয়া, ব্ল্যাক উইডোস, দ্য ম্যাজিক অফ শিরি বানিয়েছেন। গল্প নিয়ে তাঁর চিন্তাভাবনা এবং ছবির ভিজ্যুয়াল দিক নিয়ে পরীক্ষা-নীরিক্ষা এর মধ্যেই প্রমাণিত ও স্বীকৃত। তিনি এবার আহানের সঙ্গে হাত মিলিয়ে নতুন কিছুই যে দেবেন, তা নিয়ে কোনও সন্দেহ আর থাকছে না। আহান এখন ব্যস্ত বর্ডার ২-এর শুটিং নিয়ে, তাঁর সঙ্গে আছেন সানি দেওল ও বরুণ ধাওয়ান। এরপর তিনি শুরু করবেন বিরসা-র এই অ্যাকশন ছবি, এর নাম এখনও ঠিক হয়নি। সম্ভবত শুটিং শুরু হবে চলতি বছরের অক্টোবরে। এটি আহানের কেরিয়ারে বড় পরিবর্তন আনবে বলে মনে করা হচ্ছে। ছবির নায়িকা ঠিক হয়নি, খোঁজ চলছে। আহানের সঙ্গে সাদ আলিরও কথা চলছে একটি রোমান্টিক ছবির জন্য।




### পরেশ কি ফিরছেন



হেরা ফেরি ৩ নিয়ে জলঘোলা আবার শুরু হয়েছে। পরেশ রাওয়াল, মানে ছবির বাবুরাও হেরা ফেরি ৩-এ নেই, এ খবর তো জানাই। এই নিয়ে বিস্তর কাটাছেঁডা হয়েছে. এখন বিষয়টি আদালতের অধীন কারণ তাঁর এই ছেড়ে যাওয়া নিয়ে ২৫ কোটি টাকা ক্ষতিপূরণ চেয়ে ছবির প্রযোজক অক্ষয়কুমার পরেশের বিরুদ্ধে মামলা করেছেন।

অনুরাগীর আবেগতাড়িত পোস্টে পরেশ এমন উত্তর দিয়েছেন তাতে নেটমহল দ্বিধাগ্রস্ত—তাহলে তিনি কি হেরা ফেরি ৩-এ আবার ফিরছেন? অনুরাগী লিখেছিলেন, আপনি হেরা ফেরি ৩ ছেড়ে যাবেন না। আপনি ছবির হিরো। পরেশ উত্তর দিয়েছেন, ছবিতে তিন জন হিরো আছেন অর্থাৎ অক্ষয় ও সুনীল শেট্টির সঙ্গে নিজেকেও তিনি ছবির অন্যতম হিরো বলেই বিবেচনা করেছেন এবং এখনও! এরপরই নেটমহল আলোড়িত। তাহলে তিনি কি ছবিতে ফিরছেন? কেউ লিখেছেন আপনি জিনিয়াস, আবার সেই অভিজ্ঞতা থেকে আমাদের বঞ্চিত করবেন না। প্লিজ স্যার আর একবার ভেবে দেখন। কারওর বক্তব্য, বাবুরাও ছাড়া হেরা ফেরি অসম্ভব। অনেকের আবার বক্তব্য, এটা প্রচার কৌশল ছাড়া কিছ নয়। কেউ লিখেছেন, মনে হয়, এটাই ছবির প্লট। বাবুরাওয়ের সঙ্গে শ্যাম আর রাজুর এই ২৫ কোটি নিয়েই কিছু হবে। ২৫ কোটি? এর কি অন্য অর্থ আছে? মনে হয়, এটা হেরা ফেরি-র দিকেই যাতে সকলের নজর থাকে, তার জন্যই করা হয়েছে। অনেকেই এই মন্তব্যকে সমর্থনও করেছেন। অক্ষয়, সুনীল বা পরেশ অবশ্য এই নিয়ে কোনও মন্তব্য করেননি।



### খুশি, বেদাঙ্গর ঝগড়া?

সোনম কাপুরের ৩৯তম জন্মদিনে উপলক্ষ্যে বিরাট পার্টি দিয়েছিলেন, এসেছিলেন করিনা কাপুর, সইফ আলি খানের মতো তারকারা, ছিলেন তুতো বোন জাহ্নবী, খুশি। ছিলেন বেদাঙ্গ রায়নাও। সেই দ্য আর্চিজ-এ প্রথম দুজুন একসঙ্গে কাজ করেন। তারপর থেকেই তাঁদের প্রেমের কথা হচ্ছে নানা মহলে। সোনমের পার্টিতে দুজন এসেছেন। খুশির পোশাক আকর্ষণীয়—কালো বিডিকুন ড্রেস, বেদাঙ্গও স্টাইল করেই পোশাক পরেছিলেন। তাঁদের একটি ভিডিও সামনে এসেছে, তাতে দেখা যাচ্ছে দুজনের হাতে হাত, তাঁরা কথা বলছেন। কিন্তু ভিডিওয় আরও কিছু দেখা যায়—কথা বলতে বলতে খুশি চলে যাচ্ছেন, বেদাঙ্গ তাঁর হাত ধরে তাঁকে থামাবার চেষ্টা করে নিজের দিকে টানছেন। খুশি কিন্তু ক্যামেরার দিকে পিঠ করেই আছেন বেদাঙ্গকেও পাশ থেকেই ক্যামেরা ধরেছে। তাঁদের ভাবভঙ্গী দেখে নেটমহলের প্রশ্ন, দুজনের কি ঝগড়া হল ? হয় তো নয় এবং নেটমহলের প্রার্থনা, যেন না হয়। দুজনকে বেশ মানায়। খুশিকে চলতি বছর লাভইয়াপ্পা ও নাদানিয়াঁ-তে দেখা গিয়েছে। বেদাঙ্গ সম্ভবত অনন্যা পাণ্ডের সঙ্গে জুটি বাঁধবেন ইমতিয়াজ আলির ছবিতে।



#### সিধও থাকবেন

নেটফ্লিক্সে এবারের দ্যু কপিল শর্মা শো-তে চমক নভজ্যোত <mark>সিং সিধু। অর্চনা পুরন সিংয়ের সঙ্গে শো-তে</mark> বিচারক হবেন তিনিও। নেটফ্লিক্সের একটি প্রোমোতে দেখা যাচ্ছে অর্চনাকে চোখ বন্ধ করে স্টেজে নিয়ে আসছেন কপিল, তিনি অনেক কিছু কল্পনা করছেন, কিন্তু চোখ খুলে দেখলেন সামনে সিধু <mark>নাচছৈন। নিঃসন্দেহে এতে শো-এর আকর্ষণ আরও বাড়ল।</mark>

#### দৌড়োচ্ছে হাউসফুল ৫

মাত্র তিন দিনে হাউসফুল ৫ বিশ্বজুড়ে ১৪২ কোটি ৫৪ লক্ষ টাকার ব্যবসা করেছে। দেশে ব্যবসার পরিমাণ ৯১. ৮৩ কোটি টাকা। সানি দেওল অভিনীত জাট-এর ব্যবসা (১১৮ কোটি) ছাড়িয়ে গিয়েছে। কেসরি ২ (১৪৪. ৬২ কোটি), স্কাই-ফোর্স (১৪৯ কোটি)-এর ব্যবসা ছাড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

#### আপাতত বন্ধ

<mark>যশ রাজ ফিল্মসের টাইগার ভার্সেস পাঠান ছবি এখন</mark> <mark>স্থগিত। ছবির দুই নায়ক---সলমন ও শাহরুখ খান।</mark> <mark>দুজনেরই চিত্রনাট্য পছন্দ হয়েছিল, পর্দায় দুজনের দ্বৈর</mark>থ দেখতে আগ্রহী দর্শকও। কিন্তু সংস্থার প্রধান আদিত্য <mark>চোপড়া চাইছেন নতুন করে ছবির চিত্রনা</mark>ট্য লেখাতে। তিনি <mark>এখন হৃতিক রোশনের ওয়ার ২ নিয়ে ব্যস্ত।</mark>

#### এলেন মাধবন

এস রাজামৌলির আগামী ছবি এসএসএমবি ২৯-এ আসছেন আর মাধবন। আনুষ্ঠানিক ঘোষণা না হলেও এই নিয়ে আলোচনা তুঙ্গে। মহেশ বাবু, প্রিয়াংকা চোপড়া, পৃথীরাজ সুকুমারন ছবির প্রধান অভিনেতা। উইলবার স্মিথের দুটি অ্যাডভেঞ্চার উপন্যাস অবলম্বনে নির্মীয়মান ছবির চিত্রনাট্যকার রাজামৌলির বাবা বিজয়েন্দ্র প্রসাদ। হায়দরাবাদ ও ওডিশা শিডিয়্যলের শুটিং শেষ, এখন সাময়িক বিরতি শুটিংয়ে।

#### সেই পাকিস্তানিই

দিলজিৎ দোসাঞ্জের ছবি সদরিজি ৩-এ পাকিস্তানি অভিনেত্রী হানিয়া আমির আছেন। তাঁকে ও নীরু বাজওয়াকে নিয়ে তিনি শুটিংয়ের ছবি পোস্টও করেছেন। পহেলগামের <mark>ঘটনার পর পাকিস্তানিরা নিষিদ্ধ হয় ভারতী</mark>য় ছবিতে। নিমাতারা হানিয়াকে নিষিদ্ধ করেও আবার তাঁকে নিয়ে <mark>শুট করছেন দেখে ক্রুদ্ধ ও বিস্মিত নেটমহল দিলজিতের</mark> <u>দায়িত্বজ্ঞান নিয়ে প্রশ্ন করছে।</u>

### জ্যোত বসুর বায়োপিক

সিনেমা হিট করানোর জন্য নানা চেষ্টা করে চলেছে মুম্বাই বা কলকাতা, তার মধ্যে একটা চেষ্টা হল বায়োপিক বানানো। বায়োপিকের তালিকায় আর একটা নাম বাড়ল। পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যামন্ত্রী জ্যোতি বসুর বায়োপিক হচ্ছে। পুরোপুরি মার্কসবাদি কমিউনিস্ট পার্টির ফান্ড থেকেই এই ছবি হবে। কলকাতা বা মুম্বাইয়ের বিভিন্ন পরিচালকের সঙ্গে ছবির পরিচালনার দায়িত্ব দেওয়ার জন্য কথা হয়েছে। এখনও কিছু ঠিক হয়নি। নামভূমিকায় কে অভিনয় করবেন. তাও ঠিক হয়নি, তবে নাসিরুদ্দিন শাহের সঙ্গে প্রাথমিক কথা হয়েছে। সিপিএম-এর নেতা রবিন দেব বলেছেন, 'প্রাক্তন মুখ্যমন্ত্রী তাঁর রাজনৈতিক

জীবনে অনেক কাজ করেছেন। অনেক কাজের কথা মানুষ জানেন না। সে সবই উঠে আসবে বায়োপিকে।'

এদিকে এই ছবির কথা সামনে আসতেই সমালোচনা শুরু হয়েছে। তৃণমুলের মুখপাত্র এবং রাজ্যের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেছেন, 'ওরা নিজেদের নেতাদের জেতাতে পারছে না, তাই জ্যোতি বসকে সামনে এনে জেতার চেষ্টা করছে। এই বায়োপিক হচ্ছে ভালো কথা, কিন্তু এতে কীভাবে ওঁকে দলের একটা লবি প্রধানমন্ত্রী হতে দেয়নি, তাঁর মন্ত্রীসভাকে চোরের মন্ত্রীসভা বলে বুদ্ধদেব ভট্টাচার্য মন্ত্রীসভা থেকে ইস্তফা দিয়েছিলেন, এগুলোও দেখাতে হবে নাহলে ছবি অসম্পূর্ণ হবে।




#### চলে গেলেন মুম্বইয়ের সিনে দুনিয়ার জনপ্রিয় পরিচালক পার্থ ঘোষ। আচমকা হৃদরোগে স্তব্ধ

হয়ে গেলেন তিনি। নব্বইয়ের দশকের এই কতী পরিচালকের প্রয়াণে মুম্বইয়ে নেমেছে শোকের

মত্যকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। দীর্ঘদিন ধরে তিনি মুম্বইয়ের মাধ আইল্যান্ডে বসবাস করছিলেন। সঙ্গে থাকতেন স্ত্রী গৌরী ঘোষ। অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত খবর পাওয়া মাত্রই গৌরী দেবীর সঙ্গে কথা বলেন। জানান, পরিচালকের স্ত্রী মানসিকভাবে ভেঙে পড়েছেন।

১৯৮৫ সালে সহকারী পরিচালক হিসেবে বলিউডের সফর শুরু করেন পার্থ ঘোষ। ধীরে ধীরে থ্রিলার ও ড্রামা জ্যুঁরে নিজের আলাদা পরিচিতি গড়ে তোলেন তিনি। ১৯৯১ সালে '১০০ ডেজ' চলচ্চিত্রের মাধ্যমে বড়সড় সফলতা পান, যেখানে অভিনয় করেছিলেন জ্যাকি শ্রফ ও মাধুরী দীক্ষিত।

১৯৯২ সালে তিনি নির্মাণ করেন 'গীত', যেখানে অভিনয় করেছিলেন দিব্যা ভারতী ও অবিনাশ ওয়াধাওয়ান। তবে ১৯৯৩ সালের 'দলাল'



বলিউডে বাঙালি পরিচালকের প্রয়াণ, শোকস্তব্ধ ঋতুপর্ণা

তাঁকে জনপ্রিয়তার শিখরে পৌঁছে দেয়। মিঠুন চক্রবর্তী ও আয়েশা জুলকা অভিনীত এই ছবিটি

কৌশল ভারতীর একটি ছোটগল্প অবলম্বনে নির্মিত হয়েছিল এবং সে বছরের অন্যতম বড় হিটরূপে

দর্শকদের কাছে প্রমাণিত হয়েছিল।

সেই ছবির কাজ করার সময়ই তিনি আবিষ্কার করেছিলেন অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তকে। সেই থেকে পরিচয়। নায়িকাকে নিয়ে পরপর বেশ কয়েকটি হিট ছবিও তৈরি করেছিলেন তিনি। পরিচালকের সঙ্গে যোগাযোগও রেখে গিয়েছিলেন ঋতুপর্ণা সেনগুপ্ত। এদিন সকালে পরিচালকের প্রয়াণের খবরে শোকস্তব্ধ অভিনেত্রী। ঋতুপর্ণা বললেন, পার্থদা একজন দারুণ মানুষ ছিলেন। খুব শান্ত-ঠান্ডা মানুষ ছিলেন। অন্যের সমস্যায় সবসময় পাশে থাকতেন। যে কোনও ক্ষেত্রেই তিনি সমস্যা দেখলে এড়িয়ে যেতেন না। বলতেন, 'বসে কথা বলে দেখা যাক'। এই মায়া, এই ভালোবাসাটা ওঁর মধ্যে বরাবর ছিল।

২০১৮ সালে মুক্তি পাওয়া 'মওসাম ইকরার কে, দো পাল পেয়ার কে' ছিল তাঁর শেষ পরিচালিত ছবি। এই রোমান্টিক কাহিনিতে অভিনয় করেছিলেন মুকেশ জে. ভারতী, মাদালসা শর্মা ও অবিনাশ ওয়াধাওয়ান।

### মঞ্চে নজর কাড়ল সংশোধনাগারের বন্দিরা

# আঁধার থেকে নাটকের আলোয়

বালুরঘাট, ৯ জুন : 'শিল্পেই মুক্তির পথ।' বালুরঘাট কেন্দ্রীয় সংশোধনাগারের আবাসিকরা রবিবার সন্ধ্যায় যেন সেটাই প্রমাণ করল। প্রত্যেকেই কোনও অপরাধে সাজাপ্রাপ্ত। তাদের নাম কী? জানেন না দর্শক। খ্যাতির আলো তাদের ছুঁয়েও যায়নি। তারা কেউ পেশাদার নয়। কিন্তু তাদের অনুষ্ঠান দেখতে দর্শকরা প্রেক্ষাগৃহ ভরালেন। বালুরঘাটের রবীন্দ্র ভবনের মঞ্চে উঠে তারা যেভাবে পরিবেশন করল, তা দেখে মঞ্চ দর্শক। তাদের শিল্পীসতায় বালুরঘাটে আবেগঘন মুহূর্ত তৈরি

গীতিনাট্য শুরু হল, দর্শকরা নিঃশব্দে আসন নিলেন। তাদের পরিবেশিত অনুষ্ঠান 'দশাবতার ও দেশাত্মবোধক গীতিনাট্য' ছুঁয়ে গেল উপস্থিত সকলের মন। শ্রীকৃঞ্জের দশ অবতার নিয়ে সাজানো এই গীতিনাট্যে ছিল নৃত্য, সংগীত আর নাটকের সংমিশ্রণ। সঞ্চালক ছিলেন দেবস্মিতা দে ও সোমনাথ দত্ত। আবাসিকদের প্রশিক্ষণ দিয়েছেন বালুরঘাটের এক নৃত্যালয়ের কর্ণধার তাপসী মণ্ডল বিশ্বাস।

প্রশিক্ষক তাপসী বলেন, 'আমাদের সকলের আকাশ এক। কিন্তু তারা বদ্ধ। এদিন নয়জন পুরুষ ও ছয়জন মহিলা আবাসিক অনুষ্ঠানে অংশ নিয়েছিল। তাদের প্রতিভা খোঁজার চেষ্টা করছি। দুজন সহযোগীকে সঙ্গে নিয়ে সংশোধনাগারে গিয়ে তাদের নাচ শিখিয়েছি।

দর্শক ছিলেন স্থানীয় মানুষ, সংস্কৃতি অনুরাগী ও প্রশাসনের

টোটো উদ্ধার,

গ্রেপ্তার তিন

চুরির অভিযোগে রিমান্ডে থাকা তিন

আসামিকে জেরা করে হেমতাবাদ,

ইটাহার এবং মালদা থেকে চারটি

টোটো উদ্ধার করল কালিয়াগঞ্জ

থানার পুলিশ। ধৃত তিনজনকে

সোমবার সকালে রায়গঞ্জ জেলা

আদালতে পেশ করা হয়। শহর

ও প্রামে টোটো চুরির ঘটনা ক্রমশ

বৃদ্ধি পেতেই নড়েচড়ে বসেছিল

কালিয়াগঞ্জ থানার পুলিশ প্রশাসন।

গোপন সূত্রে খবর পেয়ে দিন

কয়েক আঁগে মালদার গোঁসাইহাট

এলাকার বাসিন্দা আজিজুর রহমান,

রায়গঞ্জের বাসিন্দা অজয় রায় এবং

কালিয়াগঞ্জের হাট এলাকার বাসিন্দা

অতুল দাসকে পুলিশ গ্রেপ্তার করে।

ধৃতদের জেরা করে আরও তথ্য

বের করার জন্য তিনদিনের রিমান্ডে

নেয় পুলিশ। চলে জেরা। ধৃতদের

বয়ানের ভিত্তিতে রবিবার দিনভর

অভিযান চালিয়ে হেমতাবাদ.

ইটাহার ও মালদা থেকে চারটি

টোটো উদ্ধার করা হয়েছে বলে

জানালেন কালিয়াগঞ্জ থানার আইসি

দেবব্রত মুখোপাধ্যায়।

কালিয়াগঞ্জ, ৯ জুন : টোটো





বালরঘাটের রবীন্দ্র ভবনের মঞ্চে আবাসিকদের অনষ্ঠান।

প্রতিনিধিরা। 'চাইলে সংশোধনাগার শব্দই ফুটল তাদের উপস্থাপনায়। সত্যিই হতে পারে নতুন করে সংশোধনাগারের সুপার দেবাশিস জীবনের আলো খোঁজার মঞ্চ' এই মগুলের বক্তব্য, 'তারা যে

অপরাধই করুক, বন্দি ভাইদের মলস্রোতে ফেরানোই আমাদের কাজ। এভাবেই সাংস্কৃতিক

থেরাপির মাধ্যমে তাদের মানসিক

পরিবর্তন চাইছি। সমাজে তাদের

গ্রহণযোগতো বাডবে।' তারা কি জানত এভাবে আলোতে এসে দাঁড়াতে পারবে? চারদিকে বড় উঁচু দেওয়াল। তার মাঝেই জীবনের চালিকা শক্তির খোঁজ। তারপর হঠাৎ একদিন তাদের কাছে খবর এসে পৌঁছায়, যে তারা খোলা আকাশ আর বাতাস ছোঁয়ার অবকাশ পাবে। সম্পূর্ণ বিষয়টি একটি সাংস্কৃতিক রূপে আবদ্ধ হতে পারে তা অবশ্য কারও

শিক্ষক শুভ্রদীপ চৌধুরী বললেন, সকলের মনে।

- তাদের পরিবেশিত অনুষ্ঠান দিশাবতার ও দেশাত্মবোধক গীতিনাট্য' ছুঁয়ে গেল উপস্থিত সর্কলের মন
- সংশোধনাগার নামটা শুনলেই একটা অন্ধকার ভীতি তৈরি হয়, কিন্তু এদিন আলো করে মঞ্চ দাপাল আবাসিকরা
- শিল্প শুধু জ্ঞান দেয় না, নৈতিকতার পাঠ, চিন্তাভাবনা ও জীবনকে এগিয়ে দেয়

'সংশোধনাগারের সংস্কৃতিচর্চা মন ছুঁয়ে গিয়েছে। শিল্প শুধু জ্ঞান দেয় না, নৈতিকতার পাঠি. চিন্তাভাবনা ও জীবনকে এগিয়ে দেয়। তাদের সুশৃঙ্খল জীবনধারণ সহজ হবে। মুক্তির পরে সমাজের মূলস্রোতে মাথা উঁচু করে বাঁচুক তারা।'

বালুরঘাটের চিত্রশিল্পী তথা নাট্যকর্মী শুভদীপ পালের কথায়, 'সংশোধনাগার নামটা শুনলেই একটা অন্ধকার ভীতি তৈরি হয়। কিন্তু এদিন আলো করে মঞ্চ দাপাল আবাসিকরা। এক্যেয়েমি নিয়মমাফিক চলার মধ্যে অন্যরকম অনভতি স্বাদ পেলাম। তারা যথেষ্ট ভালো পারফরমেন্স করেছে। এমন উদ্যোগ প্রশংসার দাবি রাখে।

অনুষ্ঠান শেষে তারা ঐক্যবদ্ব হয়ে ভারতের জাতীয় পতাকা মাথার উপরে তুলল, দর্শকের জল বালুরঘাটের সাহিত্যিক তথা অনুষ্ঠানের রেশ যেন থেকে গেল



ফল গোছাতে ব্যস্ত বিক্রেতা। সোমবার পরাতন মালদায় অরিন্দম বাগের তোলা ছবি।

#### সরকারি জায়গা দখল নিয়ে বিতর্ক

মালদা, ৯ জুন : সরকারি জায়গায় বাউন্ডারি ওঁয়াল তুলে নেট দিয়ে ঘিরে দেওয়া নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল স্থানীয় কাউন্সিলারের বিরুদ্ধে সরকারি জায়গা দখলের চেষ্টার অভিযোগ তুলেছিল গেরুয়া শিবির। বাকি অংশ ঘিরে সরকারি বোর্ড লাগিয়ে দেওয়া নিয়ে ফের বিতর্ক ইংরেজবাজারে। ইংরেজবাজার পুরসভার তিন নম্বর ওয়ার্ডের মালঞ্চপল্লি এলাকায় টিচার্স ট্রেনিং কলেজের জায়গার একাংশ দখলের চেম্টার অভিযোগ উঠেছিল স্থানীয় তৃণমূল কাউন্সিলার মনীষা সাহা মণ্ডলের বিরুদ্ধে।

সেই সময় তিনি দাবি করেছিলেন, স্থানীয় মানুষের নিশ্চিতভাবে কোনও অভিযোগ নেই। কারণ, পরিত্যক্ত



ওই জায়গা দখলমুক্ত করতে আমি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে চিঠি পাঠিয়েছি। এখন দেখছি ওই জায়গায় আমাদের নামে বোর্ড লাগিয়ে দেওয়া হয়েছে। এভাবে আমাদের নামে অন্যরা বোর্ড লাগাতে পারেন না।

#### কার্তিকচন্দ্র সরকার *ইনচার্জ* টিচার্স ট্রেনিং কলেজ

সেই জায়গা পরিষ্কার করে বাচ্চাদের খেলার উপযোগী তৈরি করা হচ্ছে। যদিও কাউন্সিলারের সেই দাবি খারিজ করে টিচার্স ট্রেনিং কলেজের ইনচার্জ কার্তিকচন্দ্র সরকার জানিয়েছিলেন. ওই জায়গা ঘিরে ফেলার জন্য তাঁর থেকে কোনও অনুমতি নেওয়া হয়নি। বিষয়টি নিয়ে তিনি ঊর্ধ্বতন কর্তপক্ষের কাছে অভিযোগ জানাবেন। ইতিমধ্যে এনিয়ে তিনি ইংরেজবাজার শাসক সহ বিকাশ ভবনে লিখিত অভিযোগ জানিয়েছেন।

এরই মধ্যে ওই জায়গায় বাকি অংশ ঘিরে ফেলে সেখানে সরকারি বোর্ড লাগিয়ে দেওয়া হয়েছে বলে অভিযোগ। এনিয়ে টিচার্স টেনিং কলেজের ইনচার্জ বলেন, 'ওই জায়গা দখলমুক্ত করতে আমি উর্ধ্বতন কর্তৃপক্ষকে চিঠি পাঠিয়েছি। এখন দেখছি ওই জায়গায় আমাদের নামে বোর্ড লাগিয়ে দেওয়া হয়েছে। এভাবে আমাদের নামে অন্যরা বোর্ড লাগাতে পারেন না।' এদিকে সোমবার দুপুরে ওই এলাকার কিছু মানুষ হাতে প্ল্যাকার্ড নিয়ে প্রথমে ইংরেজবাজার থানা ও পরে পুরসভার দারস্থ হন। তাঁদের দাবি, খেলার মাঠের নামে রাজনীতি করা হচ্ছে। কিছু মানুষ ভুয়ো খবর রটিয়ে বাচ্চাদের খেলার পরিবেশ নম্ট

#### ভেঙে দোকান উঠছে নতুন দোকান। বৰ্তমানে রূপক সরকার সেখানে আত্রেয়ী খাঁড়ির সরকারি বালুরঘাট, ৯ জুন : একেবারে জমি দখলের চেষ্টা চলছে। এভাবে সরকারি জায়গা দখলের ঘটনায় ক্ষুব্ধ শহরের সচেতন নাগরিকরা।

সৌন্দর্যায়নের

পরিকাঠামো

প্রথম থেকেই বালুরঘাট শহরের জোড়া ব্রিজের দুইপাশে বেশ কিছু দোকান রয়েছে। তবে চলতি বছর থেকে ওই এলাকায় ফের সরকারি জায়গা দখল করে একের পর এক দোকান গজিয়ে উঠছে। কয়েকজন ব্যবসায়ী যে কোনও নিয়মের তোয়াক্কা করছে না সেটা স্পষ্ট। সেখানে আত্রেয়ী খাঁড়ির পাড়ে সৌন্দর্যায়নের জন্য বসার জায়গা তৈরি করেছিল বালুরঘাট পুরসভা। এছাড়া আরও কিছ কাজ করা হয়েছে। সেসব ভেঙে দোকান তৈরি হচ্ছে বলে অভিযোগ। সম্প্রতি বালুরঘাটের একাংশ তৃণমূল নেতৃত্ব সোশ্যাল মিডিয়ায় ওইসব দোকানের ছবি পোস্ট করে সরব হয়েছেন। এই বিষয়ে সেচ দপ্তর ও পুরসভাকে ব্যবস্থা নিতে আবেদন জানানো হয়েছে বলে জানিয়েছেন তৃণমূলের জেলা সহ সভাপতি সুভাষ চাকি। তবে এর পেছনে তৃণমূল নেতাদেরই হাত রয়েছে বলে কটাক্ষ

করছে বিজেপি। যদিও এর উত্তরে সুভাষ বলেন, বিজেপি যে অভিযৌগ করছে তা সম্পূর্ণ ভিত্তিহীন। কিছু হলেই তৃণমূলের উপর দোষ দেওয়াটা

তাঁদের স্বভাবে পরিণত হয়েছে।' বালরঘাট শহরের জোডা ব্রিজ চত্বরে ফের চোখ রাঙাচ্ছে বেআইনি

কয়েক মাস আগেই মুখ্যমন্ত্রীর নির্দেশে শহরের ফুটপাথ ও সরকারি জমি দখলমুক্ত করতে অভিযান চালায় প্রশাসন। তা সত্ত্বেও ফের জমি দখলের ঘটনায় প্রশাসনিক সদিচ্ছা ও নজরদারির ঘাটতি নিয়ে প্রশ্ন উঠছে। তাই দ্রুত ওই সরকারি জমি দখলদারির বিরুদ্ধে পদক্ষেপ করার আর্জি জানিয়েছেন বালুরঘাটবাসী। এ ব্যাপারে অতিরিক্ত জেলা শাসক (ভূমি ও রাজস্ব) হরিশ রশিদ বলেন, 'খোঁজখবর নিতে এসডিও, সেচ দপ্তর ও বিএলআরওকে নির্দেশ দিয়েছি। সরকারি জায়গায় বেআইনি নিমাণ করা হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'

এদিকে, এর পেছনে কোনও প্রভাবশালী ব্যক্তির মদত রয়েছে বলে দাবি বিজেপির। টাকার বিনিময়ে সরকারি জায়গায় দোকান করার অনুমতি দিচ্ছেন তৃণমূল নেতারা বলে জানিয়েছেন বিজেপির জেলা সাধারণ সম্পাদক বাপি

বালুরঘাট পুরসভার চেয়ারম্যান অশোক মিত্র বলেন, 'বিষয়টি নজরে এসেছে। ওই জায়গাটি সেচ দপ্তরের। সেচ দপ্তরকে বলব বেআইনিভাবে দখলের ছবি। দিনের পর দিন কেউ কোনও কিছ করে থাকলে,



জোড়া तिक সংলগ্ন এলাকায় সরকারি জায়গায় তৈরি হচ্ছে দোকান।

# সংস্কার হচ্ছে রামচন্দ্রপুর ঘাট

পুরাতন মালদা, ৯ জুন : পুরাতন মালদার ৭ নম্বর ওয়ার্ডের রামচন্দ্রপুর ঘাটের দীর্ঘদিনের জীর্ণদশার অবশেষে অবসান ঘটতে চলেছে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের অর্থানুকুল্যে প্রায় ৩৫ লক্ষ টাকা ব্যয়ে ঘাটটিকে নতুন করে বাঁধানোর কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। এরফলে তাঁদের দীর্ঘদিনের দাবি

পূরণ হওয়ায় খুশি স্থানীয়রা। বহু বছর ধরে এই ঘাটটি বেহাল অবস্থায় পড়ে ছিল। ভাঙাচোরা পথে উদ্বেগ বাড়ছিল স্থানীয়দের। বিভিন্ন সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে এবং দৈনন্দিন স্নানের জন্য ঘাটে যাতায়াতকারী মানুষের প্রতিনিয়ত ঝুঁকি নিয়ে চলাফেরা করতে হত। প্রতিমা বিসর্জন ও ছটপুজোর মতো বড় উৎসবে ঘাটের বিপজ্জনক পরিস্থিতি চরম ভোগান্তির সৃষ্টি করত। বর্ষাকালে জায়গাটি পিছল হয়ে যাওয়ায় এবং জল জমে থাকায় পরিস্থিতি আরও ভয়াবহ করে

বর্তমানে পুরোদমে ওই ঘাট বাঁধানোর কাজ চলছে। স্থানীয়

শেষ হয়ে গিয়েছে। তাঁর আশা বর্ষার আগেই ঘাটটি সম্পূর্ণভাবে সংস্কার করে জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেওয়া যাবে। তাঁর কথায়, 'রামচন্দ্রপুর ঘাটের বেহাল অবস্থার কথা আমরা দীর্ঘদিন ধরে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের কাছে তুলে ধরেছিলাম। অবশেষে সেই আন্তরিক আবেদন মঞ্জর হয়েছে। ঘাটের সংস্কার কাজ এখন প্রায় শেষের দিকে এবং আমরা বিশ্বাস করি যে বর্ষার আগেই এই অঞ্চলের মানুষ একটি সুন্দর ও সুরক্ষিত ঘাট ব্যবহারের সুযোগ পাবে। এই এলাকার মানুষের জন্য একটি আধুনিক ও নিরাপদ ঘাট অত্যন্ত জরুরি ছিল বলে তিনি মনে করেন। কাউন্সিলার আরও জানান, শুধু বাঁধাই নয়, সৌন্দর্যবৃদ্ধি ও আলোর জন্য একটি হাইমাস্ট লাইট বসানোর প্রস্তাবও এখন বিবেচনাধীন।

সমর সরকারের মতো স্থানীয় বাসিন্দারা এই সংস্কারের কাজকে স্বাগত জানিয়েছেন। তাঁর কথায়, 'ঘাট বাঁধানোর কাজ শেষ হলে আমাদের দীর্ঘদিনের দুর্ভোগ ঘূচবে। ভাঙা ঘাটে চলাচল করতে আমাদের মতো বয়স্ক কাউন্সিলার শত্রুত্ব সিনহা বর্মা জানান, মানুষের অনেক অসুবিধা হত।'

# কর্মবিরতিতে দুর্ভোগ

### মালদা মেডিকেল কলেজে বিক্ষোভে শামিল অস্থায়ী কর্মীরা

#### অরিন্দম বাগ

মালদা, ৯ জুন : বকেয়া বেতন এবং বেআইনিভাবে টাকা কাটার প্রতিবাদে কর্মবিরতি করে বিক্ষোভে শামিল হলেন মালদা মেডিকেলের অস্থায়ী কর্মীরা।সোমবার সকাল থেকে অস্থায়ী কর্মীদের কর্মবিরতির কারণে সমস্যায় পড়তে হয় চিকিৎসক-নার্সদের। প্রায় ৭ ঘণ্টা কর্মবিরতির কর্তৃপক্ষের আশ্বাসে নিয়ে কাজে যোগ দেন অস্থায়ী কর্মীরা। মেডিকেল সুপার প্রসেনজিৎ

বলেন, 'বরাতপ্রাপ্ত সংস্থার আধিকারিকরা মালদায় এসে অস্থায়ী কর্মীদের সঙ্গে কথা বলার কথা জানিয়েছেন। আপাতত অস্থায়ী কর্মীরা কর্মবিরতি তুলে কাজে যোগদান করেছেন।

মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে বেসরকারি সংস্থার মাধ্যমে অস্তায়ী কর্মীরা কাজ করেন। এর আগে একাধিক কোম্পানি অস্থায়ী কর্মী সরবরাহের কাজ পেয়েছে। তবে বারবারই বেতন বকেয়া থাকা, টাকা কেটে নেওয়ার অভিযোগ রয়েছে। সোমবার সকাল থেকে ফের একই ইস্য নিয়ে কর্মবিরতিতে শামিল হন মালদা মেডিকেলের ট্রমা কেয়ার বিভাগের অস্থায়ী কর্মীরা। ১৮১ জন আন্দোলনকারী অস্থায়ী কর্মীর মধ্যে রয়েছেন নিরাপত্তারক্ষী, সুইপার,



এমএসভিপি-র ঘরের সামনে অস্তায়ী কর্মীদের ভিড়। -সংবাদচিত্র

ওয়ার্ড বয় সহ কিছু সুপারভাইজার। আতীশ বাসফোর নামে এক

অস্থায়ী কর্মী বলেন, 'আমাদের দু'মাস পর এক মাসের বেতন দিচ্ছে। সেখানেও আবার ইচ্ছেমতো টাকা কেটে নেওয়া হচ্ছে। আমরা মেডিকেল কর্তৃপক্ষকে বারবার জানিয়েছি। কিন্তু কর্তৃপক্ষ শুধু ওই কোম্পানির সঙ্গে কথা বলাব কথা জানাচ্ছে। বাধ্য হযে আমরা কর্মবিরতিতে শামিল হয়েছি।'

একই বক্তব্য আরেক কর্মী ওয়াসিম আক্রমের।তিনি বলেন, 'প্রতি মাসে আমাদের কারও ২০০, কারও ৫০০, কারও এক হাজার টাকা করে কেটে নেওয়া হচ্ছে। অনেকেই এমন

পর্যন্ত পাননি। বিষয়টি নিয়ে আমরা কোম্পানির লোকেদের সঙ্গে কথা বলেছি। কিন্তু ওরা আমাদের কথাতে গুরুত্ব দিচ্ছে না। সুপারভাইজারকে বলছি, ওঁরা কিছু জানেন না বলে সাফ জানাচ্ছেন। বাধ্য হয়ে আমাদের এই পদক্ষেপ করতে হয়েছে।'

এদিন কর্মবিরতির জেরে সকাল থেকে একাধিক ওয়ার্ডে সাফাই না হওয়ায় সমস্যায় পড়েন রোগী থেকে শুরু করে স্বাস্থ্যকর্মীরা। কর্মরত এক নার্স বলেন, 'সকাল থেকে একাধিক ওয়ার্ডে সাফাই হয়নি। ওয়ার্ডের উপচে পড়ছে। এতে পাশাপাশি আমাদেরও রোগীদের আছেন যাঁরা ২-৩ মাস ধরে বেতন সমস্যায় পড়তে হয়েছে।

#### প্রায় ৭ ঘণ্টা ধরে কর্মবিরতি চলে

চিকিৎসক-নার্সদের

সকাল থেকে অস্থায়ী

কারণে সমস্যায় পড়তে হয়

কর্মীদের কর্মবিরতির

- কর্মবিরতিতে শামিল হন মালদা মেডিকেলের ট্রমা কেয়ার বিভাগের অস্থায়ী কর্মীরা
- মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে বেসরকারি সংস্থার মাধ্যমে অস্থায়ী কর্মীরা কাজ করেন

এদিকে. ঘটনার খবর পেয়ে মালদা মেডিকেলে যান রোগীকল্যাণ সদস্য কৃষ্ণেন্দুনারায়ণ চৌধরী। তাঁর উপস্থিতিতে অস্তায়ী কর্মীদের নিয়ে বেশ কিছুক্ষণ বৈঠক করে মেডিকেল কর্তৃপক্ষ। আগামী ১২ তারিখ বরাতপ্রাপ্ত সংস্থার আধিকারিক অস্থায়ী কর্মীদের সামনাসামনি বসিয়ে বিষয়টি মিটিয়ে নেওয়ার আশ্বাসের পর দুপুর ১টা নাগাদ কর্মবিরতি তুলে নেন অস্থায়ী কর্মীরা।

# চার দেওয়ালে পাঁচ হাজার কলমের দুনি

#### হরষিত সিংহ

মালদা, ৯ জুন: কলমের জাদুঘর যেন। থরে থরে সাজানো। ঘরময়, বাড়িময়। শুধু কলম আর কলম। যে র্যাকে বই থাকার কথা, সেখানে পরপর কলম। নানা আকৃতির, নানা চেহারার ছোট-বড় কলমের সারি। কলমের মালিক পেশায় গ্রন্থাগারিক। বইয়ের সঙ্গে তাঁর সখ্য। বইয়ের সূত্রে কলম চলে আসে, যেমন কান টানলৈ মাথা আসে। তাঁর সংগ্রহের ফাউন্টেন পেনের সঙ্গে আছে বলপেনও। ব্যক্তিগত সংগ্রহের সেই কলমের পাহাড় তিনি বছরে একদিন সকলের জন্য উন্মক্ত করে দেন।

সেই দিনটি ১০ জুন। জাতীয় বল পয়েন্ট কলম দিবস। এই দিনে যে কেউ তাঁর কলম সম্ভার দেখতে পান। মঙ্গলবারও পাবেন। প্রায় ৫০০০ কলম আছে সংগ্রহশালায়। তার মধ্যে প্রায় ৪০০০-ই বলপেন। যেখানে বসে প্রাণের আরাম, জীবনের তৃপ্তি, জ্ঞানের আলোর সন্ধান পান সুবীরকুমার সাহা। তিনি মালদার গ্রিনপার্কের বাসিন্দা। পুরাতন মালদায়



এই কলমগুলিতেই জ্ঞানের আলোর সন্ধান পান সুবীরকুমার।

তিনি। বই নাড়াচাড়ার পাশাপাশি ডিজিটাল দুনিয়ায় বাস। স্মার্টফোন কলমের প্রতি আবেগ কাজ করে তাঁর

কেন তিনি সবাইকে এই কলমের একটি গ্রামীণ গ্রন্থাগারের গ্রন্থাগারিক সংগ্রাহকের কথায়, 'আমাদের এখন মাধ্যমে লেখার অভ্যাসটা অন্তত বেঁচে

বা কম্পিউটারের কিবোর্ডে আঙুল ছঁইয়ে সব দরকার মিটিয়ে ফেলছি। চিঠি লেখার অভ্যেসও হারিয়ে সম্ভার দেখাতে চান। নেশায় এই কলম বিয়েছে। আমি চাই কলম সংগ্রহের বোলান।কতযেসেই সংগ্রহের বৈশিষ্ট্য।

থাকক।' থাকবে কি? সেটাই অবশ্য লক্ষ কথার এক কথা। কিন্তু চেষ্টায় ত্রুটি নেই সুবীরের।

পরম আন্তরিকতায় কলমে হাত কোনওটা মালদায় কিনেছেন, কোনওটা

### দিয়ে যায় চেনা

প্রতি বছর ১০ জুন পালিত হয় বিশ্ব বল পয়েন্ট পেন দিবস

গ্রন্থাগারিক সুবীরকুমার সাহার নেশা কলম সংগ্রহ করা।

তাঁর সংগ্রহে রয়েছে ৪০০০ বল পয়েন্ট পেন

কলকাতায়। কোনওটা বেড়াতে গিয়ে কিনে এনেছেন। আমেরিকা, জামানি, সিঙ্গাপুর, চিনের কলমও আছে। দেখতে কোনওটা রোবটের মতো, কোনওটা প্লেন, হেলিকপ্টার, কামান বা বাইকের মতো। আছে 'স্পাই পেন'ও. যা দিয়ে মুহুর্তে গোপনে ভিডিও করে

উপহার হিসেবে কলম পেতে

পছন্দ করেন সুবীর। ঘুরে ঘুরে সংগ্রহের পাশাপাশি বিদেশ থেকে বন্ধ ও পরিচিতদের মাধ্যমে নিত্যনতুন কলম আনান তিনি। জাতীয় বল পয়েন্ট পেন দিবসের তাৎপর্যটাও তুলে ধরতে আগ্রহী এই গ্রন্থাগারিক। ১৯৩১ সালে প্রথম পেশায় সাংবাদিক হাঙ্গেরির ল্যাজলো জোসেফ বিরোর এক আন্তজাতিক মেলায় বল পয়েন্ট পেন প্রদর্শন করেছিলেন।

করতে চাইছে।

১৯৪৩ সালের ১০ জন প্রথম সেই কলমের পেটেন্ট পাওয়াকে স্বীকৃতি দিয়ে দিনটি পালিত হয় জাতীয় বল পয়েন্ট পেন দিবস হিসাবে। কলমের দোসর দোয়াত। অন্তত যতদিন ফাউন্টেন পেন রাজ করেছে। বল পয়েন্ট পেনের দাপটে হারিয়ে গেলেও সুবীর যত্ন করে সাজিয়ে রেখেছেন কালির দোয়াতও। তাঁর সংগ্রহশালায় মঙ্গলবার গেলে অন্তত ১০০টি দোয়াত চোখে পড়বে। কোনওটি পিতলের, কোনওটি কাচের, আবার কোনওটি মাটির তৈরি।

চলতি প্রবাদ হল তরবারির চেয়েও শক্তিশালী কলম। সুবীরের সংগ্রহ যেন সেই প্রবাদকে আরও একবার মনে করিয়ে দেয়।

নাবালিকার

দুই বিয়ে ঘিরে

অশান্তি

প্রতিবেশী দুই বোনকে ভয় দেখানো

ও মারধর করার অভিযোগ উঠল

নাবালিকার দ্বিতীয় স্বামীর বিরুদ্ধে।

এই ঘটনায় বৈদুল গ্রামে চাঞ্চল্য

ছড়াল। এমনকি প্রতিবেশী দ্বাদশ

শ্রেণির ছাত্রীকে ক্রমাগত হুমকি

দেওয়া হচ্ছে বলে অভিযোগ।

আগে গঙ্গারামপুর ব্লকের ওই

তরুণের সঙ্গে পালিয়েছিল। পরে

সে ফের একবার বিয়ে করে। ওই

ঘটনায় দ্বিতীয় স্বামীর বাড়ির সঙ্গে

তাদের প্রতিবেশীদের ঝামেলা

শুরু। দুই পক্ষই পতিরাম থানায়

লিখিত অভিযোগ দায়ের করেছে।

অস্ত্র বাজেয়াপ্ত,

নাবালিকা জানুয়ারিতে

পতিরাম, ৯ জুন : একু ১৬ বছরের নাবালিকার দ্বিতীয় বিয়ের খবর নাকি প্রথম স্বামীকে জানিয়ে দিয়েছেন প্রতিবেশী। সেই সন্দেহে



তপন, ৯ জুন : তপনের শিহুর গ্রামে মৌমিতা হাসানের বাপের বাড়িতে সোমবার সাদ্দাম নাদাপ খনের পনর্নিমাণ হল। এদিন বিকেল তিনটায় ইংরেজবাজার থানার পুলিশ মৌমিতা ও তার স্বামী রহমান নাদাপকে তপন থানায় নিয়ে আসে। সেখান থেকে তাদের নিয়ে যাওয়া হয় ঘটনাস্থলে। খুনের পুনর্নিমাণ করা হয়। মৌমিতার বাপের বাড়ির বারান্দায় পড়ে থাকা শিলনোড়া ও রান্নাঘর থেকে ধারালো ছুরি এদিন বাজেয়াপ্ত করেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, ওই শিলনোড়া দিয়েই সাদ্দামের মোবাইল ভেঙেছে মৌমিতা।

তদন্তে উঠে এসেছে, ১৮ মে মালদা স্টেশনে নেমে অফিস থেকে স্কুটার নিয়ে তপনের উদ্দেশে রওনা হয়েছিলেন সাদ্দাম। তাঁকে ডেকেছিল মৌমিতাই। ওই বাড়িতে আগে থেকেই উপস্থিত ছিল তার রহমান নাদাপও। সাদ্দাম গভীর রাতে তপনে এসে পৌঁছান এবং স্কুটার মৌমিতার বাপের বাডির সামনে দাঁড করিয়ে ভেতরে ঢোকেন। আর রহমান লুকিয়েছিল

সাদ্দাম বাড়ির ভিতরে ঢুকতেই তাঁর উপর ঝাঁপিয়ে পড়ে মৌমিতা। সে ছুরি দিয়ে সাদ্দামের গলায় আঘাত করে। এমনকি মাথায় ছুরির উলটোদিক দিয়ে আঘাত করতে থাকে। মৃত্যু নিশ্চিত হলে ছাদে ঘাপটি মেরে থাকা স্বামীকে ইশারায় ডাকে ওই মহিলা। দুজনে মিলে দেহ পলিথিনে ঢেকে দড়ি দিয়ে বেঁধে চিলেকোঠায় রাখে। পরে তা দেওয়ালে গেঁথে কংক্রিট দিয়ে সিল

গত ২ জুন তপনে মালদার নাদাপের পচাগলা দেহ উদ্ধার ভাশুরপো সাদ্দামের সঙ্গে কাকিমা মৌমিতার মধ্যে চার বছর ধরে

#### এগোচ্ছে তদন্ত

- ইংরেজবাজার থানার পুলিশ মৌমিতা ও তার স্বামী রহমান নাদাপকে তপন থানায় নিয়ে আসে
- 🛮 সেখান থেকে তাদের নিয়ে যাওয়া হয় ঘটনাস্থলে
- খুনের পুনর্নিমাণ করা হয়
- 🛮 মৌমিতার বাপের বাড়ির বারান্দায় পড়ে থাকা

শিলনোড়া ও রান্নাঘর থেকে ধারালো ছুরি এদিন বাজেয়াপ্ত হয়

ওই অবৈধ সম্পর্ক থেকে বেরিয়ে আসতে চেয়েছিল মৌমিতা। কিন্তু সাদ্দাম তাকে বারবার ব্ল্যাকমেল করছিল বলে দাবি তার। সেকারণেই এই নৃশংস খুন বলে অনুমান।

নাদাপ বিষয়টি জানতে পারার পর

ঘটনার তদন্তকারী অফিসার তিমিরবরণ রায় জানান, ঘটনার পনর্নির্মাণ করা হয়েছে। ধৃতদের

# অ্যাপাই-এর শিক্ষামেলা

শিলিগুড়ি, ৯ জুন: কোন বিষয় ইন্ডিয়া গ্রুপের পাশাপাশি রাজ্যের নিয়ে পড়লে ভবিষ্যতে কেরিয়ারের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিরা বিকল্প হিসেবে কী কী পথ খোলা উপস্থিত ছিলেন। বিটেক, এমটেক, থাকবে, তা নিয়ে অনেক পড়য়ার বিফার্মা, এমসিএ ও সাইবার মধ্যে বিভ্রান্তি রয়েছে। পড়য়াদৈর সিকিউরিটি সহ বিভিন্ন কোর্স সঠিক দিশা দেখাতে শিলিগুড়িতে প্রি-কাউন্সেলিং অ্যান্ড এডুকেশন ফেয়ারের আয়োজন করল দ্য অ্যাসোসিয়েশন অফ প্রফেশনাল আকাডেমিক ইনস্টিটিউশনস

সম্পর্কে বিশেষজ্ঞরা সামনে আলোচনা করেন।

অ্যাপাই ওয়েস্ট এব সাধাবণ সম্পাদক সত্যে রায়চৌধুরীর কথায়, 'পড়য়াদের জন্য কেরিয়ার কাউন্সেলিং অত্যন্ত শহরের একটি প্রয়োজনীয়। ওরা যাতে সঠিক বিষয় বিলাসবহুল হোটেলে আয়োজিত এবং কেরিয়ার বেছে নিতে পারে, এডকেশন ফেয়ারে জেআইএস ও সেজন্য শিলিগুডিতে এডকেশন অ্যাডামাস বিশ্ববিদ্যালয়, বিসি রায় ফেয়ারের আয়োজন। পড়িয়াদের ইঞ্জিনিয়ারিং কলেজ, এমসিকেভি থেকে ভালো সাড়া পেঁয়েছি। গ্রুপ অফ ইনস্টিটিউশনস, টেকনো অভিভাবকরাও এসেছিলেন।



# খুব কন্টে সিপিএম

কঠিন কাজ নিঃসন্দেহে। যখন সুদিন ছিল, সেই ১৯৭৮ সাল থেকেই এই দল বাড়ানোর কথা ভেবে এবং বলে আসছে সিপিএম। সেই বছর সালকিয়া প্লেনামে ঠিক হয়েছিল দলকে পাশের রাজ্যগুলোয় বাড়াতে হবে। সেসময় দলের উঠতি অবস্থা। লোকজন, ক্যাডার, কমরেড কোনও কিছুরই অভাব নেই। তবু শত চেষ্টাতেও বরাকর নদ পেরিয়ে বিহারে ঢুকতে পারেনি তারা। তার জন্য অবশ্য কসরত কম হয়নি। নেতাদের জন্য হিন্দি শেখার ক্লাস হয়েছিল। কিন্তু কোথায় কী! গোবলয়ে দাপিয়ে বেড়িয়েছে সমাজবাদী আর হিন্দুবাদীরা। নকশালুরা তবু খানিকটা জায়গা করে নিলেও মোটেই কলকে পায়নি

সিপিএমের ২০১৬ সালে প্লেনামে ঠিক হয়েছিল, অসম. বিহার, ঝাড়খণ্ড, মহারাষ্ট্র আর জোর দেওয়া হবে। সে জন্য ক্যাডার আর কেন্দ্রীয় নেতাদের বাছাই করার কথাও বলা হয়েছিল। কিন্তু দলের সুযোগ কতটা থাকবে কে জানে!

কাজের কাজ কিছুই হয়নি। হিন্দি বলয়ে মণ্ডল-কমণ্ডলৈর তীব্র হাওয়ায় সিপিএম স্রেফ উড়ে গিয়েছে। উত্তর ভারতে তাদের সাইনবোর্ডটুকুও নেই। এখন রাজ্যপাট যাওয়ার পর তথৈবচ এ রাজ্যের হালও। জেলা পরিষদ, বিধানসভা, লোকসভায় তারা নেই।গোটা রাজ্যে লাল ঝান্ডার জায়গা নিয়েছে গেরুয়া ঝান্ডা।

এখানে হাল ফেরাতে আগেকার ক্যাডার কমরেডদের উপর আর ভরসা না করে রীতিমতো দলের মুখপত্রে, ফেসবুকে বিজ্ঞাপন দিয়ে মাইনে করা পেশাদার লোকজন চেয়েছে সিপিএম। তাদের কাজ রাজনৈতিক বিশ্লেষণ হবে করা. দলের জন্য লেখালেখি করা, ডিজিটাল মার্কেটিং করা। পুরোদস্তুর কর্পোরেট। দলের মনে হয়েছে, আদ্যিকালের বুলি কপচে কমবয়সিদের আর টানা যাচ্ছে না। তাই ঝকঝকে চেহারায় তাদের উত্তরপ্রদেশে দল বাড়ানোয় বেশি সামনে আসতে হবে। সেখানে ভূমি সংস্কার, অপারেশন বর্গার পুরোনো গল্প লোকেদের মনে করিয়ে দেওয়ার

# সিদ্ধান্তে অনড় ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ

# পাড়বাঁধে বিরোধ বেনিয়াগ্রামে

ফরাক্কা, ৯ জুন : গঙ্গার পাড় বাঁধানো নিয়ে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে বিরোধ বেধেছে ফরাক্কা কর্তৃপক্ষের। আপত্তি অগ্রাহ্য করে সোমবার বাঁধ তৈরি শুরু হয়েছে ফরাক্কার বেনিয়াগ্রাম পঞ্চায়েতের রঘুনাথপুরে। খাঁচার মধ্যে বালির বস্তা ফেলে পাড় বাঁধানো নিয়েই যত আপত্তি। এতে ধস আটকানো যায় না বলে গ্রামবাসীর অভিযোগ।

ব্যারেজের জেনারেল ম্যানেজার আরডি দেশপান্ডের অবশ্য দাবি, 'গত তিন বছরে বীরনগরে এভাবে গঙ্গার পাড় বাঁধিয়ে সুফল মিলেছে। গত বছরের কাজ কেন টেকেনি, তা খতিয়ে দেখা হচ্ছে। জলস্ফীতির কারণে সমস্যা হয়ে থাকতে পারে।' এব্যাপারে তদন্ত করছে দিল্লি থেকে আসা বিশেষজ্ঞ দল। বেনিয়াগ্রামে এই পদ্ধতিতেই কাজ হবে বলে জানিয়ে দিয়েছে ব্যারেজ কর্তৃপক্ষ। আড়াই মাসের



মধ্যে সেই কাজ শেষ করার লক্ষ্য রয়েছে। যাতে বর্যায় জল বাডার

গঙ্গাব পাড়ে ধস নতন ঘটনা নয়। বর্ষা এলে আরও বৈশি ধস নামে। ফলে এলাকার বাসিন্দাদের ভোগান্তি সইতে হয়। বেনিয়াগ্রামের বাসিন্দাদের অধিকাংশ মৎসাজীবী।

আশ্রমে যৌন

নিগ্ৰহ, পালাল

৫ কিশোরী

ওই আশ্রমের কাগজপত্র

সূত্রের খবর, ২০১৪ সাল থেকে

যাচাই করা হচ্ছে। কীভাবে, কার

অনমতিতে এই আশ্রম চলছে তা

ওই আশ্রম চলছে। সেখানে প্রায় ৩৫

জন পড়য়া রয়েছে। প্রথম শ্রেণি থেকে

অন্তম শ্রেণি পর্যন্ত পড্যারা সেখানে

থেকে পড়াশোনা করে। এছাড়াও

নবম ও দশম শ্রেণির পড়য়াদের

বাড়ি থেকে পড়াশোনা করার সুযোগ

রয়েছে। ওই ৫ নাবালিকার অভিযোগ,

আশ্রমে তাদের বকাঝকা করা হত।

ঠিকভাবে খেতে দেওয়া হত না

সেইসঙ্গে ব্যাড টাচের অভিযোগও

করেছে তারা। তারপরেই জেলা

প্রশাসন ও জেলা পুলিশ বিশেষ টিম

তৈরি করে তদন্ত শুরু করেছে।

এদিকে, কড়া অনুশাসনের কথা মেনে

নিলেও ব্যাড টাচের অভিযোগ মানতে

নারাজ আশ্রম কর্তৃপক্ষ। তাদের দাবি,

আবাসিকদের ফলমূল সহ স্বাস্থ্যকর

খাবার দেওয়া হয়। তবে বাড়ির মতো

পরিমাণে দেওয়া সম্ভব নয়। সেই

আশ্রমের তরফে সরস্বতী শাস্ত্রী বলেন,

'গুরুকুলে বিভিন্ন নিয়ম নির্দেশিকা

মেনে চলতে হয়। তবে এখানে কোনও

ওই ৫ জন পালাল কেন? প্রশ্ন উঠছ<u>ে</u>

নিরাপত্তা নিয়েও। এব্যাপারে আশ্রম

কর্তপক্ষের কথায় নানা অসংগতি

কখনও তারা দাবি করছে, রাতে

রাঁধনি মহিলার সঙ্গে ওই পাঁচজন

বেড়াতে গিয়েছিল। পরে গুরুকুলের

তরফেই ওদের পুলিশের হাতে তুলে

দেওয়া হয়। কখনও আবার বলছে,

একজন নাবালিকার নেতৃত্বে বাকিরা

ভিসায় পড়তে

সেকথা বেমালুম অস্বীকার করেছেন

বরুণ। তাঁর বক্তব্য, 'শান বিভাগের

প্রাক্তন ছাত্র, কোনও ফ্যাকাল্টি নন।

তিনি ভালো ছবি তোলেন। কখনো-

কখনো আমাদের প্রোজেক্টের কাজে

সহযোগিতা করেন। তবে একটি

টাকাও তার জন্য তাকে দেওয়া

হয় না।' তবে বিশ্ববিদ্যালয়ের

কলা ও বিজ্ঞান অনুষদের ডিন

মহেন্দ্রনাথ রায়ের কথা, 'সবটা

খোঁজ নিয়ে আইন অনুসারে

যে সম্ভাবনার কথা বলেছেন

জয়েন্ট রেজিস্ট্রার অর্থাৎ ছাত্র

ভিসার মেয়াদ বাড়িয়ে শান যদি ফের

উইমেন স্টাডিজ বিভাগে ভর্তি হন

তাহলে বিশ্ববিদ্যালয়ের নথিভুক্ত

একজন ছাত্রকে 'শিক্ষক' বানিয়ে

দেওয়া হয়েছে। সেক্ষেত্রে আরও বড

কেলেঙ্কারি হবে বলেই মনে করছেন

শিক্ষা প্রশাসকরা। (চলবে)

পদক্ষেপ করা হবে।'

অর্থ বিভাগে চিঠি পাঠালেও

বেরিয়ে পড়েছিল।

তাহলে প্রশ্ন উঠছে, গভীর রাতে

অপ্রীতিকর ঘটনা ঘটেন।

নিয়ে প্রশ্ন উঠেছে।

তাঁদেরই একজন সুপ্রিয়া হালদার বলেন, '২০২৪ সালে ১০ দিন পাড বাঁধানো হলেও লাভ হয়নি। ফরাক্কা প্রোজেক্টের জেনারেল ব্যারেজ ম্যানেজারের সঙ্গে কথা বলতে চেয়েছিলাম। তিনি কথাই বললেন

খাঁচায় বালির বস্তা ফেলে পাড

#### চলছে বিতৰ্ক

- বালির বস্তা দিয়ে ফরাক্কায় গঙ্গার পাড বাঁধানোর কাজ চলছে
- 🔳 অন্তত ২০০ মিটারের বেশি অংশের পাড বাঁধানো হবে
- 💶 সাইট ঘুরে দেখলেন প্রোজেক্টের জেনারেল ম্যানেজার আরডি দেশপান্ডে
- 💶 কাজের পদ্ধতি পালটে বোল্ডার দেওয়ার দাবি

বাঁধাতে তাঁরা দেবেন না বলে সপ্রিয়া জানান। বরং বোল্ডার ফেলে তার ওপর পিচ ঢেলে শক্তপোক্ত পাড় বাঁধানোর পক্ষে গ্রামবাসী। স্থানীয় বিজেপি নেতা রিন্টু মণ্ডলও বলেন '২০২৪ সালের কাজে আখেরে উপকার হয়নি। বোল্ডার ফেলে পিচ ঢেলে পাড় বাঁধানো হোক।' একই

মত আরেক স্থানীয় বাসিন্দা জয়ন্তী মণ্ডলের। তিনি বলেন, 'এভাবে পাড় বাঁধালে আমাদের লাভ হবে

ব্যারেজ কর্তৃপক্ষ জানিয়েছে, ভারী বৃষ্টিপাত শুরু হওয়ার আগে ২০০ মিটারের বেশি পাড় বাঁধানো শেষ হবে। তিন নম্বর সাইটে ১২০ এবং চার নম্বর সাইটে ৯০ মিটার অংশে বাঁধানো হবে। সোমবার জেনারেল ম্যানেজার পাড়বাঁধ তৈরির জায়গাটি ঘুরে দেখেন। এরপর বালির বস্তা খাঁচায় ফেলেই পাড় বাঁধানো শুরু হয়।

ফি বছর বন্যা ও ভাঙনে ভূগতে হয় গঙ্গাপাড়ের বাসিন্দাদের মুশাদাবাদের বিস্তীর্ণ এলাকা গঙ্গা ভাঙনের কবলে পড়ে বিধ্বস্ত। এর জেরে বাসিন্দাদের প্রতিবছরেই সমস্যার মুখে পড়তে হয়। কিন্তু সমস্যা মেটাতে প্রশাসন কোনো সেভাবে উদ্যোগ নেয় না বলে অভিযোগ। দ্রুত সমস্যা মেটাতে ব্যবস্থা নেওয়ার দাবি জোরালো হয়েছে।

এক অস্বাভাবিক মৃত্যু এবং এই মৃত্যুর ক্ষেত্রে পণের অভিযোগ ওঠায় তিনজনকে গ্রেপ্তার করল কালিয়াগঞ্জ থানার পুলিশ। রবিবার রাতে অনন্তপুরের পচাকান্দর এলাকায় বাড়ি থেকে গ্রেপ্তার করা হয় মৃতার স্বামী চঞ্চল বর্মন, শাশুড়ি দুর্গা বর্মন এবং দেওর সিতু বর্মনকে শ্বশুর বীরেশ বর্মনের খোঁজ চলছে। কালিয়াগঞ্জ থানার আইসি দেবব্রত মুখোপাধ্যায় বলেন, 'বিয়ের সাত বছর না হওয়ায় ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে মৃতার ময়নাতদন্ত হয়েছে। অভিযোগের ভিত্তিতে

শনিবার দুপুরে শৃশুরবাড়িতে শোওয়ার ঘর থেকে জয়ন্তীবালা রায় বর্মনের (২২) ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়। ওইদিন রাতেই রাধিকাপুর অঞ্চলের বাসিন্দা জয়ন্তীর বাবা নরফুল রায় কালিয়াগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। তাঁর অভিযোগ, 'বিয়ের পর থেকেই বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য জয়ন্তীর উপর শারীরিক ও মানসিক অত্যাচার চালাত শ্বশুরবাড়ির লোকজন।'

#### বধূ নিযাতিন

করেছে। জানালেন, প্রায় কুড়ি বছর আগে তাঁদের বিয়ে হয়। দুটি সন্তানও রয়েছে তাঁদের। সুখেই চলছিল সংসার। বছর চারেক আগে বধুর মা-বাবা পরপর মারা যাওয়ার পর সংসারে অশান্তি বাড়তে থাকে।

বধূর অভিযোগ, মা-বাবার মত্যর পর স্বামী ও শাশুডি মিলে সম্পত্তি ও অর্থ বাপের বাড়ি থেকে আনার চাপ দিতে থাকে। দাবি ওঠে, সম্পত্তি বিক্রি করে টাকাটা তাদের হাতে তলে দিতে হবে। বাজি না হওয়ায় প্রায়ই তাঁকে মারধর করা হত। রবিবার প্রতিবাদ করায় তা চরমে ওঠে। তাঁকে স্বামী ও শাশুড়ি মিলে বেধডক মারে। এরপর মেরে ফেলার উদ্দেশ্যে মাটিতে ফেলে দিয়ে বাঁশের লাঠি দিয়ে মাথায় আঘাত করতে থাকে। প্রতিবেশীরা ছুটে এসে বধূকে উদ্ধার করে স্থানীয়

রশিদপুর স্থানীয় প্রাথমিক সহযোগিতায় মহকুমা হয়েছে

চিনারবাজারে সোমবার বিকালে ইদ-উল-আযহা উপলক্ষ্যে এক ধর্মীয় আলোচনা সভা অনুষ্ঠিত হল। সভায় প্রধান বক্তা হিসেবে বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ মৌলানা ইসরাল আলিয়াবি উপস্থিত ছিলেন কোরবানির তাৎপর্য, ইসলামের শান্তির বাতা ও মানবিক মূল্যবোধ নিয়ে সভায় আলোচনা হয়েছে। বিশেষ দোয়ার মাধ্যমে অনুষ্ঠান

#### বধূর মৃত্যু, ধৃত শ্বশুরবাড়ির ৩

তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।'

বনিয়াদপুর, বিয়ের পর সুখের সংসারের স্বপ্ন দেখেছিলেন এক বধু। কিন্তু বধুর মা মারা যান ক্যানসারে আর বাবার মৃত্যু হয় বজ্রাঘাতে। বছর চারেক আগে তাঁদের মৃত্যুর পর রেখে যাওয়া সম্পত্তি যেন মেয়ের জীবনে কাল হয়ে দাঁডাল। ঘটনাটি বংশীহারী থানা এলাকার। অভিযোগ উঠেছে, সেই সম্পত্তির জন্য স্বামী ও শাশুডির কাছে বারবার শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হচ্ছেন তিনি। রবিবার তা চরমে উঠলে তিনি থানার দ্বারস্থ হন। যদিও স্বামী ও শাশুড়ি সমস্ত অভিযোগ অস্বীকার

হাসপাতালে নিয়ে যান।

চিকিৎসাকেন্দ্রে চিকিৎসার পর প্রতিবেশীদের রবিবার থানায় অভিযোগ করেন ওই বধৃ। উন্নত চিকিৎসার জন্যে তাঁকে গঙ্গারামপুর হাসপাতালে পাঠানো বংশীহারী থানার আইসি অসীম গোপ জানিয়েছেন, মামলা রুজু করে

#### ধর্মীয় সভা

### গ্রেপ্তার ১ বহরুমপুর, ৯ জুন : প্রতিবেশী

রাজ্য বিহার থেকৈ ঘুরপথে ভারত-বাংলাদেশ সীমান্তবৰ্তী মর্শিদাবাদে অস্ত্র পাচারের পদা ফাঁস করল পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে সোমবার শোরগোল ছড়িয়ে পড়ে বহরমপর শহর এলাকায়। অভিযানে পুলিশ গ্রেপ্তার করে মাসুদ শেখ নামের এক অস্ত্র কারবারিকে তল্লাশি অভিযান চালিয়ে তার কাছ থেকে অত্যাধুনিক ৩টি ৭ এমএম পিস্তল, ১০ রাউন্ড কার্তুজ ও ৬টি লোডেড ম্যাগাজিন বাজেয়াপ্ত করা হয়। একটি টোটোর আড়ালে ওই অস্ত্র ও যাবতীয় সরঞ্জাম জেলার বিভিন্ন জায়গায় সরবরাহ করার চেষ্টা করছিল অভিযুক্ত। পুলিশ পাকডাও করে তাকে জেরা করতেই সবকিছু বেরিয়ে আসে। প্রাথমিকভাবে পুলিশ জানিয়েছে, সীমান্ত এলাকা দিয়ে বিহার থেকে ওই অস্ত্র ঢুকেছিল। জেলা পুলিশের এক কর্তা জানান, এই ঘটনার পেছনে কে বা কারা জড়িত রয়েছে তা এই ধৃতকে জেরা করে জানা

#### হাতাহাতি

কুমার্গঞ্জের সাফানগর বিলপাডায় কলা গাছ কাটা এবং মাটি নেওয়াকে কেন্দ্র করে দুই প্রতিবেশীর বিবাদ শেষপর্যন্ত হাতাহাতিতে পরিণত হয়। রবিবার ওই এলাকার শিবু বাস্কে ৫-৬টি কলা গাছ কাটলে গাছের গোড়ার মাটি নিতে হাজির হন নাচন সোরেন। শিবু তাঁকে বাধা দেয় ও মারধর করে বলে অভিযোগ। নাচনের দাবি, কটুক্তি করা হয় তাঁর নাতনিদেরও। সোমবার কুমারগঞ্জ থানায় অভিযোগ জানান<sup>°</sup> নাচন। পুলিশ তদন্ত শুরু করেছে।

#### মাহিষ্য বৈঠক

বালুরঘাট, ৯ জুন : বঙ্গীয় মাহিষ্য সমিতির দক্ষিণ দিনাজপুর জেলা কমিটির বৈঠক হল রবিবার। বালবঘাটে আয়োজিত এই বৈঠকে গঙ্গারামপুর মহকুমার প্রতিনিধিরাও ছিলেন। ওবিসি শংসাপত্র আদায় সহ একাধিক বিষয়ে বৈঠকে আলোচনা হয়। ২১ জনের কার্যনিবাহী কমিটি তৈরি হয়। সভাপতি নিবাচিত হয়েছেন অমূল্যরতন বিশ্বাস, যুগ্ম সম্পাদক পদ পেয়েছেন সৌমিক দাস ও ব্রতময় সরকার।

ডোমকল, ৯ জুন : দুইপক্ষের বোমাবাজিতে সোমবার উত্তপ্ত হয়ে উঠল ডোমকল পুরসভার ২১ নম্বর ওয়ার্ড এলাকা। ঘটনায় দজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, জানারুল শেখের সঙ্গে সাহীন শেখের ঝামেলা চলছে দীর্ঘদিন। কয়েকদিন আগে জানারুল সাহীনের ওপর হামলা চালায় বলে অভিযোগ। তার জেরেই পালটা বোমাবাজি বলে মনে করছেন স্থানীয়রা। পুলিশ তদন্ত করছে।

#### বিরসা স্মরণে

কুশমণ্ডি, ৯ জুন : চণ্ডীপুর গ্রামে সোমবার বিরসা মুভার ১২৫তম প্রয়াণ দিবস করল আদিবাসী কল্যাণ সমিতি। বিরসা মুভার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান আদিবাসী তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি বুর্থন হেমব্রম।

#### গাজোলে সংসার

'২০২৩ সালে আমি এই পঞ্চায়েতের প্রধান হিসেবে দায়িত্বভার নিয়েছি। শুনেছি পুলিশ যাদের গ্রেপ্তার করেছে তারা নাকি ১০-১২ বছর ধরে এলাকায় রয়েছে। সম্ভবত সেই সময় যাঁরা দায়িত্বে ছিলেন তাঁরাই ওদের প্রয়োজনীয় কাগজপত্র দিয়েছেন। আমার আমলে এই ধরনের কোনও কাগজপত্র কাউকে দেওয়া হয়নি। আমি চাইব, আমার এলাকায় যদি এই ধরনের আরও অনুপ্রবেশকারী থেকে থাকে তাহলে পুলিশ তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুক। গ্রাম পঞ্চায়েতের তরফে পুলিশকে সবরকমভাবে সহযোগিতা করা হবে।'

# তপনের গ্রামে তদন্ত করছে পুলিশ। সোমবার। -সংবাদচিত্র

মণিশংকর ঠাকুর

শ্রমিক সরবরাহের ঠিকাদার সাদ্দাম হয়েছিল। পরে তদন্তে উঠে আসে, শারীরিক সম্পর্ক ছিল। স্বামী রহমান

#### কুপিয়ে খুনে গ্রেপ্তার ৫

ডোমকল, ৯ জুন : অবলা গবাদিপশু বাড়ি ফেরার পথে মালিকের বাড়ির পরিবর্তে ভুল করে পাশের বাড়িতে প্রবেশ করে। এই ঘটনাটিকে কেন্দ্র করে পাশের বাড়ির বাসিন্দাদের সঙ্গে গবাদিপশুর মালিকের বাদানুবাদ হয়। শেষপর্যন্ত বাদানবাদ গড়ায় এলোপাতাড়ি কোপানোয়। ঘটনায় মহিলা সহ গ্রেপ্তার ৫। এদিন গভীর শোকের ছায়া নেমে আসে মুর্শিদাবাদের ডোমকল লাগোয়া রানিতলা এলাকায়। মৃত তরুণের নাম রোহিত

শেখ (২১)। স্থানীয়রা জানিয়েছেন রোহিতের বাড়ির একটি গবাদিপশু গ্রামের অন্যান্য গবাদিপশুর দলের সঙ্গে মিলে বাডি ফেরার সময় পথ ভূলে পাড়ার অন্যজনের বাডিতে ঢুকে যায়। এই নিয়ে ওই তরুণ ও তার পরিবারের সদস্যদের সঙ্গে পার্শ্ববর্তী ইব্রাহিম শেখের পরিবারের সদস্যদের বচসা শুরু হয়। অভিযোগ, এরপরই উভয় পরিবারের মধ্যে হাতাহাতি, সংঘর্ষ বেঁধে যায়। সেই সময় আচমকা ওই তরুণকে ধারালো অস্ত্র দিয়ে কোপাতে থাকে। চিৎকার শুনে রোহিতের পরিবারের সদস্যরা ছুটে এলে তাঁরাও জখম হন। আহতদের মধ্যে রয়েছেন সোহেল শেখ, ফিরোজ শেখ এবং শিউলি বিবি। একজনকে মুর্শিদাবাদ মেডিকেল ক*লে*জ ও<sup>ঁ</sup>হাসপাতালে এবং বাকিদের কলকাতার এনআরএস মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসা করাতে পাঠানো হয়েছে।

#### ভাতায় কাঁটা

প্রথম পাতার পর

২০১৬-র প্যানেলে ওয়েটিং লিস্টে থাকা চাকরিপ্রার্থীরা। সেই মামলাতেই বিচারপতি প্রশ্ন করেন, 'কীসের ভিত্তিতে টাকার অঙ্ক নিধারণ করেছে রাজ্য? ভাতা দিতে এত তাড়াহুড়ো কেন? এই ভাতার উপভোক্তারা বিনিময়ে রাজ্যকে কী দেবেন? এঁরা কি বাড়িতে বসে টাকা পাবেন ?' যদিও শেষপর্যন্ত রায়দান স্থগিত রেখেছেন বিচারপতি অমৃতা সিনহা।

বিচারপতি ভট্টাচার্যের সিদ্ধান্তে প্রায় ৪৪ হাজার শিক্ষক পদে নিয়োগ প্রক্রিয়া চালিয়ে যেতে আর বাধা রইল না। ১৬ জন থেকে ওই নিয়োগের জন্য আবেদন করা যাবে। বিচারপতি স্পষ্ট জানিয়ে দেন, নিয়োগ প্রক্রিয়ায় আপাতত হস্তক্ষেপ নয়। কোনও সমস্যা হলে পরে আদালত দেখবে। কিন্তু গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মীদের ভাতা সংক্রান্ত মামলায় বিচারপতি প্রশ্নবাণে বিদ্ধ

কবেন সবকাবকে। তাঁর মন্তব্য, সুপ্রিম কোর্টের নির্দেশের পর কোনওরকম আলোচনা বা স্ক্রুটিনি ছাড়াই এত তাড়াহুড়ো কেন? ভাতার পরিমাণ নিয়েও তিনি প্রশ্ন তোলে। বিচারপতি জিজ্ঞাসা করেন, 'কীসের ভিত্তিতে ভাতার অঙ্ক নির্ধারণ করা হয়েছে? এদের বেতনের ভিত্তিতে কী? শীর্ষ আদালতে পুনর্বিবেচনার আবেদনের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত টাকা দিতে থাকবেন?' যদিও রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত দাবি করেন, ভাতা দেওয়ার সিদ্ধান্তে ওয়েটিং লিস্টে থাকা চাকরিপ্রার্থীদের অসুবিধা হবে না।

আবেদনকারীদের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য বলেন, 'আদালতের নির্দেশে চাকরি বাতিলের পর এই চাকরিচ্যুত ও ওয়েটিং লিস্টের প্রার্থীরা একই স্তরে রয়েছে। তাছাড়া সুপ্রিম কোর্ট যাঁদের দাগি চিহ্নিত করে চাকরি বাতিল করেছে, তাঁদের ভাতা দেওয়া অসাংবিধানিক। রাজ্য সরকার এভাবে দুর্নীতিগ্রস্তদের ছ্ত্রছায়ায় রাখছে।' তাঁর বক্তব্য, সংবিধানের ২৮২ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী জনস্বার্থে সরকার টাকা খরচ করতে পারে। ভাতা দেওয়ার সিদ্ধান্ত কি জনস্বার্থ সম্পর্কিত?' পরে রায়দান স্থগিত রাখেন বিচারপতি।

# রামকেলিতে সাধুদের আখড়া

বেজে ওঠে।'

সাধুদের

এখন

আগে থেকেই চলে আসি। এখানে

এলে যন্ত্র বাজে, সঙ্গে আমার মনও

মিলনমেলা

কয়েক লক্ষ ভক্তের সমাগম হয়

রামকেলিমেলায়। তবে দুরদুরান্তের

সাধু-সন্মাসীদের থাকার জায়গা নিয়ে

অনেক সমস্যা হয়। তাই অনেকেই

নিয়ে তাঁবু তৈরি করে নিয়েছেন। গত

আগে এসে বাস্তাব পাশে

বামকেলিধামে যেন

বসেছে।

হরষিত সিংহ

রামকেলিতে আসর বসিয়েছেন সাধু-সন্মাসীরা। সোমবার। -সংবাদচিত্র

মালদা, ৯ জন : জৈচ্ছের প্রখর রৌদ্র, ফিরোজ মিনারের পাশে বিশাল বট গাছ, তার নীচে বসে জনাদশেক সাধু। কারও হাতে দোতারা, কেউ দিচ্ছেন শিঙায়! একজন সর তুলছেন, 'ভগবান খুঁজতে গিয়ে বাকিরা। পাশেই ছোট ছোট তাঁবু। কডা রোদে সেই তাঁবর পাশে রান্নায় মেলা প্রায় এক সপ্তাহ বাকি। যদিও জোরকদমে চলছে মেলার প্রস্তুতি। মেলা প্রাঙ্গণ পরিদর্শন করেন। মেলার প্রস্তুতির পাশাপাশি দেশের বিভিন্ন প্রান্ত থেকে সাধু-সন্ম্যাসীরা আসতে শুরু করেছেন। কেউ এসেছেন প্রায় একমাস আগে। কেউ আবার গত দুই-এক দিন আগেই রামকেলিতে পৌঁছেছেন। তারপর করছেন, ধর্মের কথা আলোচনা করছেন। তারিণী বলেন, 'আশ্রমে থাকলে আমার যন্ত্র বাজে না। তাই

পুতুল কিনে ঘর ভরেছি, আমি কি তুল কবেছি'। তালে তাল মেলাচ্ছেন বসেছেন বৈষ্ণবী। এখনও রামকেলির সোমবার জেলা প্রশাসনের কর্তারা হাজির হয়েছেন। ১৯৯৪ সাল থেকে। রামকেলিমেলায় আসছেন শিলিগুড়ির বাসিন্দা তারিণী মালো। ২১ জ্যৈষ্ঠ গৌড়ের রামকেলিধামে এখানে আখডায় বসছেন, গান

আশ্রমে থাকলে আমার যন্ত্র বাজে না। তাই আগে থেকেই চলে আসি। এখানে এলে যন্ত্ৰ বাজে, সঙ্গে আমার মনও বেজে তারিণী মালো দই বছর ধরে আসছেন কলকাতার সন্মাসিনী লক্ষ্মী মণ্ডল। তাঁর কথায়, 'থাকার জায়গা পাওয়া যায় না। তাই আগেই চলে আসি।' রবিবার থেকেই থেকে শুরু রামকেলিমেলা। সোমবার মালদা জেলা প্রশাসনের পক্ষ থেকে

# বন্ধুকে খুনে ধৃত পুলিশকর্মী

নিয়ে বিবাদের জেরে ব্যবসায়ী বন্ধুকে খুনের অভিযোগ উঠেছে পুলিশকর্মীর বিরুদ্ধে। রবিবার মাঝরাতে ঝাড়খণ্ড থেকে তাকে পাকড়াও করেছে সুতি থানার পুলিশ। ধৃতের নাম বিপিনকুমার পাঠক। সে ঝাড়খণ্ডের আমড়াপাড়া থানায় কর্মরত। তার লভ্যাংশ নিয়ে সম্প্রতি দুজনের মধ্যে সহযোগী আবু সুফিয়ানকেও পুলিশ গ্রেপ্তার করেছে। সুফিয়ানের বাড়ি মুর্শিদাবাদের ভাসাইপাইকর এলাকায়। সোমবার ধৃতদের জঙ্গিপুর মহকুমা আদালতে পেশ করা হয়। বিচারক তাদের ১৩ জুন পর্যন্ত পুলিশ হেপাজতের নির্দেশ দেন। এব্যাপারে ঘটনার পুনর্নির্মাণ হবে।

ঘটনার রহস্যভেদে তদন্তে নামে মূতের নাম আনন্দ রাজ (৩৩)। তিনি মাঝির নেতৃত্বে অভিযান চালিয়ে ঝাড়খণ্ডের পাকুড় জেলার বাসিন্দা। ওই কনস্টেবল ও তার সহযোগীকে বালি-পাথর সরবরাহের ঝাড়খণ্ড থেকে গ্রেপ্তার করা হয়েছে।

যুক্ত ছিলেন। এরাজ্যের মুর্শিদাবাদ সহ বিভিন্ন জেলায় তাঁর ব্যবসা ছড়িয়েছিল। পাথর সরবরাহের সূত্রে আনন্দর সঙ্গে বিপিনের পরিচয় ও ব্যবসায়িক বন্ধুত্ব গড়ে ওঠে।

তদন্তে উঠে এসেছে, ব্যবসার

একটি বৈঠক করা হয়। জেলা

প্রশাসনের কর্তা সহ বিশিষ্ট ব্যক্তিরা

জটিলতা তৈরি হয়েছিল। ১৪ মে সন্ধ্যায় আনন্দকে গাড়িতে চাপিয়ে ঘুরতে বেরিয়েছিল বিপিন। পথে সে আবু সুফিয়ানকেও গাড়িতে তুলে নেয়। সুফিয়ান ও বিপিন মিলে আনন্দকে গাড়ির মধ্যেই শ্বাসরোধ করে খুন করে বলে অভিযোগ। জেলা পুলিশের এক কতা জানান, এমনকি মৃত্যু নিশ্চিত করতে গলা কেটে দেহ সুতি এলাকায় ফেলে পুলিশ সূত্রের খবর, ১৫ মে দেয় অভিযুক্তরা। পরদিন দেহ পড়ে দুতির সাজুর মোড়ের কাছে গলার থাকতে দেখে স্থানীয়রা পুলিশে নলিকাটা একটি দেহ উদ্ধার হয়। খবর দেন। এরপর তদন্তের সূত্র ধরে উঠে আসে দুজনের নাম। রবিবার পুলিশ। পরবর্তীতে জানা যায়, সুতি থানার আইসি সুপ্রিয়রঞ্জন

আলকারাজের হুংকার



त्य्यन-२ (জবিমেন্ডি. ওয়ারজাবাল)

টাইব্রেকারে ৫-৩ ফলে জয়ী পর্তুগাল

সিংহ শিকার করতে ভোলে না।

লিগ ফাইনাল।

মিউনিখ, ৯ জুন: বয়স বাড়লেও

জনপ্রিয় বাংলা প্রবাদ। তারই

ববিবার ভারতীয় সময় রাতে

বাস্তব প্রতিফলন উয়েফা নেশনস

প্রতিবেশী স্পেনকে টাইব্রেকারে

নেশনস লিগ জয় পর্তুগালের। বলা

ভালো, 'বৃদ্ধ' রোনাল্ডোর হুংকারে

ছিল তারুণ্য বনাম অভিজ্ঞতার

লড়াই। দুই ফুটবল প্রজন্মের

রোনাল্ডোর লড়াই। যেখানে

পর্তগিজ মহাতারকা প্রমাণ

করলেন, বয়স চল্লিশ হলেও তিনি চালশে হয়ে যাননি।

ফেভারিট ছিল লুইস ডে

লা ফুয়েন্ডের স্পেনই।

সেইমতো খেলাটাও

শুরু করেছিলেন

ফাইনালের আগে হট

তাঁরা। এমনকি ২১

মিনিটে স্প্যানিশ

লড়াই। লামিনে ইয়ামাল বনাম

৫-৩ ফলে হারিয়ে দ্বিতীয়বার

ম্লান তারুণ্যে ভরা স্প্যানিশ

ব্রিগেড। এককথায়, ম্যাচটা



নজরে

পরিসংখ্যান

堕 আলকারাজ তৃতীয় খেলোয়াড হিসেবে।

প্রথমবার উঠেই চ্যাম্পিয়ন হলেন।

হিসেবে পাঁচটি গ্র্যান্ড স্ল্যাম

এই তালিকায় বাকি দুইজন

বিয়ন বর্গ (২২ বছর ৫ দিন) ও

রাফায়েল নাদাল (২২ বছর ৩৩

8 বিগ থ্রি-র (ফেডেরার, নাদাল,

নোভাক জকোভিচ) পর আলকারাজ

চতর্থ খেলোয়াড যিনি টানা চার বছর

অন্তত একটি গ্র্যান্ড স্ল্যাম জিতলেন।

সেট জেতার পর রবিবার কোনও সেট

জিতলেন আলকারাজ।

দিন)।

হারলেন।

#### চোখের জলে ধোয়া

প্রত্যাবর্তন।

সদ্যসমাপ্ত ফরাসি

ফাইনাল সম্পর্কে একটাই কথা

বলা যায়। এক পর্যায়ে তো ম্যাচের

ভাগ্য প্রায় লেখা হয়ে গিয়েছিল।

রোলাঁ গারোর নতুন রাজা হিসেবে

জানিক সিনারকে বরণ করতে

প্রস্তুত হয়ে গিয়েছিল টেনিস দুনিয়া।

রাফায়েল লিয়াও, ব্রুনো ফার্নান্ডেজরা ম্যাচের অতিরিক্ত সময় পর্যন্ত স্পেনকে চেপে ধরেছিলেন।

কোচ ফুয়েন্ডে টাইব্রেকারের কথা মাথায় রেখে দলের সবচেয়ে অভিজ্ঞ স্টাইকার আলভারো মোরাতাকে নামিয়েছিলেন। কিন্তু এই স্প্যানিশ স্ট্রাইকারই ডোবালেন। টাইব্রেকারে পেনাল্টি মিস করে ট্রফিটাই রোনাল্ডোকে উপহার দিয়ে গেলেন

২০২২ বিশ্বকাপ থেকে ছিটকে যাওয়ার পর তাঁর চোখে জল দেখা গিয়েছিল। এদিন খেতাব জেতার পরে চোখে জল ছিল সিআর সেভেনের। পরে তিনি বলেছেন, 'ক্লাবের হয়ে অনেক ট্রফি জিতেছি। তবে দেশের হয়ে ট্রফি জয় আমার কাছে সবসময় স্পেশাল। পর্তুগালকে ট্রফি জেতানোর থেকে বড় প্রাপ্তি আর কিছুতে নেই। আনন্দেই চোখে জল এসেছে। এই পর্তুগাল দলকে নেতৃত্ব দেওয়াটা গর্বের

এদিকে ফাইনাল হেরে স্পেন কোচ ফুয়েন্ডের নজর এবার বিশ্বকাপে। তিনি বলেছেন, 'যোগ্য দল হিসেবেই পর্তুগাল চ্যাম্পিয়ন হয়েছে। তবে ছেলেদের খেলায় আমি খুশি। এই ম্যাচ ভূলে ভবিষ্যতের কথা ভাবছি। আগামী বছর বিশ্বকাপই আমাদের লক্ষ্য।'

আপাতত ইউরোপ ফের পর্তগিজদের জয়ধ্বনিতে মখরিত। সামনেই বিশ্বকাপ। কিন্তু ক্রিশ্চিয়ানো কি খেলবেন? তার কোনও উত্তর না পাওয়া গেলেও পর্তুগাল কিন্তু সিআর সেভেনেই আস্থা-ভূরসা রাখতে চায়।

গেমে ৪০-০ পয়েন্ট তাঁর পক্ষে। শুধু একটা ম্যাচ পয়েন্ট দরকার। কিন্তু এরপর যেটা হয়েছিল, সিনেমা হতে পারে। খাদের কিনারা

চতুর্থ সেটে ৫-৩ গেমে এগিয়ে

ছিলেন ইতালিয়ান তারকা। নবম

সেটা নিয়ে হলিউডে কোনও থ্রিলার থেকে প্রত্যাবর্তন স্প্যানিশ তারকা কালেসি আলকারাজ গার্ফিয়ার। তিনবার ম্যাচ পয়েন্ট বাঁচিয়ে শেষপর্যন্ত টাইব্রেকারে সেট দখল। পরে পঞ্চম সেট জিতে চ্যাম্পিয়নের মুকুট মাথায় পরেন আলকারাজ। আলকারাজকে ধারাভাষ্যকাররা বিরাট কোহলির সঙ্গে তুলনা করা শুরু করে দেন।

ফরাসি ওপেনের ইতিহাসে দীৰ্ঘতম ফাইনাল জিতে তপ্ত আলকারাজ। ম্যাচের পর তাঁর হুংকার, 'কঠিন পরিস্থিতি আসল চ্যাম্পিয়ন তৈরি করে। প্রবল চাপের মুখেও হাল ছাড়িনি। লড়াই চালিয়ে গিয়েছি। এইসব চাপের মুহূর্ত মোকাবিলা না করতে পারলে চ্যাম্পিয়ন হওয়া যায় না। কিংবদন্তি খেলোয়াড়রা বছর বছর এই কাজটা

করে গিয়েছেন।' ইতিমধ্যে আলকাবাজ-সিনার ম্যাচটির সঙ্গে উইম্বলডন ফাইনালে রাফায়েল নাদাল-

করা দিয়েছে। যা দেখে আলকারাজ বলেছেন, 'ফেডেরার-নাদাল বর্গ-ম্যাকেনরোর লডাইয়ের সঙ্গে আমাদের ম্যাচটির তুলনা হচ্ছে। এটা আমার কাছে সম্মানের বিষয়। রোলাঁ গারোয় ইতিহাসের পাতায় নাম তুলতে পেরে আমি খুশি।' তিনি আরও যোগ করেছেন, '২২ বছর বয়সে কেরিয়ারে পঞ্চম গ্র্যান্ড স্ল্যাম জিতেছি। নাদালও এই বয়সেই পঞ্চম গ্র্যান্ড স্ল্যাম জিতেছিলেন। এটা আমার কাছে একটা গর্বের বিযয়। নাদাল আমার আদর্শ।'

এদিকে, জয়ের কিনারায় গিয়েও খেতাব হাতছাড়া হওয়ায় হতাশ সিনার। তবে রোলাঁ গারোর দীর্ঘতম ফাইনালের অংশ হতে পেরে খশি তিনি। সিনার বলেছেন, ইতিহাসের অংশ হতে পেরে খুশি। তবে জিততে পারলে আরও ভালো লাগত। এখন আর কিছু করার নেই।' তিনি আরও বলেছেন, 'খুব উচ্চপর্যায়ের ম্যাচ ছিল এটা। আগে এই ধরনের ম্যাচ টেলিভিশনেই শুধু দেখেছি। এবার আমার নিজের ক্ষেত্রেও

ঘটে গেল।' রজার ফেডেরার কিংবা বিয়র্ন বর্গ-জন ম্যাকেনরো লড়াইয়ের ৫ গ্র্যান্ড স্ল্যামে পাঁচবার ফাইনালে উঠে পাঁচবারই চ্যাম্পিয়ন হলেন কালেসি আলকারাজ গার্ফিয়া। চ্যাম্পিয়নশিপ পয়েন্ট বাঁচিয়ে গ্র্যান্ড স্ল্যামে খেতাব ২ রজার ফেডেরারের পর আলকারাজ দ্বিতীয় খেলোয়াড় যিনি কোনও গ্র্যান্ড স্ল্যামের ফাইনালে 🙂 ২২ বছর ৩৪ দিন বয়সে তৃতীয় কনিষ্ঠতম 🗢 🔰 সিনার গ্র্যান্ড স্ল্যামের ম্যাচে টানা ৩১টি

# কাউন্টি খেলে ডিউক বল নিয়ে যান সাই

ক্লাবের হয়ে অনেক ট্রফি জিতেছি।

তবে দেশের হয়ে ট্রফি জয় আমার

কাছে সবসময় স্পেশাল। পর্তুগালকে

ট্রফি জেতানোর থেকে বড প্রাপ্তি আর

কিছতে নেই। আনন্দেই চোখে জল

এসেছে। এই পর্তগাল দলকে নেতত্ব

দেওয়াটা গর্বের বিষয়।

- ক্রিশ্চিয়ানো রোনাল্ডো

### ছাত্রকে নিয়ে আত্মবিশ্বাসী স্টুয়ার্ট

লভন, ৯ জুন : সাল্টা ২০২৩। সারের হয়ে কাউন্টি অভিষেক। বি সাই সদর্শন নামটার সঙ্গে সেভাবে কেউ তখন পরিচিত নন। অভিজ্ঞতা অর্জন, লাল বলে নিজেকে আরও ঘষেমেজে নিতে চেয়েছিলেন। বাড়ি ফিরেছিলেন অভিজ্ঞতার ভাঁডারকে সমদ্ধ করে, আর বেশ কিছু লাল ডিউক বল সঙ্গে নিয়ে!

ডিউক নিজেকে প্রস্তুত করার ভাবনা? সুদর্শন কি ভেবেছিলেন ২০২৫ ইংল্যান্ড সফরে ভারতীয় দলে ডাক পাবেন? বাস্তব যাই হোক, সারের হয়ে খেলা এবং সঙ্গে করে আনা ডিউক বলে প্রস্তুতির আত্মবিশ্বাস ২০ জুন শুরু ভারতের বিলেত সফরে সম্পদ নবাগত তারকার।

প্রথম শ্রেণির কেরিয়ার ততটা ঝলমলে নয় সংক্ষিপ্ত ফর্ম্যাটের তুলনায়। কিন্তু বিশেষজ্ঞরা স্বীকার করছেন, সাই টি২০-ও খেলে টেস্টসুল্ভ শটে। আড়া শট বা পেশিশক্তির আস্ফালন নয়, নান্দনিক ব্যাটিংয়েই ২০২৫ আইপিএলে অরেঞ্জ টপির মালিকও হয়েছেন। অনেকে তাঁকে দেখছেন বিরাট কোহলির যোগ্য উত্তরসূরি হিসেবেও। সারে কাউন্টিতে সুদর্শনের 'বস' অ্যালেক স্টুয়ার্ট যদিও সতর্ক করছেন। পরামর্শ, 'পরবর্তী বিরাট নয়, আরও ধারালো সাই সদর্শন হয়ে ওঠো।'

প্রথম দর্শনেই প্রতিভার ইঙ্গিত পেয়েছিলেন ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক। ভালো লেগেছিল ভারতীয় তরুণের শেখার ইচ্ছে, দ্রুত শিখতে পারার দক্ষতাকে। স্টয়ার্টকে গুজরাট টাইটান্সের টিম ডিরেক্টর বিক্রম সোলাঙ্কি জানান, দুর্দন্তি সম্পর্কে একেবারেই আনকোরা।



প্রতিভা। একটু ঘষেমেজে নিতে হবে শুধু। দায়িত্বটা বর্তেছিল স্টুয়ার্টের ওপর। ডিউক বলের প্রসঙ্গে টেনে জানান, ফেরার সময় বেশ কিছু নতুন ডিউক বল নিয়ে যায় সুদর্শন। কোনও দাম নেওয়া হয়নি। বাড়িতে ফিরে প্র্যাকটিস করবে, পরেরবার যখন ফিরবে, আরও ধারালো সুদর্শনকে

পাশাপাশি স্টুয়ার্টের মন বলছিল, ভারতীয় দলের হয়েও ইংল্যান্ডের হয়তো দেখা যাবে সুদর্শনকে। কিন্তু এত তাড়াতাড়ি হিসেবটা মিলে যাবে ভাবেননি। কৃতিত্বটা হয়তো সুদর্শনকেই দিচ্ছেন স্টুয়ার্ট। প্রশংসায় ভরিয়ে দিয়ে বলেছেন, 'যখন এসেছিল অচেনা। ইংলিশ কভিশন

সোলাঙ্কি প্রচুর প্রশংসা করেছিল সুদর্শনের। প্রথম সেশনে দেখেই টের পেয়েছিলাম, কেন বিক্রম ওর দক্ষতা সম্পর্কে এতটা আত্মবিশ্বাসী।'

ভারতীয় তরুণের শেখার মজেছিলেন স্টুয়ার্টও। নেট হোক বা মাঝের বাইশ গজ, সবসময় হাতে ব্যাট। যার সুফল, সারের দ্বিতীয় দল থেকে দ্রুত প্রথম দলে উত্তরণ। বিশ্বাস, ভারতীয় টেস্ট দলের সম্পদ হয়ে উঠবেন। প্রাক্তন মাটিতে ইংল্যান্ড অধিনায়ক বলেছেন, 'যেখানে বল বেশি নড়াচড়া করে, সেখানে বলের যথাসম্ভব কাছে গিয়ে খেলতে হয়। সুদর্শন ঠিক সেটাই করে। একেবারে চোখের নীচে বল রেখে শট খেলে। দেরিতে খেলে। ব্যাকফুট প্লে শক্তিশালী। যা ইংলিশ পিচ, কন্ডিশনে গুরুত্বপূর্ণ।'



মার্টিন জুবিমেন্ডির গোলে লা রোহা

এগিয়ে যায়। কিন্তু পাঁচ মিনিট পরে

সমতায় ফেরে পর্তুগাল। সৌজন্যে

নুনো মেন্ডেজ। রোনাল্ডোর জন্য তৈরি

মুঞ্চে প্ৰথম আলো কিন্তু এই পৰ্তুগিজ

পাস থেকে ২৬ মিনিটে একক প্রয়াসে

লামিনেকে একপ্রকার বোতলবন্দি করে

পতন স্প্যানিশ

আমাডার

অন্তিম লগ্নে পর্তুগিজ রক্ষণের

ভুলে স্পেনকে এগিয়ে দেন মিকেল

তবে বড় মঞ্চে মোক্ষম সময়ে

জ্বলে উঠে অতীতেও অনেক ম্যাচের

রং বদলেছেন সিআর সেভেন। ৪০

না। ৬১ মিনিটে মেন্ডেজের ক্রস

বছর বয়সে এসেও তার অন্যথা হল

স্প্যানিশ ডিফেন্ডারের গায়ে লেগে

রোনাল্ডোর কাছে চলে আসে। গোল

করতে কোনও ভুল করেননি সিআর

সেভেন। রোনাল্ডোর গোল আত্মবিশ্বাস

বাড়িয়ে দেয় পর্তুগিজদের। যে কারণে

৮৭ মিনিটে চোটের জন্য রোনাল্ডোকে

তলে নেওয়া হলেও পর্তগালের

আক্রমণে কোনও ভাটা পড়েনি।

রেখেছিলেন তিনি। তবে প্রথমার্ধের

ডিফেন্ডার ছডালেন। পেদ্রো নেটোর

গোল করে যান নুনো। শুধু গোল নয়. সারা ম্যাচে স্পেনের মূল ভরসা

কম্বল চাপা দিয়ে মৃত দর্শককে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে।

#### নেশনস ফাইনালে দর্শকের মৃত্যু

মিউনিখ, ৯ জুন : উয়েফা নেশনস লিগ ফাইনাল চলাকালীন মাবা গেলেন এক দর্শক। আলিযাঞ্জ এরিনার গ্যালারির সেন্ট্রাল টিয়ার থেকে প্রেসবক্সে পড়ে যান তিনি। তৎক্ষণাৎ চিকিৎসা শুরু হলেও ওই দর্শককে বাঁচানো যায়নি। উয়েফা তাঁর মৃত্যুর খবর নিশ্চিত করলেও মৃত ব্যক্তির নাম, পরিচয় কিছু প্রকাশ করেনি। ম্যাচের পর মৃত দর্শকের পরিবারকে সমবেদনা জানিয়েছেন স্পেনের কোচ লুইস ডে লা ফুয়েন্ডে।

#### আল নাসেরেই থাকছেন রোনাল্ডো

মিউনিখ, ৯ জুন: সব জল্পনার অবসান। আল নাসেরেই থাকছেন পর্তুগিজ মহাতারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। উয়েফা নেশনস লিগ ফাইনালের পর নিজেই জানিয়েছেন এই কথা। রোনাল্ডো বলেছেন, 'আগামীদিনে কোনওকিছু পরিবর্তন হচ্ছে না।আল নাসেরেই থাকছি।'নয়া মরশুমে আল নাসের এসিএল টু-তে খেলবে।মোহনবাগান সুপার জায়েন্টও এবছর এসিএল টু-তে খেলবে। ফলে বাংলার ফুটবলপ্রেমীদের মনে একটা ক্ষীণ আশা রয়েছে, দুই দল যদি এক গ্রুপে থাকে, তাহলে রোনাল্ডোকে কলকাতায় খেলতে যেতে পারে।

# নভেম্বরে ইডেনে রাবাদাদের টেস্ট

মুম্বই, ৯ জুন : প্রত্যাশামাফিক রদবদল ভারতের আন্তজাতিক হোম সিরিজের সচিতে।

আসন্ন হোম সিরিজে ওয়েস্ট ইন্ডিজের পর দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে গুরুত্বপূর্ণ দ্বৈরথে মুখোমুখি হবে ভারতীয় দল। আর এই দুই সিরিজের একাধিক ম্যাচের কেন্দ্র বদল করা হয়েছে। আজ ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের তরফে প্রেস বিজ্ঞপ্তিতে সূচি বদলের কথা ঘোষণা করা হয়েছে। আর যে বদলের রেশ সরাসরি পড়ছে ইডেনের ওপর।

প্রাথমিকভাবে পূজোর পরই ১০ অক্টোবর ওয়েস্ট ইন্ডিজ-ভারতের দ্বিতীয় টেস্ট হওয়ার কথা ছিল ইডেন গার্ডেন্সে। পরিবর্তিত সূচিতে যা এখন হবে নয়াদিল্লির অরুণ জেটলি ক্রিকেট স্টেডিয়ামে। তারিখ একই থাকছে। বদলে দক্ষিণ আফ্রিকা-ভারত টেস্ট সিরিজের প্রথম ম্যাচ নয়াদিল্লি থেকে সরিয়ে কলকাতায় প্রথম টি২০ আসছে। ১৪ নভেম্বর শুরু সিরিজের উদ্বোধনী টেস্ট হওয়ার কথা থাকলেও যা এখন একই সময়ে অনুষ্ঠিত হবে ইডেনে।

বোর্ডের তরফে কেন্দ্র বদল সম্পর্কে কোনও কারণ ব্যাখ্যা করা হয়নি। যদিও

ওয়েস্ট ইন্ডিজ টেস্ট সিরিজ		
প্রথম টেস্ট	২-৬ অক্টোবর	আহমেদাবাদ
দ্বিতীয় টেস্ট	১০-১৪ অক্টোবর	নয়াদিল্লি
	দক্ষিণ আফ্রিকা টেস্ট সিরিং	<u> </u>
প্রথম টেস্ট	১৪-১৮ নভেম্বর	কলকাতা

দ্বিতীয় টেস্ট ২২-২৬ নভেম্বর গুয়াহাটি দক্ষিণ আফ্রিকা ওডিআই সিরিজ প্রথম ওডিআই ৩০ নভেম্বর দ্বিতীয় ওডিআই ৩ ডিসেম্বর রায়পুর

তৃতীয় ওডিআই ৬ ডিসেম্বর ভাইজাগ

দক্ষিণ আফ্রিকা টি২০ সিরিজ ৯ ডিসেম্বর কটক দ্বিতীয় টি২০ ১১ ডিসেম্বর নিউ চণ্ডীগড় তৃতীয় টি২০ ১৪ ডিসেম্বর ধরমশালা চতুৰ্থ টি২০ ১৭ ডিসেম্বর লখনউ

১৯ ডিসেম্বর

আহমেদাবাদ

নয়াদিল্লিতে শ্রীলঙ্কা-ভারত টেস্টে বায়ুদূষণ নিয়ে বিতর্ক হইচই ফেলে দিয়েছিল। দুই দলের একাধিক প্লেয়ার অসস্থ হয়ে পডে। গত কয়েক বছর নয়াদিল্লির বায়ুদূষণ, আবহাওয়ার পরিসংখ্যান খতিয়ে দেখেই এই পদক্ষেপ বিসিসিআইয়ের। ওয়েস্ট ইভিজ ম্যাচ সরছে দিল্লিতে

তথ্যাভিজ্ঞ মহলের ধারণা, নভেম্বরে রাজধানী

শহরের 'বায়ুদূষণ'-এর কথা মাথায় রেখে

আগাম সতর্কতা হিসেবে ম্যাচ কলকাতায়

সরানোর সিদ্ধান্ত। কয়েক বছর আগে

কেন্দ্র পরিবর্তন করা হয়েছে অস্ট্রেলিয়া-ভারত মহিলা দলের ওডিআই সিরিজেও। চেন্নাইয়ের এমএ চিদম্বরম স্টেডিয়ামে সংস্কারের কাজের কারণে ম্যাচ সরানো হচ্ছে। নতুন সূচিতে সিরিজের প্রথম দুইটি ম্যাচ হবে চণ্ডীগড়ের নতুন পিসিএ স্টেডিয়ামে। তৃতীয় এবং সিরিজের শেষ দুইটি ম্যাচ হবে নয়াদিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে।

পঞ্চম টি২০

করাচি, ৯ জুন : গায়ে ১৯৯৯ সালের বিশ্বকাপের জার্সি। বোলিং অ্যাকশনটাও অবিকল তাঁরই মতো। শরীরী ভাষাও তাঁর কথাই মনে করাবে। কিন্তু এরপরই যখন চোখ পড়বে মুখের দিকে, তখনই প্রথমে অবাক হয়ে যাবেন যে কেউ। তারপরেই হাসিতে ফেটে পড়বেন। ঠিক এই জিনিসটাই এখন ঘটছে ওয়াসিম আক্রামের মূর্তি নিয়ে নেটপাড়ায়।

এপ্রিল মাসে পাকিস্তানের নিয়াজ স্টেডিয়ামে একটি মূর্তি উন্মোচন করা হয়েছে আক্রমের। যার মুখ দেখে তাঁকে আদৌ আক্রম বলে বিশ্বাস করতে পারছেন না কেউই। যার পরে নেটপাড়ায় কেউ বলছেন, 'আক্রাম আদৌ জানেন তো যে এটা তিনি?' কিংবা কারও কথায়, 'মূর্তিটি ১০ শতাংশ সিমেন্ট আর ৯০ শতাংশ ডিসঅ্যাপয়েন্টমেন্ট দিয়ে তৈরি।' অনেকে আবার টেনে আনছেন ওয়াংখেড়ে স্টেডিয়ামে থাকা শচীন তেন্ডুলকারের মূর্তির প্রসঙ্গও, যেখানে মূর্তির মুখটি ছিল অবিকল স্টিভৈন স্মিথের মতো। সবমিলিয়ে. পাক কিংবদন্তিকে সম্মান জানাতে এই উদ্যোগের ফলাফল যে এমন হবে এটা হয়তো ভাবেননি কেউই।



*পাকিস্তানের হায়দরাবাদে বসেছে ওয়াসিম আক্রামের মূর্তি।* । গাভাসকারদের সঙ্গে কমেন্ট্রি টিমে।

# কমেদ্রিতে

লন্ডন, ৯ জুন : মাঠে জসপ্রীত বুমরাহ। কমেন্ট্রি বক্সে স্ত্রী সঞ্জনা গুণেশন। এমনই বিরল যুগলবন্দি ঘটতে চলেছে আসন্ন ভারত-ইংল্যান্ড সিরিজে। সম্প্রচারের সংস্থা সোনি স্পোর্টস নেটওয়ার্ক এদিন টেস্ট সিরিজের কমেন্ট্রি টিমের তালিকা ঘোষণা করেছে। যেখানে ইংরেজি ধারাভাষ্যকারদের তালিকায় সুনীল গাভাসকার, মাইকেল ভন, চেতেশ্বর পূজারা, নাসের হুসেন, মাইক আথারটন হর্ষ ভোগলেদের সঙ্গে রয়েছেন সঞ্জনাও। ক্রিকেট হিসেবে সঞ্জনা পরিচিত মুখ। এবার পদোন্নতি। সঞ্চালক থেকে

# ভারতের জন্য লর্ডসে 'নো এন্ট্রি' কামিন্সদের

## বুমরাহকে সামলাতে হিমসিম গিলরা

চ্যাম্পিয়নশিপ ফাইনাল।

রবিবার প্রস্তুতির অনুমতি পেল না ফাইনালের অন্যতম দল অস্ট্রেলিয়া! রবিবার লর্ডস কর্তৃপক্ষের এহেন কাণ্ডে রীতিমতো হইচই। যে বিতর্কে জড়িয়েছে ভারতীয় ক্রিকেট দলও! ইংল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টেস্টের জন্য ক্রিকেট মক্কায় প্রস্তুতি সারছেন শুভমান গিলরা। তাই প্যাট কামিন্সদের লর্ডসে 'নো এনট্রি'।

লর্ডসে অনুশীলনের ত্যাগ করতে বাধ্য হয় অস্ট্রেলিয়া দল। শেষপর্যন্ত অনেক কাঠখড় পোহাতে হয় বিকল্প প্র্যাকটিসের স্টেডিয়াম খুঁজে পেতে। তাও শহর থেকে প্রায় ঘণ্টা তিনেক দুরের প্র্যাকটিস স্টেডিয়ামে। রবিবারের যে ঘটনা ঘিরে বিতর্ক চরমে। অস্ট্রেলিয়া শিবির লর্ডস কর্তৃপক্ষের যে ব্যবহারে তীব্র ক্ষোভ প্রকাশ

শনিবার ভারতীয় দল লন্ডনে পা রাখে। এখানে শিবির করে প্রস্তুতি সারবে ২০ জুন হেডিংলিতে শুরু টেস্ট সিরিজের জন্য। রবিবার প্রথম প্রস্তুতি সেশনে সাত সকালে পূর্ব নির্ঘণ্ট মেনে লর্ডসে দল নিয়ে প্র্যাকটিসে নেমেও পড়েন গৌতম গম্ভীর। প্রথম প্র্যাকটিসে মূলত ফিটনেস কসরত, ফিল্ডিং অনুশীলনে জোর দেওয়া হয়। ব্যাটিং-বোলিংয়ের পথে পা বাড়ায়নি।

আর রবিবার লর্ডসে যখন শুভমানরা গা ঘামাচ্ছেন, তখন অস্ট্রেলিয়া দলকে নিয়ে নাটক চলছে। কামিন্সদের মুখের ওপর জানিয়ে দেওয়া হয় তাঁরা লর্ডসে প্র্যাকটিস করতে পারবেন না। ক্ষুব্ধ অজি শিবির লর্ডস কর্তৃপক্ষের যে আচরণে। দাবি, ভারতের টেস্ট সিরিজ শুরু হতে অনেক বাকি। টেস্ট ফাইনালের পরও দিন পাঁচেক হাতে সময় পেত। সেখানে ১১ তারিখ লর্ডসে শুরু বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল। তারপরও ভারতকে গুরুত্ব, অস্ট্রেলিয়াকে না!

ভারতীয় দল যদিও বিতর্কে ঢুকতে নারাজ। লক্ষ্য দ্রুত ইংলিশ কন্টিশনে মানিয়ে নেওয়া। আজ দ্বিতীয় দিনে তাই পুরোদস্তুর অনুশীলন। গতকাল নেট সেশন र्शन। আজ निए नाणिः, तालिः भवरे চলল। জসপ্রীত বুমরাহকে যেখানে দেখা গেল চেনা মেজাজেই। লাল ডিউক বল হাতে সতীর্থদের বিরুদ্ধে নেটে আগুন ঝরালেন। যা সামলাতে রীতিমতো হিমসিম খেতে দেখা গেল শুভমানদের।

অর্ধশতরান পৃথীর

রবিবার ডিওয়াই পাতিল স্টেডিয়ামে

ট্রাম্ফ নাইটস মুম্বই নর্থ ইস্টের সঙ্গে

খেলায় ওপেন করতে নেমে ৩৪ বলে

৭৫ রান করেন নর্থ মুম্বই প্যান্থার্সের

অধিনায়ক পথী। শেষমেশ তাঁর ব্যাটেই

৬ উইকেটে ২০৭ রানে পৌঁছায়

প্যান্থার্স। এরপর প্রতিপক্ষকে ৩৮ রানে হারালেও পৃথীর দল আগেই টুর্নামেন্ট

থেকে ছিটকে যাওয়ায় এই ফলাফল

বিশেষ কাজে আসেনি। তবে পৃথীর এই

পারফরমেন্সের পর তাঁর প্রত্যাবর্তনের

বেল্ট পরীক্ষা

স্পোর্টস ক্যারাটে অ্যাকাডেমির

ক্যারাটেকাদের বার্ষিক বেল্ট পরীক্ষা

রবিবার কোচবিহারের রাজারহাটে

অনষ্ঠিত হল। পরীক্ষক ছিলেন

মিঠনজিৎ বর্মন। মোট ৫৭ জন

**TENDER NOTICE** 

Notice Inviting e-Tender By The Undersigned of Ratua Gram Panchayat.

For Details Visit www.wbtenders.gov.ii

NIET No: 01/(e)/RGP/25, Memo No: 35 RGP/2025, DATE : 05.06.2025

NIET No : 02/(e)/RGP/25, Memo No : 35/ RGP/2025, DATE : 05.06.2025

NIQ No : 01/RGP/25, Memo No : 31/

RGP/2025, DATE: 05.06.2025 (For Details

Ratua Gram Panchaya

Visit Ratua Gram Panchayat Office)

পরীক্ষায় অংশ নিয়েছেন।

কোচবিহার, ৯ জন : কোচবিহার

আশা করছেন অনেকেই।

মুম্বই, ৯ জুন : অবশ্ৰেষে জ্বলে উঠল পৃথী শ–র ব্যাট। মুম্বই টি২০ লিগে

অনুশীলনের মাঝে ঋষভ পন্থ আঙুলে কি সিরিজের প্রথম টেস্টের প্রথম একাদশে চোটও পান। বরফ ঘষতেও দেখা যায় সাই সুদর্শনকে রেখেই প্রস্তুতিতে জোর অথচ, খেতাবি যুদ্ধের মঞ্চ লর্ডসে তাঁকে। তবে ফিটনেস নিয়ে আশ্বস্ত করে জানালেন, তিনি ঠিক আছেন। কোনও

গম্ভীরের ?



প্রস্তুতিতেও বল হাতে ঝড় তুলেছেন জসপ্রীত বুমরাহ। লর্ডসে সোমবার।

সমস্যা নেই। আজ দ্বিতীয় দিনে প্রস্তুতিতে তারই ঝলক। দয়ানন্দ গরানি ও রঘুর ছোড়া বলে ব্যাটিং করলেন কিছুক্ষণ। তারপর সোজা স্পিন নেটে। কুলদীপ যাদব, ওয়াশিংটন সুন্দর, রবীন্দ্র জাদেজা-স্পিন ত্রয়ীর বিরুদ্ধে শান দিলেন। তারপর যুমরাহ, প্রসিধ কৃষ্ণা, অর্শদীপ সিং, মহম্মদ সিরাজদের পেসের বিরুদ্ধে প্রস্তুতি।

বুমরাহ যেখানে বল হাতে, তখন ব্যাটিংয়ে নজর কাড়লেন ঋষভ। স্লগ সুইপ, রিভার্স সুইপ থেকে স্টেপআউট করে আগ্রাসী শট- সবই মিলল। একাধিকবার মিসও করলেন। হেডকোচ গৌতম গম্ভীরকে আবার দেখা গেল বি সাই সুদর্শনকে দীর্ঘ সময় দিতে। সুদর্শনের সঙ্গে আলাদাভাবে কথা বলতে দেখা যায় গম্ভীরকে। অনেকে যার থেকে দুয়ে দুয়ে চার করছেন। তাহলে হতে পারে।'

চিন্তাভাবনায় অনেক পরিবর্তনের হাতছানি। শেষপর্যন্ত প্রথম এগারোর চেহারা কী দাঁড়াবে বলা কঠিন। বিশেষত, হেডকোচের নাম যেখানে গম্ভীর।

এদিকে, তাঁর নামে ভারত-ইংল্যান্ড সিরিজের নামকরণে উচ্ছ্সিত জেমস অ্যান্ডারসন। প্রতিক্রিয়ায় জানান, বিশ্বাসই হচ্ছে না, এমন সম্মান তাঁর জন্য অপেক্ষা করছিল। তাও আবার শচীনের মতো কিংবদন্তির সঙ্গে 'তেন্ডুলকার-অ্যান্ডারসন' সিরিজের মর্যাদা। অ্যান্ডারসন বলেছেন, 'আমার কাছে যথার্থ অর্থেই কিংবদন্তি, যার খেলা দেখে বড় হয়েছি। একসঙ্গে প্রচুর ম্যাচও খেলেছি ওর বিরুদ্ধে। তার সঙ্গে এই সিরিজে আমার নাম জুড়ে যাওয়া, এর চেয়ে গর্বের আর কী-বা

# বিভেদ ভুলে কাজের অঙ্গীকার একসঙ্গে

একঢাহ পক্ষ

সোমবার বিকেলে বিদায়ি সচিব দেবাশিস দত্তকে সঙ্গে নিয়ে সচিব পদে মনোনয়নপত্র পেশ করলেন সূঞ্জয় বসু। এরপর ক্লাব লনে যৌথ সাংবাদিক সম্মেলন। সেখানে সূঞ্জয়ের সাফ ঘোষণা, মোহনবাগানের উন্নতির স্বার্থেই সমঝোতা। বলেছেন, 'আমরা অতীতেও একসঙ্গে কাজ করেছি। আবারও ক্লাবের উন্নতির স্বার্থে একত্রিত হলাম। এটা আমাদের কাছেও চ্যালেঞ্জ।' বিদায়ি সচিবের মুখেও হাতে হাত রেখে কাজের অঙ্গীকার। বলেছেন, 'আমাদের লড়াইটা মোহনবাগান ক্লাবের জন্য। দুই পক্ষের লক্ষ্য এক। আশা করি একসঙ্গে নতুন কমিটি মোহনবাগানকে আরও উচ্চতায় নিয়ে যাবে।

যদিও তলে তলে সদস্যদের একটা অংশের মধ্যে সমঝোতা নিয়ে অসন্তোষ রয়েছে। বিশেষত, শাসক গোষ্ঠীর অনুরাগীদের। তাদের অনেকেরই বক্তব্য, 'দেবাশিস দত্ত সচিব পদেই থাকতে চেয়েছিলেন। যার জন্য লড়াই করেছি আমরা। সেসবই বৃথা গেল।' এমন আক্ষেপও শোনা গেল, 'সঞ্জয় বসু বিনা যদ্ধে সচিবের আসন পেয়ে গেলেন। তবে যেখানে তাঁর মূল বক্তব্যই ছিল ক্লাবে 'গণতন্ত্র' মোহনবাগানী।'

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৯ জুন: আর ফিরিয়ে আনা। সমঝোতার পর সেই প্রসঙ্গে আমরা-ওরা নয়।' মোহনবাগান নিবচিনে এখন সূঞ্জয় বলেছেন, 'সদস্য-সমর্থকদের সঙ্গে গণতম্বের মূল ।ভাত্ত। আমর দুই পক্ষই সমর্থকদের সমস্যার কথা শুনেছি। এবার তাদের চাহিদা পুরণের চেষ্টা করব।'



মোহনবাগান ক্লাবে সাংবাদিক সম্মেলনে সঞ্জয় বস ও দেবাশিস দত্ত। ছবি : ডি মণ্ডল

সেইসঙ্গে দইপক্ষের নির্বাচনি ইস্তেহারে দেওয়া প্রতিশ্রুতিই পুরণ করা হবে বলে জানান দেবাশিস ও সৃঞ্জয়।

এই সমঝোতার পিছনে রাজনৈতিক হস্তক্ষেপের কথা শোনা গেলেও তা অস্বীকার একথাও ঠিক হারানো জায়গা ফিরে পেতে করেন দেবাশিস দত্ত। বলেছেন, 'ক্লাবের সঙ্গে তিনিও তো কম ঘাম ঝরাননি। রাজ্যের বিভিন্ন অনেক রাজনৈতিক ব্যক্তিত্ব যুক্ত রয়েছেন প্রান্তে সভা, জনসংযোগ কিছুই বাকি রাখেননি। একথা ঠিক। তবে আমাদের কাছে সবাই



৯০ রান করে ফিরছেন তনুষ কোটিয়ান। সোমবার।

### শেষ দিনেও ব্যাটিং দাপট ভারতের

ভারত 'এ'- ৩৪৮ ও ৪১৭/৭ (ডি.) ইংল্যান্ড লায়ন্স-৩২৭ ও ২০/১ (৬ ওভার পর্যন্ত)

নদাস্পিটন, ৯ জুন : বেসরকারি টেস্টের তৃতীয় দিনের অন্তিম সেশনে দৈখিয়েছিলেন লোকেশ রাহুল, অভিমন্যু ঈশ্বরণ। রাহুল ম্যাচের দ্বিতীয় অর্ধশতরান করেন। ঈশ্বরণ সেখানে থেমেছিলেন ৮০ রানে। আজ সেই দাপট বজায় রাখলেন ভারতীয় 'এ' দলের লোয়ার অর্ডার। যার হাত ধরে লিড চারশো পেরিয়ে যায়। শেষপর্যন্ত চা পানের বিরতিতে ৪১৭/৭ স্কোরে ইনিংসে ইতি টেনে দেয় ভারতীয় 'এ' দল। লিড দাঁডায় ৪৩৮। জবাবে শেষ খবর পাওয়া পর্যন্ত ৬ ওভারে ইংল্যান্ড লায়ন্স ২০/১।

এদিন ভারতীয় 'এ' দলের ইনিংসে নায়ক তনুষ কোটিয়ান। আট নম্বরে খেলতে নেমে ৯০ রানে অপরাজিত থাকেন। অবিচ্ছিন্ন অস্ট্রম উইকেটে পেস-অলরাউন্ডার অনশুল কম্বোজকে (অপরাজিত ৫১) নিয়ে ১৪৯ রান যোগ করেন। ৩৪ রান করেন শার্দুল ঠাকুরও। নীতীশকুমার রেডিডর ৪২। তবে টেস্ট দলের ব্যাটিং ব্রিগেডের অপর দুই প্রতিনিধি করুণ নায়ার (১৫), ধ্রুব জুরেল (২৮) রান পাননি এদিন।

# আজও জয় না পেলে চাপ বাড়বে ভারতের

কলকাতা, ৯ জুন: ভারত কি পারবে টানা ততীয়বার এএফসি এশিয়ান কাপে যোগ্যতা অর্জন করতে? আর সেটা করতে হলে মঙ্গলবারের ম্যাচ জেতা অত্যন্ত জরুরি, একথাই বলছে মানোলো মার্কুয়েজের টিম ইন্ডিয়া।

<sup>'</sup>গ্রুপ 'সি'-তে এখন চার দল একই জায়গায় দাঁড়িয়ে। মঙ্গলবার অন্য ম্যাচে মুখোমুখি হচ্ছে বাংলাদেশ-সিঙ্গাপুর। এই দুই ম্যাচের পরেই হয়তো গ্রুপে দলগুলির অবস্থানে বদল আসবে। গ্রুপ থেকে একটিই দল যেহেতু যোগ্যতা অর্জন করবে, তাই এখন চার দলই মরিয়া। থাইল্যান্ডের বিপক্ষে প্রীতি ম্যাচে ০-২ গোলে হেরে এলেও মানোলোর গলায় আত্মবিশ্বাসের সুর, 'আগের থেকে এবার আমাদের প্রস্তুতি অনেক ভালো হয়েছে। আগের ফিফা উইন্ডোর সময়ে আমরা প্রস্তুতির তেমন সুযোগ পাইনি। এবার কলকাতা, ব্যাংকক

#### এএফসি এশিয়ান কাপে যোগ্যতা অর্জন পর্বে আজ

হংকং বনাম ভারত

সময়: বিকেল ৫.৩০ মিনিট স্থান : কাইতাক স্টেডিয়াম সম্প্রচার: স্টার স্পোর্টস নেটওয়ার্ক

এবং এখানে এসেও বেশ কয়েকটা দিন পেলাম। ছেলেরা মাঠে নামার জন্য প্রস্তুত। নিজের দল প্রসঙ্গে তাঁর বক্তব্য, 'টানা জিতলে দলের মধ্যে একটা চনমনে ভাব থাকে। সেটা হয়তো আমরা পাইনি। তবে সেটুকু বাদ দিলে চাঙ্গাই আছে সকলে। কোঁচের সঙ্গে সাংবাদিক সম্মেলনে আসা চিঙ্গলেসানা সিংও বলেছেন, 'আমরা শারীরিক ও মানসিকভাবে ম্যাচের জন্য তৈরি।' এই বছর এখনও পর্যন্ত তিন ম্যাচ খেলে মালদ্বীপের বিপক্ষে একটা প্রীতি ম্যাচ ছাড়া কোনও জয় নেই ভারতের। বাংলাদেশের বিপক্ষে ড্র আছে একটা। মানোলো এরপরেও বলছেন তিনি চিন্তিত নন এসব নিয়ে, 'প্রীতি ম্যাচে কী হয়েছে এটা নিয়ে কোনও কোচই ভাবে না। আমরা তাই হংকং ম্যাচেই ফোকাস করছি। তবে এটাও বলব, থাইল্যান্ডের বিপক্ষে আমরা যা সুযোগ তৈরি করেছি তা কাজে লাগাতে পারলৈ ম্যাচের ফল অন্য হত।' ভারতের সমস্যা এখন এটাই। স্ট্রাইকাররা গোল মানোলো, 'যাই হোক না কেন, আমরা



হংকং ম্যাচের প্রস্তুতিতে লালিয়ানজুয়ালা ছাঙ্গতে। সোমবার।

পাচ্ছেন না বলেই চাপ পড়ছে ডিফেন্সের উপর। আগের দিন সুনীল ছেত্রী দু'বার সযোগ তৈরি করে দিলেও তিনি এখন আগের ছায়া। বরং পরে নেমে সুহেল আহমেদ বাট ও লালিয়ানজয়ালা ছাঙ্গতে বেশকিছু সুযোগ তৈরি করে নেন। এই ম্যাচেও এই দুজনের পরে নামার সম্ভাবনাই প্রবল। সেই সুনীলকে সামনে রেখেই হয়তো দল নামাবেন মানোলো। ডিফেন্সেও চোটের জন্য শুভাশিস বসুর না থাকাটা বড় সমস্যা হতে পারে।

কাই তাক স্টেডিয়ামে মঙ্গলবারই প্রথম ম্যাচ খেলার হবে। যা খবর তাতে ৫০ হাজার টিকিটের সবটাই প্রায় নিঃশেষিত। সোমবার এই মাঠে এক ঘণ্টা অনুশীলনের সযোগ পায় ভারতীয় দল। মাঠের এবং গ্যালারির ওই বিশাল জনতার সঙ্গে তাঁরা মানিয়ে নিতে চেষ্টা করবেন বলে জানান

ম্যাচটা উপভোগ করতে চাই।' এই স্টেডিয়ামে এবার প্রথম খেলবে হংকংও। দলের কোচ অ্যাসলে ওয়েস্টউড যেমন ফুটবলারদের কাছে পরিচিত তেমনি তাঁরও পরিষ্কার ধারণা আছে এদেশের ফুটবল সম্পর্কে। তিনি এদিন বলেছেন, 'আমি যখন ভারতে যাই তার থেকে অনেক উন্নতি হয়েছে ওদেশের ফুটবলের। আর এই কোচও খুব ভালো। আইএসএলে এবং এখন জাতীয় দলের হয়ে ভালো কাজ করছেন। তবে আমার দলও খুব তরতাজা অবস্থায় আছে। ভালো ফলের আশা করছি।' এর আগে আফগানিস্তানের কোচ হিসাবে ভারতের বিশ্বকাপ বাছাই পর্বে যাওয়ার রাস্তা তিনিই আটকে দেন গুয়াহাটিতে সনীলদের হারিয়ে। এবারও তাই শুরু থেকেই সতর্ক ভারতীয় দল। কারণ না জিততে পারলে চাপ প্রবল হবে

# বিনা লড়াইয়ে সচিব হতে চলেছেন সৃঞ্জয়

চচ্ছে না। দেবাশিস দত্ত ও সঞ্জয়ের মিলিত প্যানেলই মনোনয়পত্ৰ জমা দেওয়ার শেষদিনে একযোগে মোট ২২ জনের নাম বিভিন্ন পদের জন্য জমা দিয়ে গত মাস দয়েক ধরে চলা নির্বাচন নাটকের পরিসমাপ্তি করলেন।

সপ্তাহখানেক ধরেই রাজ্যের শাসকদলের মধ্যস্থতায় যে দুই পক্ষের এক হয়ে যাওয়ার কথাবার্তা নীচে মোহনবাগানের অফিসঘরে হাওয়ায় ভাসছিল। দিন দুয়েক আগে যুযুধান দুই গোষ্ঠীর নৈতা দেবাশিস ও সঞ্জয় সর নরম করে এক হওয়ার ইঙ্গিত নিজেরাই দিয়ে দেন। এদিন তার যবনিকাপাত হল বিকেল সাড়ে ৪টা নাগাদ। রাজ্যের শাসক দলের নির্দেশেই এই দুই তরফের 'মিলিজুলি সরকার' বলে বাতাসে খবর। বিকেল নাগাদ সদলবলে এসে দুই গোষ্ঠীর তরফে তৈবি হওয়া পানেল একসঙ্গে অবসরপ্রাপ্ত বিচারপতি অসীমকুমার দুপুর থেকেই মোহনবাগান ক্লাব এবং সংলগ্ন অঞ্চল ঘিরে বিশাল ছিল নজরে পড়ার মতো। প্রায় সাড়ে ১২টা নাগাদ ক্লাবে চলে আসেন তাও প্রায় পরিষ্কার করে দেওয়া হয়।

বসুকে সঙ্গী করে বর্তমান সচিব দেবাশিস দত্ত এসে পৌঁছাতেই চাঞ্চল্য বাডে। এরপর সাডে ৪টায় সদলবলে ক্লাবে ঢোকেন সূঞ্জয়। তিনি আসতেই প্রবল গর্জন ওঠে, 'জয় মোহনবাগান, জয় সৃঞ্জয় বসু।' এই সময়ে ক্লাবে ছিল থিকথিকে ভিড়। এরপর দুই পক্ষ এক হয়ে গ্যালারির

#### বাগানে মধুরেণ সমাপয়েৎ

নির্বাচন পরিচালন কমিটির প্রধানের কাছে মনোনয়নপত্র জমা করতে যান। সঞ্জয়দের সঙ্গে যান বর্তমান কমিটির দুই সহ সভাপতি সৌমিক ও কুণাল ঘোষও। এরপর সূঞ্জয় রায়ের হাতে দেওয়া হয়। এদিন ও সৌমিককে সঙ্গে নিয়ে ক্লাব লনে সাংবাদিক সম্মেলন করেন দেবাশিস। এদিন তিনি নিজে কোনও সংখ্যায় আসা পুলিশি তৎপরতাও মনোনয়নপত্র জমা দেননি। তিনিই সভাপতি হতে চলেছেন, এদিন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৯ নিব্যচন পরিচালন কমিটির প্রধান তবে টুটু বসু মাথার উপর অভিভাবক জুন : প্রত্যাশামতোই মোহনবাগানের অসীমকুমার রায়। ক্লাবে তাঁবুতে হিসাবেই থাকবেন বলে জানান পরবর্তী সচিব হতে চলেছেন সঞ্জয় বাড়তে থাকে সদস্য-সমর্থকদের দেবাশিস। এদিন বাদ পড়াদের মধ্যে বস। ক্লাবে কোনও নিবাৰ্চন সম্ভবত ভিড়ও। বিকেল ৪টা নাগাদ সৌমিক বৰ্তমান কোষাধ্যক্ষ উত্তম সাহা, সঞ্জয়ের প্রচার সঙ্গী শৌশর ঘোষ এবং ছায়াসঙ্গী একদা ক্লাবের ম্যানেজার হিসাবে অতিপরিচিত সঞ্জয় ঘোষের নাম লক্ষণীয়। তিনি সিপিএম-এর একনিষ্ঠ কর্মী বলেই বাদ দিতে বাধ্য করা হল বলে গুঞ্জন। তেমনি আবার বিজেপি নেতা কল্যাণ চৌবের স্ত্রী সোহিনী মিত্র চৌবের ঢুকে পড়া নিয়েও প্রশ্ন উঠেছে।

সৃঞ্জয় ছাড়া যাঁরা বিভিন্ন পদে মনোনয়নপত্র দিলেন- সত্যজিৎ চট্টোপাধ্যায় (সহসচিব), সন্দীপন বন্দ্যোপাধ্যায় (কোষাধ্যক্ষ), সুরজিৎ বসু (অর্থ সচিব), শাশ্বত বসু (মাঠ), স্বৰ্পন বন্দ্যোপাধ্যায় (ফুটবল), পিন্টু বিশ্বাস (অ্যাথলেটিক্স), শ্যামল মিত্র (হকি), সিদ্ধার্থ রায় (টেনিস), সম্রাট ভৌমিক (ক্রিকেট), শিলটন পাল (ইয়ুথ ডেভেলপমেন্ট)। কার্যনিবাহী সমিতির বাকি সদস্যরা হলেন- মুকুল সিনহা, সোহিনী মিত্র চৌবে, সোমেশ্বর বাগুই, কাশীনাথ দাস, দেবপ্রসাদ মুখোপাধ্যায়, সুদীপ্ত ঘোষ, রঞ্জন বসু, পার্থজিৎ দাস, সঞ্জয় মজুমদার ও অনুপম সাহু। এর বাইরে আরও দুই-একটি মনোনয়নপত্র জমা পড়েছে বলে জানা গিয়েছে।

#### স্টেডিয়াম সরানোর ভাবনা

### এবার আদালতে যাচ্ছে আরসিবি

বেঙ্গালুরু, ৯ জুন : বেঙ্গালুরু পুলিশের দায়ের করা ক্রিমিন্যাল কেসের বিরুদ্ধে আদালতের শরণাপন্ন রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। কণার্টিক হাইকোর্টে পালটা আর্জি জানানোর সিদ্ধান্ত নিয়েছে আইপিএল জয়ীরা। বিজয়োৎসব ঘিরে ৪ জুন পদপিষ্টের মুমান্তিক ঘটনা ঘটে। ঘটনায় ১১ জন

মারা যান। আহত হন ৪০ জনের বেশি।

ঘটনার প্রোক্ষতে স্থানীয় কবন পার্ক স্টেশনে আরসিবি, ইভেন্ট ম্যানেজার ডিএনএ এন্টারটেইনমেন্ট, কণার্টিক রাজ্য ক্রিকেট সংস্থার (কেএসসিএ) বিরুদ্ধে এফআইআর দায়ের হয়। ঘটনার তদন্তের ভার তুলে নিয়েছে ক্রিমিন্যাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট। গ্রেপ্তার হয়েছেন আরসিবি-র মার্কেটিং প্রধান নিখিল সোসালে।

গ্রেপ্তারি নিয়ে সাময়িক বক্ষাকবচ আদায় কবে নিয়েছে কেএসসিএ। সেই পথে এবার আরসিবি আধিকারিকরা।

এদিকে, এম চিন্নাস্বামী স্টেডিয়ামকে ঘিরে মমান্তিক ঘটনার জেরে ক্রিকেট স্টেডিয়ামকেই শহরের বাইরে সরানোর কথা ভাবছে কণাৰ্টক

সরকার। রাজ্যের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া এমনই ইঙ্গিত দিয়েছেন। বেঙ্গালুরুর শহরে প্রায় মূলকেন্দ্রে চিন্নাস্বামী। ফলে এই ধরনের ঘটনা আগামী দিনে ঘটার সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। এক প্রশ্নের উত্তরে সিদ্দারামাইয়া জানিয়েছেন, এরকম ঘটনার পুনরাবৃত্তি কোনও সরকারই চাইবে না। ব্যক্তিগতভাবে প্রত্যেকেই মর্মাহত। বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। এমনকি ক্রিকেট স্টেডিয়াম অন্তে সবানোব কথাও ভাবা হচ্ছে।

# ডিয়ার সাপ্তাহিক লটারির ফারিদাবাদ-এর এক বাসিন্দ



হারিয়ানা, ফারিদাবাদ - এর একজন বাসিন্দা দিতা পান্ডে -

সাগুহিক লটারির 81D 66651 নম্বরের টিকিট এনে দের এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি क्या निरम्ध्या विक्रमिनी वनरनन "আমি এখনও বিশ্বাস করতে পারছি না যে ডিয়ার পটারির মাধ্যমে আমি এক কোটি টাকার প্রথম পুরস্কার জিতেছি! এটা সত্যিই স্বপ্ন প্রণের মতো। আমার মতো সাধারণ মানুষের জীবন পরিবর্তনের একটি বাস্তব সুযোগ দেওয়ার জন্য আমি নাগাল্যান্ড রাজ্য লটারি এবং ডিয়ার লটারিকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। আপনি যেই হোন না কেন, এই লটারি সবাইকে সমান সুযোগ দেয়।" ভিয়ার লটারির প্রতিটি ছ সরাসরি দেখানো হয় তাই কে এর সততা প্রমাণিত।



চ্যাম্পিয়ন হওয়ার পর জনি কোচিং সেন্টার। ছবি : শিবশংকর সূত্রধর

## সেরা জনি কোচিং সেন্টার

কোচবিহার, ৯ জুন: জেলা ক্রীড়া সংস্থার প্রফুল্লকুমার ঘোষ ও রানিবালা ঘোষ ট্রফি মহিলা ফুটবলে চ্যাম্পিয়ন হল জনি কোচিং সেন্টার। সোমবার ফাইনালে তারা টাইব্রেকারে ৫-৪ গোলে দেশবন্ধু স্পোর্টিং ক্লাবকে হারিয়েছে। কোচবিহার স্টেডিয়ামে নিধারিত সময়ে ম্যাচ ২-২ ছিল। জনির বিশাখা বর্মন জোড়া গোল করেন। দেশবন্ধুর গোল দুইটি পিংকি দাস ও প্রিয়াংকা রায়ের। ফাইনালের সেরা দেশবন্ধর পিয়া রায়। তাঁকে নীলমণি হাজরা ও প্রতিমা হাজরা ট্রফি দেওয়া হয়েছে। প্রতিযোগিতার সেরা ও সবাধিক গোলদাতা বিশাখা। সেরা উদীয়মান ফুটবলার মাথাভাঙ্গা মহকুমা ক্রীড়া সংস্থার মোনালিসা বর্মন। পুরস্কার তুলে দেন পুরসভার চেয়ারম্যান তথা জেলা ক্রীড়া সংস্থার সহ সভাপতি রবীন্দ্রনাথ ঘোষ, সচিব সুব্রত দত্ত প্রমুখ।

#### হারল উত্তর দিনাজপুর

**বালুরঘাট, ৯ জুন** : সিএবি-র আন্তঃ জেলা অনুধর্ব-১৮ ছেলেদের একদিনের ক্রিকেটে বালুরঘাট কেন্দ্রের খেলা সোমবার শুরু হল। উদ্বোধনী ম্যাচে দক্ষিণ ২৪ পরগনা ৪ উইকেটে দিনাজপুরকে হারিয়েছে। বালুরঘাট স্টেডিয়ামে উত্তর দিনাজপুর প্রথমে ৪২.১ ওভারে ১২৩ রানে অল আউট হয়। সঞ্জীব মণ্ডল ৩০ ও রেজাউন আনসারি ১৯ রান করে। হাষিকেশ সরদার ১১ রানে ও ম্যাচের সেরা শেখ রেহান আলি ৩৩ রানে পেয়েছে ৩ উইকেট। জবাবে দক্ষিণ ২৪ পরগনা ২৯.১ ওভারে ৬ উইকেটে ১২৭ রান তুলে নেয়। আয়ুষ রায় ২৭



ম্যাচের সেরা শেখ রেহান আলি। ছবি : পঙ্কজ মহন্ত

ও সম্রাট চক্রবর্তী ২০ রান করে। মজাফফর আহমেদ ২২ ও রেজাউন

### যোগাসনে চ্যাম্পিয়ন জাগৃতি

াদনহাটা, ৯ জুন : কাঁচরাপাড়ায় জাতীয় রিদমিক চ্যাম্পিয়ন যোগাসনে দিনহাটা মহামায়াপাট ব্যায়াম বিদ্যালয়ের জাগৃতি আচার্য। প্রতিযোগিতায় জাগুতি মেয়েদের ৬-১০ বছর বিভাগে নেমেছিল। এই বিভাগে দ্বিতীয় ও তৃতীয় যথাক্রমে মনিত বর্মন ও সৌহার্দ্য বিশ্বাস। জাগৃতি ছাড়াও ছেলেদের ১০-১৫ বছর বিভাগে মহামাযাপাটেব

অনিবার্ণ কর্মকার চতুর্থ, সূর্য সাহা ষষ্ঠ ও রাজবীর কর্মকার অষ্টম হয়েছে। টিম ইভেন্টে সপ্তম হয়েছে জাগৃতি-অন্বেষা সাহা। মনিত-অনিবার্ণ নবম হয়েছে।



জয়ের পর জাগৃতি আচার্য।

ধূপগুড়ি, ৯ জুন : রবিবার বিকেলে ধূপগুড়ি হাইস্কুলে এক মহকুমা এলাকায় সক্রিয় রেফারিরা সভার মাধ্যমে গঠিত হল মহকুমা মিলে ২৫ জন এদিনের সভায় হাজির

স্তবের <u>রেফারিদের</u>

থাকা ধূপগুড়ি মহকুমার অন্তর্গত সংস্থা গড়া হল। এদিনের সভা থেকে নবগঠিত সংস্থার আট জনের কার্যনিবাহী সমিতি গঠিত হয়েছে। রেফারি সংস্থা। জাতীয় এবং রাজ্য ছিলেন। সভার সিদ্ধান্ত অনুসারে যার সভাপতি, সচিব ও কোষাধ্যক্ষ লিগ চালু করা।

জেলা রেফারি সংস্থার অধীনে নিবাচিত হয়েছেন যথাক্রমে নারায়ণ দে সরকার, প্রণয় সাহা এবং সুব্রত রেফারিরা মিলে মইকুমা রেফারি ধর। নতুন মহকুমা রেফারি সংস্থার সচিব বলৈছেন, 'আমাদের দাবি দ্রুত ধূপগুড়ি মহকুমা ক্রীড়া সংস্থা গঠন এবং মহকুমা প্রথম ডিভিশন